আরম্ভ সূচনা

১ যাহাতে পূর্ব্বকালীন উপাখ্যান কিম্বা বিবরণ রচিত থাকে তাহাকে ইতিহাস গ্রন্থ কহা যায়। ইতিহাসবক্তার এই কর্ম্ম যে তিনি নানাজাতীয় লোকের রাজ্য পরিবর্ত্তনাদির উদ্দেশ করিয়া বর্ণন করেন ও যথার্থরূপে সকলের বৃত্তান্ত ব্যক্ত করেন এবং সকল কর্ম্মের কারণানুসন্ধান করিয়া তাহার ফল প্রকাশ করেন।

২ পূর্ব্বকালে ইতিহাস জানিবার উপায় কেবল পরম্পরাসিদ্ধ গল্প ছিল এবং বৃহৎ২ কর্ম্মসমূহের স্মরণ থাকিবার নিমিত্তে লোকসমাজে তত্তদ্বিষয়ের আখ্যান হইত।

৩ পূর্ব্বকালীন বৃহৎ২ ঘটনার স্মরণ রাখিবার উপায়ান্তর ইতিহাসসূচক কবিতা ছিল ইহাতেই ভট্টেরদিগের কর্ম্ম সোপান হয় এবং ঐ কবিতা রচনা করাই কেবল তাহারদিগের ব্যবসায় ছিল।

৪ অপর স্তম্ভাদিনির্ম্মাণদ্বারা ও ইতিহাসের স্মরণ থাকিত অর্থাৎ কোন অদ্ভুত ঘটনা হইলে তৎস্মরণার্থ স্তম্ভ ও উত্তমং প্রাসাদাদি নির্ম্মিত হইত।

৫ মুদ্রা ও মুদ্রিত অলঙ্কার ও শাসন* ইতিহাসসূচক স্তম্ভতুল্য ছিল কিন্তু জ্ঞানের অধিক প্রাচুর্য্য হওনাবধি লিখন ও পঠন ও রাজকীয় নিয়মাদিদ্বারা বৃত্তান্ত সকল ধারামত প্রচারিত হইয়া চিরস্মরণীয় হইল।

৬ ইতিহাস এই কএক প্রকারে বিভক্ত হইতে পারে। যথা সাধারণ ও বিশেষ অথবা দেশসম্বন্ধীয় ও যুদ্ধসম্বন্ধীয় ও ধর্ম্মবিষয়ক। যাহাতে জাতিসমূহের ও তাহারদিগের রাজ্যবিষয়ক তাবৎ বৃত্তান্ত ব্যক্ত হয় সেই সাধারণ ইতিহাস এবং যাহাতে ব্যক্তিবিশেষের ও কালবিশেষের বৃত্তান্তমাত্র জানা যায় সেই বিশেষ ইতিহাস এবং কাল সহকারে ঐ সকল ইতিহাস প্রাচীন ও নব্য হয়।

৭ যথা পৃথিবীর সৃষ্টি কালাবধি ক্রিষ্টীয়ান ৮০০ শকে শারল্‌মেনের যে রাজত্বকাল অর্থাৎ

* কোন ধাতু বা প্রস্তরাদির উপর খোদিত কর্ম্মবিশেষের বৃত্তান্ত।

যে কালের মধ্যে রুম্ রাজ্যের হ্রাস ও ধ্বংস হয় সেই পর্য্যন্তের বিবরণ প্রাচীন ইতিহাস। তাহার পর অবধি বর্ত্তমানকাল পর্য্যন্তের উপাখ্যানকে নব্য ইতিহাস কহা যায়।

৮ জলপ্লাবন এবং আসাইরিয়া ও পর্শিয়া ও গ্রীস্ ও রুম্ এই চারি মহারাজ্যের সৃষ্টি ও স্থিতি এবং প্রলয় হওন জন্য যে সকল যুদ্ধ ও উপপ্লব ও অন্যং ঘটনা হইয়াছিল তাহার দ্বারা প্রাচীন ইতিহাস অতিপ্রসিদ্ধ হইয়াছে।

৯ ক্রিষ্টিয়ান্ ও মুসলমান্ ধর্ম্মের প্রচার ও প্রাদুর্ভাব ও ফিউডেল্ সিষ্টেম্নামক রাজকীয় নিয়মবিশেষ ও ক্রূসেড্ অর্থাৎ জিরুসেলম্ নামক নগর উদ্ধারার্থে যুদ্ধ ও স্পিরিট্ আব্ শিবলরি অর্থাৎ অশ্বারূঢ় হইয়া লোকেরদিগের নানা দেশ ভ্রমণোৎসাহ ওমুদ্রাযন্ত্রের সৃষ্টি ও রিফার্মে- শন্ অর্থাৎ সদ্ধর্ম্মসংস্থাপন ও আমেরিকা নামক মহাদ্বীপ প্রকাশ এবং বিদ্যার পুনঃপ্রাদু র্ভাব এই সকল কর্ম্মদ্বারা নব্য ইতিহাস প্রসিদ্ধ হয়।

১০ ঈশ্বরের প্রিয়পাত্র অর্থাৎ জিউজাতির দিগের উপাখ্যান যেরূপ প্রাচীন ও নব্য টেষ্ট মেণ্টে অর্থাৎ ধর্ম্মপুস্তকে লিখিত আছে তাহা ধর্ম্ম বিষয়ক ইতিহাস এবং কবিতা ও মুদ্রা ও শাসন ও ইতিহাসবক্তারদিগের গ্রন্থহইতে প্রাপ্ত যেং বিবরণ তাহা সাংসারিক ইতিহাসের অন্তর্গত।

১১ সাধারণ ইতিহাস কএক যুগে বিভক্ত হইয়াছে তাহার প্রত্যেক যুগে এক২ প্রলয় কিম্বা উপপ্লব সৃষ্টিমধ্যে কিম্বা রাজ্যমধ্যে অথবা জাতি সকলের মধ্যে উপস্থিত হইয়াছিল।

১২ সৃষ্টি অবধি জলপ্লাবন পর্য্যন্ত যে সকল ব্যাপার হইয়াছিল তাহা প্রথম যুগান্তঃপাতী।

১৩ সৃষ্টির ন্যূনাতিরেক ১৬৫৬ বৎসরের পরে জলপ্লাবন হয় তদবধি দ্বিতীয় যুগারম্ভ এবং সাংসারিক ইতিহাসারম্ভপর্য্যন্ত তাহার সীমা। বেবিলোনিয়া এবং আসাইরিয়া রাজ্যের বৃত্তান্ত ও কার্থেজ্ ও রূম্ রাজ্যের স্থাপনা এই যুগ মধ্যবর্ত্তী হয়।

১৪ শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট সাইরস্ রাজার সময়াবধি শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেক্জাণ্ডর্ ভূপতির সময় পর্য্যন্ত তৃতীয় যুগ।

১৫ আলেক্সাণ্ডরের মহারাজ্যহইতে যে চারি রাজ্য উৎপন্ন হয় তাহার বিবরণ এবং রুম্ ও কার্থেজ্ দেশীয় যুদ্ধবৃত্তান্ত চতুর্থ যুগে আছে।

১৬ রোমাণেরদিগের জয় ও রাজ্যের অতিশয় উন্নতি এবং ট্রেজানের মৃত্যু পর্য্যন্ত বিবরণ পঞ্চম যুগে ব্যক্ত হয়।

১৭ ট্রেজানের মৃত্যু অবধি কানষ্টাণ্টাইনকর্তৃক রাজ্যবিভাগ এবং পশ্চিম মহারাজ্যের হ্রাস এবং ধ্বংস পর্য্যন্ত ষষ্ঠ যুগ।

১৮ কানষ্টাণ্টাইনের রাজত্ব ও পশ্চিম রাজ্য বিনাশাবধি শারল্মেনের অধিকার পর্য্যন্ত সপ্তম যুগ।

১৯ ক্রিষ্টিয়ান ৬২২ শকে মহম্মদের পলায়নাবধি টর্ক ও সারাসেন্ জাতিরদিগের জয় ও সাংসারিক বিষয়ে রুমীয় মহামহা ধর্ম্মাধ্যক্ষের আধিপত্যস্থাপন এবং জিরুসেলম্ নগর উদ্ধারার্থ যুদ্ধ পর্য্যন্ত অষ্টম যুগ।

২০ জিরুসেলম্ নগর উদ্ধারার্থ যুদ্ধাবধি আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ ও সদ্ধর্ম্ম সংস্থাপন পর্য্যন্ত নবম যুগ।

২১ ন্যূনাতিরিক্ত ক্রিষ্টিয়ান্ ১৪৫০ শকে সদ্ধর্ম্ম সংস্থাপন অবধি ফ্রেঞ্চরাজ্যের উপপ্লব ও নেপোলিয়ন্ রাজার রাজ্যবিনাশ পর্য্যন্ত পৃথিবীর যে ইতিহাস তাহা দশম যুগান্তর্গত ।

প্রাচীন ইতিহাস।

সৃষ্টিঅবধি ভাষার বিভিন্নতা পর্য্যন্তের
বিবরণ।

২২ ক্রাইষ্ট জন্মিবার ৪০০৪ বৎসর পূর্ব্বে পরমেশ্বর ৬ দিনে পৃথিবী সৃষ্টি করিয়া কহিলেন যে তাবৎ বস্তুই অতি উত্তম হইয়াছে।

২৩ পরে পৃথিবীর সৃষ্টির ১৬৫৬ বৎসর পরে ও ক্রাইষ্টের জন্মের ২৩৪৮ বৎসর পূর্ব্বে এক মহা জলপ্লাবনদ্বারা পূর্ব্বকালীন লোকেরদিগের পাপের দণ্ড হইয়াছিল ঐ জলপ্লাবনে নোয়া ও তাঁহার পরিবার ব্যতিরিক্ত তাবৎ মনুষ্যই নষ্ট হইয়াছিল।

২৪ ঐ সর্ব্বসাধারণ উৎপাতদ্বারা মনুষ্যের আয়ুঃ অত্যন্ত ক্ষীণ হয় ও নানা উৎকট রোগ জন্মে যদ্দ্বারা অদ্যাবধি মনুষ্যজাতির অতিশয় ধ্বংস হইতেছে।

২৫ নোয়ার তিন পুত্র জাফেট্‌ ও হাম্‌ ও শেম ইহারদিগের দ্বারা প্রথম জাতির সৃষ্টি হয় পশ্চিম দিকের অনেক অংশে জাফেট্‌ কর্ত্তৃক বসতি

হয় এবং হাম্ ইজিপ্টদেশের লোককর্তৃক দেবতার ন্যায় পূজিত হইয়াছিলেন এবং শেম্ আপনার সন্তান হিব্রুজাতিরদিগের নিকটে দেবতার ন্যায় মান্য ছিলেন ।

২৬ অনন্তর মনুষ্যেরা এতাদৃশ এক গৃহ নির্ম্মাণ করিতে অনর্থক চেষ্টা পাইয়াছিল যে তাহার চূড়া গগণস্পর্শ করে এইপ্রযুক্ত পরমেশ্বর তাহারদিগের মধ্যে ভাষার বিভিন্নতা করিলেন তাহাই মনুষ্যের-দিগের প্রথম ছিন্নভিন্ন হইবার কারণ ।

২৭ এই অনুমান হয় যে যে দুই রাজ্যের নাম এক্ষণে আসাইরিয়া ও বেবিলোনিয়া হইয়াছে তাহাতে জলপ্লাবনের পর নিম্রোড্ প্রথম রাজা হইয়াছিলেন ।

টিপ্পনী ।

১ ইহার পূর্ব্বে তাবৎ বিদ্যাই মুখভারতীতে ছিল ও গদ্য গীতের দ্বারা পিতা পুত্রেরদিগকে বিদ্যাশিক্ষা করাইতেন ধারামত কোন অধ্যয়ন ছিল না বিদ্যার আদি স্থান কাল্ডিয়া ও ইজিপ্ট ও পেলেষ্টিন্ এবং তৎকালে প্রায় তাবৎবিদ্যাই যাজকেরদিগের হস্তগতা ছিল । মোশেস্ ও টায়াট্ যাঁহার নামান্তর টথ্ এবং জর্ডষ্ট যাহাকে সচরাচর জোরোষ্টর্ বলিত তাঁহারা এবং থেলিস্ ও পাইথাগোরাস্ এই কয় লোকের দৃষ্টান্ত এবং তাঁহারদিগের কৃতগুণ বিদ্যার প্রথমাবস্থায় অত্যন্ত মান্য ছিল । ইজিপ্টদেশ

মধ্যবর্ত্তি মেম্ফিস্ ও হিলিওপোলিস্ এবং থিবস এই কএক নগর বিদ্যার প্রধান স্থান ছিল । বেবিলন্ নগরে বিলসের দ্বারা খগোলবিদ্যার এক পাঠশালা এবং বিদ্যাবিষয়ক এক [illegible] স্থাপিতা হইয়াছিল । অনুমান হয় যে প্যালেষ্টিন্ দেশে লেবিটান্ কর্ত্তৃক কাব্যশাস্ত্র ও গীত বাদ্যাদি শিক্ষার এক পাঠশালা স্থাপিতা হইয়াছিল এবং তৎকালাবধি য়িহুদিরা নানা চেষ্টা [illegible] করিয়াছিল । এথেন্স ও মিলা ও কোশিয়া ও কাইরিন এই কএক স্থানে গ্রীকজাতিরদিগের বিদ্যালয় ছিল পাইথেগোরাস্ ইটালিদেশে এক পাঠশালা স্থাপন করিয়াছিলেন ।

২ আদি উপাখ্যান সকল গল্প এবং হিতোপদেশের দ্বারা সংযোজিত হইয়া কবিতায় রচিত হইত । যে সকল ইতিহাসগ্রন্থ এক্ষণে লিখিত গ্রন্থ অদ্যাবধি আছে তাঁহাদিগের মধ্যে মোসেসকৃত অত্যন্ত প্রাচীন বলা যায় । হিব্রুজাতিরা পের্শিয়র অধীন না হওয়া পর্য্যন্ত তাহারদিগের মধ্যে ক্রমাগত ইতিহাস রচনা করক ছিল এবং ইজিপ্টদেশের বৃত্তান্ত [illegible] লিখিত হইত তাহার অর্থ কেবল যাজকেরাই বুঝিতেন । হিরোডোটসের লিপিদ্বারা বোধ হয় যে পূর্ব্বকালে ফিনিশিয়া দেশস্থলোকেরদিগের মধ্যেও ইতিহাসবক্তা ছিল কিন্তু তাহারদিগের মধ্যে কেবল সেঙ্কোনিয়েথনের নাম আমরা অবগত আছি তৎকালে যে সকল ইতিহাসবক্তা ছিলেন তাঁহারদিগের মধ্যে হিরোডোটস্ ও থিউসিডাইডিস্ ও জেনোফন্ ও টিমিয়স্ নামক যে কএক জন গ্রীসদেশীয় ইতিহাস সংগ্রহকারক তাঁহারাই বড় প্রসিদ্ধ ছিলেন । এবং ওলিম্পিক্ গেম্ নামক উৎসবের দ্বারা তাঁহারা শকের নির্ণয় করিতেন ।

৩ ক্রাইষ্ট জন্মিবার ৩৪০ বৎসর পূর্ব্বে বাইবেল্ ইতিহাস সমাপ্ত হয়। এবং তাঁহার জন্মের ২৮৪ বৎসর পূর্ব্বে বাইবেল্ গ্রীক ভাষায় প্রকাশ হয়। পরে আথেল্‌ষ্টন্ রাজার আজ্ঞানুসারে সাকসন্ ভাষায় প্রকাশ হয় তদনন্তর ক্রিষ্টিয়ান্ ১৩৫৬ শকে ফ্রেঞ্চ ভাষায় প্রকাশ হয় ও ক্রিষ্টিয়ান্ ১৪৯২ শকে লাটিন্ ভাষায় বাইবেল্ প্রথম মুদ্রিত হয়। এবং এই কথিত আছে যে দ্বিতীয় রিচার্ডের রাজত্ব কালীন কারণওয়াল্ দেশস্থ ট্রিবিসেস্‌নামক এক ব্যক্তির দ্বারা ঐ গ্রন্থ ইঙ্গ্রাজী ভাষায় প্রকাশ হয়। ১৫৩৯ শকে সকলকেই বাই-বেল্ পাঠ করিবার অনুমতি হয় পরে ১৫৪৯ শক অবধি ধর্ম্মালয়ে পাঠ হইতে আরম্ভ হয়। ১৫৬৭ শকে বাইবেল্ ওয়েল্ ভাষায় প্রকাশ হয়। ইংরাজী ভাষায় বাইবেল্ যাহা এইক্ষণে প্রচলিত আছে তাহা ১৬১১ শকের সেপ্‌টেম্বর মাসে সমাপ্ত হয়। এবং ১৬৮৫ শকে ঐ পুস্তক আইরিশ্ ভাষায় প্রকাশ হয় এবং ১৭৫৯ শকে রুস্ দেশীয় মহাং ধর্ম্মাধ্যক্ষ সকল ভাষায় প্রকাশ করিবার-অনুমতি দিয়াছিলেন।

ইজিপ্ট দেশের বৃত্তান্ত।

২৮ যাঁহাকে ধর্ম্মপুস্তকে মিস্‌রেম্‌ কহে বোধ হয় যে তিনিই মিনিস্‌ ইজিপ্টদেশের প্রথম রাজা তিনি শিল্পবিদ্যা প্রথমে প্রকাশ করেন ও পূর্ব্বদেশের অনেক অংশের লোকেরদিগকে সভ্য করেন।

২৯ মিনিসের পরে থিব্‌স ও থিন্‌ ও মেম্‌ফিস্‌ এবং টেনেস্‌নামক চারি রাজ্যে ইজিপ্টদেশ বিভক্ত হইয়াছিল এবং তৎকালে লোকেরা অনেক সভ্য হইয়াছিল।

৩০ রাখাল রাজারদিগের সময়ে কিঞ্চিৎ অসভ্যতা পুনর্ব্বার জন্মিয়া ক্রাইষ্টজন্মিবার ১৬৫০ বৎসর পূর্ব্বে মিসাফ্রিস্‌ রাজার রাজত্ব পর্য্যন্ত ছিল। ঐ রাজা ইজিপ্ট দেশস্থ তাবৎ ক্ষুদ্র রাজ্য একত্র করিয়া এক বৃহৎ রাষ্ট্র করিয়াছিলেন তার বিচক্ষণতাপূর্ব্বক ঐ রাজ্য শাসনের রীতি স্থাপনা করিয়াছিলেন ও ভিন্নদেশ জয় এবং স্বদেশে সদ্বিচারদ্বারা আপনি বিখ্যাত হইয়াছিলেন।

৩১ খ্রীষ্ট জন্মিবার ৫২৫ বৎসর পূর্ব্বে কাম্বিসিস নামক পারস্য দেশীয় রাজাকর্ত্তৃক ইজিপ্ট দেশ জয় করণ পর্য্যন্ত ঐ রাজ্যে কেত্তো বংশীয় রাজারদিগের অধিকার ছিল।

৩২ ঐ রাজারদিগের রাজত্বকালীন পিরামিড নামক শুণ্ডাকৃতি বৃহৎস্তম্ভ নির্ম্মিত হইয়াছিল বোধ হয় যে ঐ সকল স্তম্ভ কেবল মৃত রাজারদিগের স্মরণার্থ তাঁহারদিগের সমাধির উপর গ্রথিত ছিল।

৩৩ আলেক্সাণ্ডরকর্ত্তৃক ডেরাইয়সের পরাজয় হওন পর্য্যন্ত ইজিপ্টদেশ পারস্য রাজ্যের এক দেশ ছিল এবং ডেরাইয়সের মৃত্যুর পর টালমি সোটর্ নামক তাঁহার এক উপযুক্ত সেনাপতি ঐ রাজ্য স্বাধীন করিয়াছিলেন।

৩৪ তাঁহার উত্তরাধিকারিরদিগের টালমি পদবী হইয়াছিল এবং তাঁহারা সিরিয়ার ও আফ্রিকানামকমহাদ্বীপের অনেক অংশপর্য্যন্ত নিজরাজ্য বিস্তার করিয়াছিলেন।

৩৫ ইজিপ্ট দেশের শেষ রাজা টালমি ডাইওনিশিয়সের ভগিনী ও ভার্য্যা ক্লিওপাট্রার মৃত্যু হওয়াতে ইজিপ্ট দেশ রোমাণেরদের রাজ্যাধীন

হইয়া তদন্তর্গত হইল এবং তাহারদিগের প্রেরিত পেট্রর্নামক এক বিচারকর্ত্তার দ্বারা ইজিপ্ট দেশ শাসিত হইতে লাগিল এই ঘটনা ক্রাইষ্ট জন্মিবার ত্রিশ বৎসর পূর্ব্বে ঘটিয়াছিল ।

টিপ্পনী ।

১ পৃথিবীর তাবৎ আশ্চর্য্য শ্রেণীমধ্যে ইজিপ্ট দেশীয় ঘণ্টা-কৃতি স্তম্ভ সকল এক প্রধান আশ্চর্য্য । সর্ব্বাপেক্ষ যেটা বড় স্তম্ভ তাহার এক দিকের উচ্চতা ৪৮২ হস্ত ।

২ এই ক্ষণে যে স্থানে গ্রাণ্ডকেরোনামক নগর স্থাপিত আছে সেই স্থানের নিকট তিনটা প্রধান স্তম্ভ ৩০০০ বৎসরের অধিক কাল পর্য্যন্ত আছে ।

৩ অনুমান হয় যে ঐ স্তম্ভ সকল মৃত ব্যক্তির স্মরণার্থ সমাধি স্থানোপরি নির্ম্মিত হইয়াছে ।

৪ যাবৎ শরীরধ্বংস না হয় তাবৎ জীবাত্মা শরীরে থাকেন এইরূপ তাহারদিগের পরমার্থশাস্ত্রে কথিত আছে বোধ হয় যে এই হেতুক তাহারা স্তম্ভ নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে মৃত শরীর রক্ষা করিত ।

৫ ইজিপ্ট দেশীয় লোকেরা পূর্ব্বকালে যে খগোলবিদ্যায় নিপুণ ছিল তাহা পূর্ব্বোক্ত ঘণ্টাকৃতি স্তম্ভ নির্ম্মাণদ্বারা ব্যক্ত হই-তেছে যেহেতুক পৃথিবীর চারি দিক অনুসারে ঐ বৃহৎ স্তম্ভের চারি-কোণ নির্ম্মিত আছে তাহার দ্বারা সেই স্থানের মধ্যরেখার নির্ণয় হয় ।

৬ ইজিপ্ট দেশে রাবণের দুর্গের ন্যায় যে স্থান আছে বোধ হয়

যে তাহা তদ্দেশীয় লোকেরদিগের দেবতাগণের বাসের এবং বিচারকর্ত্তারদিগের সাধারণ সভাস্থানের কারণ নির্ম্মিত হইয়াছিল।

৭ ঐ স্থানে তিন সহস্র গৃহ ছিল তাহার মধ্যে ১৫০০ গৃহ মৃত্তিকার তলে কেবল রাজারদিগের সমাধির কারণ অথবা দেবকুমার গণের বাসের নিমিত্ত হইয়াছিল।

৮ ইজিপ্ট দেশের মধ্যে নাইল্ নদী সকলহইতে আশ্চর্য্য তাহার জন্মস্থান ইথিওপিয়া ঐ নদীর সাম্বৎসরিক বৃদ্ধিতে চতুর্দ্দিকস্থ দেশ জলময় হয় এবং অনাবৃষ্টিতেও জলাভাব থাকে না।

৯ ইহা প্রতীত আছে যে ইজিপ্ট দেশে প্রথমে ভূমিপরিমাণ বিদ্যাসৃষ্টি হয় যেহেতুক নাইল্ নদীর সাম্বৎসরিক বৃদ্ধিতে যে সকল ভূমি ডুবিয়া যাইত তাহা পুনারূপণ করিবার নিমিত্ত এই বিদ্যার উৎপত্তি হয়।

১০ ইজিপ্ট দেশীয়েরা যত্নপূর্ব্বক অঙ্কবিদ্যার চর্চ্চা করিত এবং সকলে অনুমান করে যে তাহারা খগোলবিদ্যা প্রকাশ করিয়াছিল।

১১ ইজিপ্ট দেশস্থ লোকেরা শিল্পবিদ্যায় ও ভূমিপরিমাণ বিদ্যায় ও যন্ত্রবিদ্যায় এবং খগোলবিদ্যায় সুশিক্ষিত ছিল এবং গ্রীক্ ও রোমাণেরা তাহারদিগের স্থানে ঐ সকল বিদ্যা শিক্ষা করিয়া অন্যং জাতির মধ্যে প্রকাশ করিয়াছিল।

১২ প্রথমে খগোলবিদ্যা ও ক্ষেত্র পরিমাণবিদ্যা ও অঙ্কশাস্ত্রেতেই মাথিমেটিক্স্ বিদ্যার পর্য্যবসান ছিল। কাল্ডিয়া দেশস্থ লোকেরা প্রথমে খগোলবিদ্যার অনুশীলন করেন। ক্ষেত্র পরিমাণ বিদ্যার জন্মস্থান ইজিপ্ট দেশ এবং যদ্যপি ফিনিশিয়া দেশস্থ লোকেরা ডিজাদি নির্ম্মাণবিদ্যা সৃষ্টি না করিয়া থাকে তথাপি ঐ বিদ্যা তাহারদিগের কর্তৃক পরিপক্ক হয়। ইজিপ্ট এবং কাল্ডিয়া দেশহইতে গ্রীকজাতিরা ঐ সকলবিদ্যার মূলপ্রাপ্ত হয়েন পরে তাহা

থেলিস্ ও পাইথাগোরাস্ ও আনাক্সিমাণ্ডর্ ও আনাক্সাগোরাস্ ও ইউক্লাইস্ এবং প্লেটো ও তাঁহার শিষ্যেরদিগের কর্তৃক বিস্তারিত হয়।

১৩ ইজিপ্ট দেশীয় লোকেরদিগের প্রধান দেবতা ওসিরিস্ ও আইসিস্। বোধ হয় ইঁহারা সূর্য্য ও চন্দ্র হইবেন।

১৪ ইজিপ্ট দেশস্থেরা সজীব বৃষকে ওসিরিসের স্বরূপ জ্ঞান করিত এবং মস্তকে গোশৃঙ্গ ও দক্ষিণ হস্তে করতাল ও বামহস্তে জলপাত্রবিশিষ্টা এক স্ত্রীর আকৃতি করিয়া ঐ দেবতার প্রতিমূর্ত্তি করিত।

১৫ ইজিপ্ট দেশস্থেরা জন্তু ও কীট ও পক্ষী এবং লিক্ ও পলাণ্ডু প্রভৃতি ফল ও তৃণাদিকেও দেবতার ন্যায় পূজা করিত।

১৬ প্রথমে তাহারাই প্রত্যেক দেবতাগণকে প্রতিদিনের ও প্রতিমাসের পৃথক২ অধিপতি করিয়া কহিত এবং জন্মক্ষণ নিরূপণ করিয়া লোকেরদের ভবিষ্যৎ শুভাশুভ নির্ণয় করিত।

১৭ ইজিপ্ট দেশের রাজার মৃত্যু হইলে তাঁহার উত্তরাধিকারিকে তৎপদপ্রাপ্ত হইয়া নিরূপিত রাজকীয় ধারানুসারে রাজকর্ম্ম করিতে হইত।

১৮ রাজা জীবদ্দশায় দেবতার ন্যায় মান্য হইতেন কিন্তু তাঁহার মৃত্যুর পর লোকেরা তাঁহার কর্ম্মের বিবেচনা করিত। যদ্যপি তাঁহার কুকর্ম্ম হইতে সৎকর্ম্ম অধিক না হইত তবে তাঁহাকে মর্য্যাদাপূর্ব্বক সমাধি দিত না।

১৯ পৃথক২ প্রদেশের পৃথক২ অধিপতি ছিল ও তাবৎ ভূমি রাজা ও যাজক ও যোদ্ধাগণের মধ্যে বিভক্ত হইত।

২০ ইজিপ্ট দেশের প্রধান বিচারস্থানে ত্রিশ জন বিচারকর্ত্তা- হইতেন প্রধান২ নগরমধ্যে যাঁহারদিগকে জ্ঞানবান ও বহুদর্শী

বোধ হইত তাঁহারদিগকেই বাছিয়া লইয়া তৎপদে অভিষিক্ত করিত।

২১ ঐ বিচারস্থানের প্রধান বিচারকর্ত্তা এক ছড়া স্বর্ণ হার গলদেশে ধারণ করিতেন সেই হারে সত্যস্বরূপ রত্নময়ী প্রতিমূর্ত্তি দোলায়মানা থাকিত।

২২ যখন ঐ বিচারস্থানহইতে কোন আজ্ঞা হইত তখন প্রধান বিচারকর্ত্তা কোন বাক্য প্রয়োগ না করিয়া জয়িরদিগকে জয়সূচনার্থ ঐ সত্যের উজ্জ্বলপ্রতিমূর্ত্তি দর্শন করাইতেন।

আসাইরিয়ার

অর্থাৎ প্রথম মহারাজ্যের

বৃত্তান্ত।

---

৩৬ চারি মহারাজ্যের মধ্যে আসাইরিয়া সর্বা পেক্ষায় প্রাচীন শেমের দ্বিতীয় পুত্র আশর যিনি জলপ্লাবনের পর প্রথমে ঐ দেশে বসতি করেন তাঁহার নামানুসারে ঐ দেশের নাম আসাইরিয়া হয়।

৩৭ পরে আশরের পদপ্রাপ্ত যে নাইনস তিনি কাল্ডিয়া ও বেবিলন রাজ্য হস্তগত করিয়া আসাইরিয়া ও বেবিলন এই দুই রাজ্য একত্র করিয়াছিলেন। ইহা কথিত আছে যে তিনি ইজিপ্ট ও এশিয়ানামক মহাদ্বীপের যেং দেশ তৎকালে জানা ছিল তাহা জয় করেন এবং নাইনিবা নগর স্থাপন করিয়াছিলেন ঐ নগরের চতুঃসীমা ৩০ ক্রোশ ছিল।

৩৮ তাঁহার মরণের পর সেমিরেমিস্ নাম্নী তাঁহার বিখ্যাতা স্ত্রী তৎপদপ্রাপ্তা হইয়াছিলেন ঐ রাণী অত্যন্ত সাহসিকা ও দুষ্কর্ম্মে উদ্যোগিনী ও ভাগ্যবতী ছিলেন তিনি বেবিলন্ নগর প্রশস্ত করিয়া নানাবিধ অট্টালিকাতে সুশোভিত করত দুই শত হস্ত পরিমিত উচ্চ এক প্রাচীরদ্বারা ঐ নগর বেষ্টন করিয়াছিলেন।

৩৯ সেমিরেমিসের পর তাঁহার পুত্র নাইনিয়াস্ রাজা হয়েন তিনি ভীত ও লম্পট ছিলেন তাঁহার রাজত্বকালীন মিডিয়া ও বেবিলন্ ও পর্শিয়া নগরস্থ লোকেরা আসাইরিয়া দেশের রাজশাসনের অনধীন হইল।

৪০ আসাইরিয়ার প্রাচীন রাজারদিগের মধ্যে শেষ রাজা সার্ডানেপেলস্ যাঁহার নামান্তর কাইনেলেডান্ তাঁহার রাজ্যকালে মিডিয়া ও বেবিলন্ দেশীয় লোকেরা পর্শিয়ান্ জাতির ও অন্যান্য স্বপক্ষেরদিগের সহায়তাতে আসাইরিয়া রাজ্যের চতুর্দ্দিক আক্রমণ করিয়া আপনারদিগের পরাধীনত্ব দূর করিয়াছিলেন।

৪১ সার্ডেনেপেলস্ আপন রাজ্য রক্ষার কোন উপায় না দেখিয়া রাজবাটীর মধ্যে আপনার সকল ধন রাশীকৃত করিয়া অগ্নিপ্রদানপূর্ব্বক সপরিবারে সেই অগ্নিতে প্রাণত্যাগ করিলেন এই প্রকারে ক্রাইষ্ট্ জন্মিবার ৬২৬ বৎসর পূর্ব্বে আসাইরিয়া রাজ্য বিনাশ হয়।

টিপ্পনী। আসাইরিয়া রাজ্যের বিবরণে নাইনিসের সময় অবধি সার্ডেনেপেলসের রাজ্য অধীন মিডজাতিরদিগের উপদ্রব পর্য্যন্ত এই ৮০০ বৎসরের মধ্যে আসাইরিয়ার আর কোন বৃত্তান্ত পাওয়া যায় না যাহা পাওয়া যায় তাহা কেবল অনুমানসিদ্ধ।

বেবিলন্ রাজ্যের উপাখ্যান।

৪২ পূর্ব্বকালে বেবিলন্ দেশের নাম শিনার্ ও শিনায়ার্ ইত্যাদি ছিল এবং অনুমান হয় যে ঐ স্থানে বেবেল্ নামক উচ্চগৃহ নির্ম্মাণ হওয়াতে তাহার নাম বেবিলন্ হয় এবং কালডিয়ানেরদিগের বসতিহেতুক তাহার নাম কালডিয়া হয়।

৪৩ তাঁহারদিগের নাম যে কালডিয়ান্ হয় সে উচিত বটে কেননা ঐ দেশে তাঁহারাই পুরোহিত ও

পণ্ডিত ছিলেন এবং খগোলবিদ্যার ও ফিলাসফী বিদ্যার অভ্যাস করণে অত্যন্ত রত ছিলেন।

৪৪ বেবিলন্ দেশস্থ লোকেরা শিল্পবিদ্যার চর্চ্চা করিতেন এবং খগোলবিদ্যাতে ও ক্ষেত্র পরিমাণ ও অঙ্কবিদ্যাতে ও যন্ত্রবিদ্যাতে সুপণ্ডিত ছিলেন এবং শিল্পকর্ম্মে বিশেষত চিকুণের কার্য্যে খ্যাত ছিলেন।

৪৫ আসাইরিয়া দেশের প্রথম রাজা পলের দুই পুত্র ছিল তাঁহারদিগের নাম টিগ্লাথ্ পাই লিসর্ ও নেবোনাসর্ ইঁহারদিগের মধ্যে জ্যেষ্ঠ আসাইরিয়া দেশ লয়েন ও কনিষ্ঠ বেবিলন্ রাজ্যের অধিপতি হইয়াছিলেন।

৪৬ তাঁহারদিগের পর নেবুকাডোনোসর্ ও বেল্মিরোডাক্ রাজা হয়েন তদনন্তর নেবোপালো সার্ রাজ্যপ্রাপ্ত হয়েন।

৪৭ অপর শেষোক্ত রাজার পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট নেবুকাড্নেজার্ অহংকৃত ও গৌরবাকা- ঙ্ক্ষী ছিলেন পরে বায়ুগ্রস্ত হইয়াছিলেন কিন্তু নয় বৎ সরের পর পুনর্ব্বার তাঁহার জ্ঞানোদয় হয়।

৪৮ পরে তাঁহার পুত্র ইবিল্মিরোডাক্ তৎপদা ভিষিক্ত হইলেন কিন্তু তাঁহার ভগিনীপতি নিরিগ্লি সার্ তাঁহাকে বধ করিয়া রাজ্য অপহরণ করিল।

৪৯ অপর নেবোনেডিয়স্নামক বেবিলন্ দেশের শেষ রাজা যাঁহার বেল্শাজার্ নাম ডেনিএল রাখিয়াছিলেন তিনি এক দিবস স্বদেশস্থ প্রধান লোকেরদিগকে নিমন্ত্রণ করিয়া ভোজন করাইবার সময় জিরুশেলেম্ নগরহইতে আনীত যে সকল দেবতার পাত্র তাহা অপবিত্র করাতে ঘরের ভিত্তির উপর এই লিখন দেখিলেন যে তিনি রাজ্যভ্রষ্ট হইয়াছেন এবং মিডিয়া ও পার্শিয়া দেশীয় লোকেরা ঐ রাজ্যপ্রাপ্ত হইয়াছে ।

৫০ অপর ইহার অব্যবহিত পরেই নেবোনেডিয়স্ রাজা হত হয়েন ও বেবিলন্ রাজ্য অপহৃত হইয়া মিডিয়া দেশস্থ ডেরাইয়স্ সাইয়াক্সারেস্ রাজার হস্তগত হইল ।

মিড্ জাতির বিবরণ ।

৫১ মিডেরা জাফেটের তৃতীয় পুত্র মেডাইয়ের সন্তান তাঁহার নামানুসারে তাহারা ঐ মিড্নাম প্রাপ্ত হয় ।

৫২ আসাইরিয়া রাজ্য স্থাপনকর্ত্তা পল্ অথবা তাঁহার অব্যবহিত পরেই যে টিগ্লাথ্-পাই লিসর্ রাজা হয়েন তিনি ঐ জাতিরদিগকে পরাভূত করেন কিন্তু সেনেকারিবের রাজত্বকালীন তাহারা পুনর্ব্বার স্বাধীন হয় ।

৫৩ ডিজোসিস্ ও ফ্রেয়র্টিস্ রাজারদিগের রাজত্বের পর সাইয়াক্সারেস্ মিডিয়া রাজ্যপ্রাপ্ত হইলেন তিনি বড় সাহসী ছিলেন ও তাঁহার আশ্চর্য্য ক্ষমতা ছিল ও তিনি বেবিলনের রাজার সহিত ঐক্য করিয়া নাইনিবাদেশ সমভূমি করিয়াছিলেন এবং সমুদয় কিনিস্ ও নিনোসাইরিয়া ও সামেরিয়া ও পর্সিস্ ও সুসিয়ানা এই কএক দেশ জয় করিয়াছিলেন ।

৫৪ অপর সাইয়াক্সারেস্ স্বয়ং আর্ম্মিনিয়া ও পান্টস্ এবং কাপেডোশিয়া দেশ পরাজয় করিয়াছিলেন ।

৫৫ তাঁহার পর তাঁহার পুত্র আষ্টিয়েজিস্ যাঁহাকে স্ক্রীপ্চরে অর্থাৎ ধর্ম্মপুস্তকে আহাসিউরস্ কহে তিনি তৎপদাভিষিক্ত হয়েন এবং তাঁহার

মরণানন্তর তাঁহার পুত্র ডেরাইয়স্ সাইয়াকসারেস্ রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন ।

৫৬ অপর শেষোক্ত রাজা যিনি বেবিলন রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন তাঁহার মৃত্যু হওয়াতে পর্শিয়া দেশীয় সাইরসনামক তাঁহার ভাগিনেয় জাইষ্ট জান্মিনার ৫৩৮ বৎসর পূর্ব্বে তাঁহার তাবৎ বিষয়ের উত্তরাধিকারী হইয়াছিলেন ।

পর্শিয়ার অর্থাৎ দ্বিতীয় মহারাজ্যের বৃত্তান্ত ।

৫৭ কালভেদে পার্শিয়া দেশের নানা নাম হইয়াছে ।

৫৮ পূর্ব্বে পর্শিয়া রাজ্যের আয়তন অতিঅল্প ছিল কিন্তু শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট সাইরস্কর্ত্তৃক উত্তম রূপে সংস্থাপিত হওয়াতে সমুদয় ভারতবর্ষ ও আসাইরিয়া ও মিডিয়া ও পার্শিয়া দেশ এবং ইউক্সাইন ও কাস্পিয়ান্ সমুদ্রের নিকটবর্ত্তি যে২ দেশ আছে সে সকল ঐ রাজ্যের অন্তর্গত হয় ।

৫৯ বীরত্বপ্রকাশ ও অদ্ভুত কর্ম্ম করণদ্বারা সাইরস্ শ্রেষ্ঠ উপাধিপ্রাপ্ত হয়েন ।

৬০ অপর ঐ মহারাজ সাইথিয়া দেশীয় লোকেরদিগের প্রতিকূলে যুদ্ধার্থ গমন করাতে তাঁহার শত্রুরা এক গুপ্ত স্থানহইতে হঠাৎ আক্রমণ করিয়া তাঁহাকে বধ করিল ।

৬১ অপর তাঁহার পুত্র কাম্বিসিস্ যাঁহাকে ধর্ম্মপুস্তকে আর্টাজরক্সেস কহে তিনি পিতৃপদপ্রাপ্ত হইয়া ইজিপ্ট দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়াছিলেন ।

৬২ কিন্তু ঐ রাজা আপন যুদ্ধলব্ধ রাজ্য বহু কাল ভোগ করিতে পারেন নাই যেহেতুক জুপিটর্ আম্মন্নামক দেবতার মন্দিরস্থ দ্রব্য অপহরণ ও ঐ দেবালয় নষ্ট এবং অনেক দৌরাত্ম্য করিয়া অশ্বারোহণকালে স্বয়ং কোষনির্গত করবালের আঘাতে তাঁহার অপমৃত্যু হইল ।

৬৩ পরে কাম্বিসিসের পর হিষ্টাসপেসের পুত্র ডেরাইয়স্ ছলক্রমে রাজ্য লইয়াছিলেন ।

৬৪ অপর ডেরাইয়সের রাজত্ব কালীন বেবিলন্ নগরের লোকেরা উপপ্লব করিয়াছিল তাহাতে তিনি ঐ নগর বেষ্টন করিয়া স্বায়ত্ত করেন এবং তাহার প্রাচীর ভগ্ন করিয়া তত্রস্থ লোকেরদিগের

সহিত পরাজিত লোকের ন্যায় ব্যবহার করিতে পার্শিয়ানেরদিগকে অনুমতি করিয়াছিলেন ।

৬৫ ছত্রিশ বৎসর রাজত্ব করিয়া ডেরাইয়স্ পঞ্চত্ব পাইলেন ধর্ম্মপুস্তকে তাঁহার নাম মর্য্যাদা পুরঃসরে লিখিত আছে এবং তাহাতে ব্যক্ত আছে যে তিনি ইস্রেলাইটেরদিগের প্রতি অনুকূল ছিলেন এবং দেবালয় উদ্ধার করিয়া জিরুসালেম্ নগরে দেবপূজার বৃদ্ধি করিয়াছিলেন ।

৬৬ ডেরাইয়স্ আপন পুত্র জর্সেস্কে রাজ্যের উত্তরাধিকারী করিয়াছিলেন এই রাজা অনেক সৈন্য লইয়া গ্রীসদেশের তাবদংশ জয় করিতে প্রতিজ্ঞা করত ঐ রাজ্যে যুদ্ধার্থে গমন করিয়াছিলেন কিন্তু অনেকবার যুদ্ধে পরাজিত হইয়া তাঁহাকে পার্শিয়া দেশে প্রত্যাগমন করিতে হইল । পরে সে স্থানে যথেষ্টাচার করাতে প্রজারা তাঁহার বধ করিল ।

টিপ্পনী ।। জর্সেসের সৈন্যে দশ লক্ষ যোদ্ধা ছিল এবং স্ত্রীলোক ও ভৃত্যগণের সহিত গণনায় সর্ব্বসুদ্ধা পঞ্চাশৎ লক্ষ প্রাণী ছিল ।

৬৭ অপর তাঁহার পুত্র আর্টাজর্কেস্ যাঁহার উপাধি লাঙ্গিমেনস্ অর্থাৎ মহাবাহু তিনি রাজা হইলে পরে এথেনস দেশস্থ লোকেরদিগের সহিত তাঁহার এমত সন্ধি করিতে হইল যে তাহাতে তিনি অপমানিত হইলেন ।

৬৮ অপর আর্টাজর্কেস্ আপন পুত্র দ্বিতীয় জর্কেসকে আপন উত্তরাধিকারী করিয়াছিলেন তিনি কেবল ৪৫ দিন রাজত্ব করিলে পর মাদকদ্রব্য পানে নিদ্রাবস্থায় বিনাশপ্রাপ্ত হইলেন ।

৬৯ পরে সগ্ডিয়ানস্ রাজা হইলেন তিনি গত রাজার জারজ ও প্রাণহন্তা ছিলেন কিন্তু ভ্রাতার নির্দ্দয়তাপূর্ব্বক হত হওয়াতে তাঁহার পাপের প্রায়শ্চিত্ত হইল ।

৭০ তাঁহার পর তাঁহার ভ্রাতা ওকস্ তৎপদাভিষিক্ত হইয়া ডেরাইয়স্ নোথস্ নামে বিখ্যাত হইয়াছিলেন এবং তিনি আপন পুত্র আর্টাজর্কেস্ নেমনকে রাজ্য দিয়া গিয়াছিলেন ।

৭১ পরে তাঁহার পুত্র ওকস্ তৎপদাভিষিক্ত হয়েন তাঁহার রাজত্বকালে রাজ্যে বিস্তর উপপ্লব হইয়াছিল এবং বেগোয়াস্ তাঁহাকে বিষপান

করাইয়া তাঁহার মাংস কুক্কুর দিয়া ভক্ষণ করাইয়াছিল। পরে আরোগস্ যাঁহার নামান্তর আর্সিন ছিল তিনি তাঁহার পরিবর্ত্তে রাজা হইয়াছিলেন।

৭২ অপর ঐ রাজাকে ও ঐ বেগোয়াস্ নিব্ পানদ্বারা বধ করিয়া ডেরাইয়স্ কোডোমেনসের মস্তকে রাজমুকুট অর্পণ করিয়াছিলেন।

৭৩ এই শেষোক্ত রাজার রাজত্বের দ্বিতীয় বৎসরে মাসিডন্ দেশনিবাসী শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট আলেক্সাণ্ডর গ্রীকেরদিগের সৈন্যাধ্যক্ষ হইয়া পার্শিয়া দেশীয় লোকেরদিগের সহিত যুদ্ধ করত গ্রানিকস্ ও ইসস্ ও আরবেলা এই তিন স্থানে তাহাদিগকে পরাভূত করিয়া সমুদয় পার্শিয়া জয় করিয়াছিলেন ও ডেরাইয়সের আপন দুই জন সভাসদ কৃতঘ্নতাপূর্ব্বক তাঁহার বধ করিয়াছিল।

৭৪ গ্রীকেরা এইরূপ জয়ী হওয়াতে খ্রীষ্ট জন্মিবার ৩৩০ বৎসর পূর্ব্বে পার্শিয়া রাজ্য যাহা স্বদেশীয় রাজাকর্ত্তৃক ন্যূনাতিরেক ২০৬ বৎসর পর্য্যন্ত শাসিত হইয়াছিল তাহা তাঁহারদিগের হস্তগত হইল।

টিপ্পনী ॥ পর্শিয়াদেশের রাজার ঐকাধিপত্যপরাক্রম ছিল তিনি যাহা করিতে ইচ্ছা করিতেন তাহা কেহ অন্যথা করিতে পারিত না। পূর্ব্বকালীন পর্শিয়া দেশস্থ লোকেরা পরিমিতাচরণ ও বীরত্ব ও শুদ্ধাচরণ এই সকলেতে বিখ্যাত ছিল কিন্তু গ্রীস্ দেশস্থেরদের সহিত যুদ্ধ করিবার পূর্ব্বে তাহারদিগের আচারের অনেক পরিবর্ত্ত হয় এবং তৎকালে তাহারা অত্যন্ত ভ্রষ্ট ও দুরাচারী হইয়াছিল পর্শিয়া রাজ্য অনেক খণ্ডে বিভক্ত ছিল তাহার প্রত্যেক খণ্ডের একং অধিপতি হইত তাহারদিগের কর্ম্মের বিচার কেবল সম্রাটের নিকটে হইত পর্শিয়াদেশের বিচারের ধারা অতিসূক্ষ্ম অথচ উৎকট ছিল না এবং পক্ষপাতশূন্য বিচার হইত আর পূর্ব্বকালের পর্শিয়ানেরদিগের মত অতিপ্রাচীন । ঐ মত জোরোষ্টর্ স্থাপন করেন এবং তিনি জেণ্ডাবেষ্টানামক ধর্ম্মপুস্তক সংগ্রহ করিয়াছিলেন ।

গ্রীস্‌রাজ্যের উপাখ্যান ।

১ সাইসিয়ন্ রাজ্য ।

৭৫ গ্রীস্ দেশ মধ্যবর্ত্তি রাজ্যসমূহের মধ্যে সাইসিয়ন্ রাজ্য অতিপ্রাচীন ও ক্রাইষ্ট জন্মিবার ২৭৬৪ বৎসর পূর্ব্বে ইজিএলিয়স্ তথাকার প্রথম রাজা হয়েন ।

২ আর্গস ও মাইসিনি রাজ্য ।

৭৬ খ্রাইষ্ট জন্মিবার ১৮৫৬ বৎসর পূর্ব্বে ইনেকসনামক এক ব্যক্তি পিলোপনিসস্ দেশে আর্গস্ রাজ্যের রাজধানী স্থাপন করেন অপর তৎপর ক্রমবর্ত্তি রাজগণের মধ্যে একৃশিয়স্‌নামক এক রাজা তদ্দেশীয় রাজধানী স্থানান্তর করিয়া মাইসিনি নগরে আনিলেন । তদনন্তর হিরাক্লিডি অর্থাৎ হর্কিউলিসের সন্তানেরা ঐ রাজ্যের এবং তাবৎ প্রায়দ্বীপের কর্ত্তা হইয়াছিলেন ।

৩ এথেন্স রাজ্য ।

৭৭ খ্রাইষ্ট জন্মিবার ১৫৫৬ বৎসর পূর্ব্বে ইজিপ্ট দেশস্থ সিক্রাপ্সনামক এক ব্যক্তি নাইল্ নদীর তীরস্থ দেশহইতে কথকগুলিন লোক লইয়া এথেন্সদেশে আসিয়া তথাকার রাজশাসন ব্যাপার ধারাবাহিক স্থাপন করিয়াছিলেন এবং ঐ দেশে বিবাহ নির্ব্বন্ধ অগত্য্য করিয়াছিলেন ।

এমত কোন চেষ্টা না করিয়া তাহারদিগের যে রূপ রীতির ও স্বভাবের প্রাদুর্ভাব ছিল তদনুযায়ি ব্যবস্থা স্থাপন করিয়াছিলেন।

৮৩ ঐ ড্রেকো যেং উৎকট ব্যবস্থা করিয়াছিলেন তাহার মধ্যে কেবল মনুষ্য বধের দণ্ডবিধায়ক ব্যবস্থা ব্যতিরিক্ত আর সকলি [illegible] রহিত করিয়াছিলেন এবং ঋণপরিশোধনে দুঃখি লোকেরদের অসামর্থ্যপ্রযুক্ত এক নূতন নিয়ম করিয়া তাহারদিগকে ঋণহইতে মুক্ত করিয়াছিলেন।

৮৪ তিনি এথেন্স দেশীয় লোকেরদের চারি থাকে বিভক্ত করিয়া প্রথম তিন থাকে ধনবান লোকেরদিগকে নিবিষ্ট করিয়াছিলেন এবং নির্ধনেরদিগকে চতুর্থ দলভুক্ত করিয়াছিলেন।

৮৫ সকল রাজকর্ম্মই ধনিব্যক্তিরদিগের হস্তগত হইয়াছিল কিন্তু সর্ব্বসাধারণ লোকেরদিগের যে সভায় তিনি রাজপরাক্রম অর্পিত করিয়াছিলেন তাহাতে রাজসংক্রান্ত বিষয়ের বিবেচনায় নির্ধনেরদিগের মতামত গ্রাহ্য হইত।

৮৬ তিনি সেনেট্‌নামক রাজকীয় মহাসভা স্থাপিত করিয়া তাহাতে চারি শত লোককে অধ্যক্ষ

করিয়াছিলেন আরিয়োপেগস নামক বিচারস্থানের বিচারানন্তর পুনর্বিচার প্রার্থনীয় বিষয়ে ইঁহারা বিবেচনা করিতেন এবং কোন বিষয় সর্ব্বসাধারণ সভায় অর্পিত হইবার পূর্ব্বে তাঁহারা তদ্বিষয় নিরীক্ষণ করিতেন।

৮৭ সোলন আরিয়োপেগস্ নামক বিচারস্থানের কর্ম্মসম্পাদকেরদিগকে রাজকীয় নিয়ম রক্ষা ও প্রচলিত করিবার শক্তি এবং বিচার করিবার ক্ষমতা দিয়াছিলেন এবং রাজকোষ ও ধর্ম্মবিষয়ের অধ্যক্ষতা ও ঐ রাজ্যের বালকেরদিগের শিক্ষার ভারও এই সভাস্থেরদিগকে দিয়াছিলেন।

৮৮ এথেন্স দেশস্থেরা এই সকল নূতন ব্যবস্থার ফলভোগ করিতে কেবল আরম্ভ করিতেছিল ইতোমধ্যে ক্রাইষ্ট জন্মিবার ৫৬০ বৎসর পূর্ব্বে তদ্দেশীয় ধনী ও প্রতাপাকাঙ্ক্ষী পিসিস্ট্রেটস্ নামক এক ব্যক্তি বলক্রমে রাজপরাক্রম অপহরণ করিল তন্নিবারণে সোলন্ অশক্ত হইলে পিসিস্ট্রেটস্ ও তাহার সন্তানেরা পঞ্চাশৎ বৎসরপর্য্যন্ত ঐ পদ ভোগ করিল।

৮৯ ক্রাইষ্ট জন্মিবার ৪০৪ বৎসর পূর্ব্বে পিলোপনিসস দেশে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে স্পার্টা দেশীয় লোকেরদিগের হস্তে এথেন্স রাজ্য পতিত হওয়াতে তাহারা ঐ নগরের দ্রব্যাদি অপহরণ ও দুর্গাদি নষ্ট করিয়া ঐ রাজ্য শাসনার্থে ত্রিশ জন দুর্দ্দান্ত ব্যক্তিকে নিযুক্ত করিল।

৯০ অপর ক্রাইষ্ট জন্মিবার ৩৩৮ বৎসর পূর্ব্বে এথেন্স দেশস্থ লোকেরা মেসিডোনিয়া দেশীয় ফিলিপ রাজার অধীনত্ব স্বীকার করিয়াছিল পরে ক্রাইষ্টের ১৯৭ বৎসর পূর্ব্বে রোমানেরদিগের সাহায্যে তাহারা পুনর্ব্বার স্বাধীনত্বপ্রাপ্ত হইয়াছিল কিন্তু পাণ্টসের রাজা মিথ্রিডেটিস্ যখন রোমানেরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন তখন এথেন্স দেশস্থ লোকেরা তাঁহার পক্ষ হইয়াছিল এই কারণ সিলানামক রুমীয় প্রেটর্ অর্থাৎ বিচারকর্ত্তা তাহারদিগের দেশ নষ্ট করিলেন।

৯১ পরে ক্রিষ্টিয়ান ২৬৭ শকে এথেন্স দেশীয়েরা গাথ্ জাতিরদিগের হস্তে পতিত হইল এবং অবশেষে ন্যূনাতিরিক্ত ১৪৫০ শকে টর্কজাতিরদিগের বশীভূত হইয়া তদবধি উহারদিগের অমূলক ধর্ম্ম ও অত্যাচারপ্রযুক্ত আপদ্গ্রস্ত হইয়া আছে।

১ টিপ্পনী। প্রথমে গ্রীস্ দেশের শাস্ত্র অদ্ভুত উপাখ্যানের ন্যায় ছিল তাহাতে কোন স্থানে ধর্ম্মবিষয়ক ও কোন স্থানে নীতিবিষয়ক ও কোন স্থানে রাজ্যবিষয়ক উপাখ্যান ছিল সেই প্রকার আর্ফিকস্ নামক পুস্তকে ও হোমর্ ও হিসিয়ডের গ্রন্থে পাওয়া যায়। পরে নোমিক্ টেরদিগের প্রাদুর্ভাব হইল তাঁহারা গ্রীস্ দেশের সাত জন জ্ঞানীরূপে খ্যাত ছিলেন তাঁহারদিগের মধ্যে থেলিস্নামক এক ব্যক্তির জন্ম খ্রীষ্টের জন্মের ৬০০ বৎসর পূর্ব্বে হয় তিনি আইওনিক্ শাস্ত্র প্রকাশ করেন। পাইথাগোরস্ ইটালি দেশের বিদ্যালয় স্থাপন করেন এবং পাইথাগোরের দেরা মেকোনে জিনোফেনিস্ তিনি ইলিয়াটিক্ বিদ্যালয় সংস্থাপন করেন ঐ স্থানে ইলিয়াটিক বিদ্যালয় কহে কারণ ইহা অন্যান্য গ্রীশিয়া দেশ মধ্যবর্ত্তি ইলিয়া নগরে স্থাপিত হইয়াছিল। অপর হিরাক্লিটস্ ঐ বিদ্যালয়ের অন্তর্গত হইয়াও একপ্রকার নতন মত স্থাপন করিয়াছিলেন ও তাঁহার সমকাল স্থিত লিউসিপস্ আটোমিক্ ফিলাসফি অর্থাৎ পরমাণুনিরূপক শাস্ত্র প্রকাশ করেন পরে ডিমোক্রিটস্ ঐ শাস্ত্র সুস্পষ্টরূপে বিস্তার করেন।

২ অপর সক্রেটিসের মৃত্যু হইলে তাঁহার শিষ্যেরা পাঁচ মত সংস্থাপন করেন প্রথম আরিস্টিপস্কর্ত্তৃক সাইরেনেইক্ মত। দ্বিতীয় ফিডস্কর্ত্তৃক ইলিয়েসিয়ন্ মত। তৃতীয় ইউক্লিড্ কর্ত্তৃক মিগারিক মত। চতুর্থ আন্টিস্থিনিস্কর্ত্তৃক সিনিক্ মত। পঞ্চম প্লেটোকর্ত্তৃক প্লেটোনিক্ মত যাহা তাঁহার মরণানন্তর আকাডিমিক্ স্কূল্ নামে বিখ্যাত হইয়াছিল এই পাঁচ মত স্থাপিত হয়।

৩ ।. গ্রীস্ দেশীয় কবিতা এমত প্রাচীন যে তাহা কোন কালে রচিত হইয়াছে ইহা নিরূপণ করা যায় না আর্ফিয়েস্ ও মিউসিয়স্ এবং লাইনস্ এই তিন কবি হোমরের পূর্ব্বে জন্মিয়া ছিলেন কিন্তু হোমর কবিতা রসের সৃষ্টিকর্ত্তা যেহেতুক তিনি সর্ব্বকালে ও সর্ব্ব জাতিরদিগের মধ্যে আদি কবি ছিলেন ও তাঁহার গ্রন্থ গ্রীকেরদের মধ্যে আদি গ্রন্থ ছিল এবং বালকেরা ঐ গ্রন্থ পাঠ করিয়া নানাপ্রকার জ্ঞানোপার্জন করিত ।

স্পার্টা রাজ্যের উপাখ্যান ॥

৯২ স্পার্টা দেশ যাহার নামান্তর লাসিডিমন্ তাহাতে প্রথমে এক রাজার আধিপত্য ছিল এই রাজ্য শাসনের ধারা ক্রাইষ্ট জন্মিবার ১৭০৪ বৎসর পূর্ব্বে লিকেকস্ কর্ত্তৃক স্থাপিত হইয়াছিল ।

৯৩ হেলেন নাম্নিকা যে টিণ্ডেরিয়সের কন্যা ও মিনিলেয়সের ভার্য্যা তাঁহার সহিত ট্রয়দেশের রাজা প্রাইআমের পুত্র পেরিস্ প্রসক্তি করিয়া আপন দেশে লইয়া যাওয়াতে গ্রীকেরা মিনিলেয়সের পক্ষে সকলে একত্র হইয়া ক্রমিক দশবৎসর পর্য্যন্ত ট্রয়দেশ বেষ্টন করত ক্রাইষ্ট জন্মিবার ১১৮৪ বৎসর পূর্ব্বে ঐ দেশ হস্তগত করিলেক ।

৯৪ পরে যখনহিরা ক্লিডিরা গ্রীস্‌দেশ বিভাগ করিলেন তখন তাঁহারদিগের সৈন্যাধ্যক্ষ আরিষ্টোডিমস্‌ স্পার্টাদেশ পাইয়াছিলেন ।

৯৫ পরে তাঁহার দুই পুত্র ইউরিস্থিনিস্‌ এবং প্রোক্লিস্‌ তাহারা রাজ্য প্রাপ্ত হইয়া রাজ্য বিভাগ করিয়া লইলেক না এবং পর্য্যায়ানুসারেও রাজত্ব করিলেক না কিন্তু উভয়ে সম পরাক্রম বিশিষ্ট হইয়া একত্রে রাজ্য করিতে লাগিল ও বহু শত বৎসর পর্য্যন্ত অর্থাৎ যাবৎ ঐ দুই জনের বংশধ্বংস না হইল তাবৎ ঐ অদ্ভুত ও দৃশ্যবিরুদ্ধ রাজশাসনের ধারা ক্রমিক ছিল ।

৯৬ পরে লাইকরগস্‌ রাজা হইয়া রাজ্যের নূতন ধারা করিলেন এবং সেনেট্‌নামক মহাসভা স্থাপন করিয়া রাজপরাক্রম খর্ব্ব করিলেন ।

৯৭ রাজারা ঐ সভার প্রধান হইতেন এবং সৈন্যের অধ্যক্ষতাও করিতেন এবং তাঁহারা রাজ্যের মধ্যে প্রধান ব্যক্তি রূপে গণ্য হইতেন কিন্তু তাঁহারদিগের রাজকর্ম্মে কেবল নামমাত্র কর্তৃত্ব ছিল যেহেতুক ঐ সভ্যেরদিগের অনুমতিব্যতিরেকে তাঁহারা কোন বৃহৎকর্ম্মে প্রবৃত্ত হইতে পারিতেন না ।

৯৮ সাধারণ লোকেরদিগেরও সভা হইত কিন্তু রাজকর্ম্মে তাহারদিগের কেবল নামমাত্র কর্ত্তৃত্ব ছিল যেহেতুক সেনেট্‌নামক মহাসভাসম্পাদকেরা স্বেচ্ছানুসারে তাহারদিগকে একত্র করিতেন বিদায়ও করিতেন এবং তাহারা রাজকর্ম্মে কোনপদ পাইত না সুতরাং তাহারদিগের বাস্তবিক ক্ষমতা অতি অল্প ছিল।

৯৯ অপর যে রূপামুদ্রা ও স্বর্ণমুদ্রা ঐ দেশে চলিত ছিল তাহা লাইকরগস রহিত করিয়া লৌহ মুদ্রা চলন করিলেন।

১০০ তিনি রাজ্যে বাণিজ্য রহিত করিলেন ও নিরর্থক শিল্পকর্মাদি নিবারণপূর্ব্বক যাহা অত্যাবশ্যক তাহাই কেবল নীচ লোকেরদিগকে ব্যবসায় করিতে অনুমতি করিলেন।

১০১ তৎকালে রাজা প্রভৃতি সকলকেই একত্র বসিয়া অন্নাদি ও সামান্য দ্রব্যাদিদ্বারা মধ্যাহ্নে ভোজন করিতে হইত।

১০২ স্পার্টা দেশীয়েরা সুগঠন ও বলবান সন্তানেরদিগকে প্রতিপালন করিত এবং দুর্ব্বল ও কদাকার বালকগণকে বধ করিবার নিমিত্ত টেজিটস নামক পর্ব্বতের নীচে নিক্ষেপ করিত।

দিগকে রাজকীয় বিদ্যালয়ে পাঠাইত তথায় শাস্ত্রোক্ত কর্ম্ম ও রাজকীয় নিয়মের মান্যতা ও মনের ঔদ্ধত্য ও সাহস ও মৃত্যুর তুচ্ছতা এবং যশঃস্পৃহা ও স্বদেশপ্রীতি এই কএক বিষয়ে তাহারদিগের শিক্ষা হইত। সুশিক্ষণানন্তর জান যে কারিলেয়স্ তাঁহার প্রতি রাজ্য অর্পণ করণদ্বারা লাইকরগস্ স্বদেশের প্রতি অত্যন্ত প্রীতি প্রকাশ করিলেন কিন্তু প্রজালোকেরা সকলে একত্র হইয়া তাঁহাকে পুনর্ব্বার রাজ্যশাসনের ভার দিল।

১০৪ লাইকরগসের মৃত্যুর ন্যূনাতিরিক্ত ১৩০ বৎসর পর লোকেরা আপনারদিগের মধ্যহইতে ইফোরাইনামক পাঁচ জন বিচারকর্ত্তা প্রতিবৎসর নিয়োগ করিতে আরম্ভ করিল এবং সেনেটেরদিগকে তটস্থ করিয়া রাখিবার নিমিত্ত ঐ বিচারকর্ত্তার দিগকে অত্যন্ত পরাক্রমবিশিষ্ট করিল।

১০৫ স্পার্টা ও অন্য২ গ্রীস্ দেশীয় রাজ্য মেসিডন্ দেশীয় ফিলিপ্ রাজার রাজ্যের অধীন ভাবাপন্ন হইয়াছিল পরে ক্রাইষ্টের জন্মের ২২২ বৎসর পূর্ব্বে ঐ দেশের রাজা আন্টিগোনস্ কর্তৃক একেবারে

৫ থিবিস্‌রাজ্যের উপাখ্যান।

১০৬ খ্রাইষ্টের জন্মের ১৩৪৮ বৎসর পূর্ব্বে কাড্‌মস্‌কর্তৃক থিবিস্‌ রাজ্য স্থাপিত হইল গীস্‌দেশে তিনিই প্রথমে অক্ষরের দ্বারা লিখনের চলন করেন এবং তাঁহাকেই গ্রীক্‌ বর্ণমালার ষোল অক্ষরের প্রকাশক কহে তিনি লোকেরদিগকে নাবিক বিদ্যা ও বাণিজ্য শিক্ষা করাইয়াছিলেন।

১০৭ থিবিস্‌রাজ্যের শেষ রাজা জাম্থসের মৃত্যুর পর তথাকার লোকেরা প্রজা প্রভুত্ব রাজ শাসনের সংস্থাপন করিল।

১০৮ ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যের এক জন কর্ত্তা হইতেন তাঁহাকে প্রেটর কহিত তিনি বৎসরান্তে ঐ পদ পরিত্যাগ করিতেন যেহেতুক এই নিয়ম ছিল যে যদ্যপি তিনি ঐ পদ বৎসরান্তে ত্যাগ না করেন তবে তাঁহারপ্রাণদণ্ড হইবেক এবং তাঁহার পরাক্রম খর্ব্ব রাখিবার নিমিত্তে এক সভা ছিল তাহাতে সাত জন অথবা নয় জন কিম্বা এগার জন অধ্যক্ষ হইতেন ঐহাঁরদিগের উপাধি বিওটার্ক হইত।

১০৯ থিবিস্‌দেশে যে প্রজাপ্রভুত্ব কর্ত্তৃত্ব ছিল তাহার চারিটা সভা হইত ঐ রাজ্যের নানা

এবং তাঁহারা রাজকীয় সকল কর্ম্মেরই বিচার করিয়া চূড়ান্ত নিষ্পত্তি করিতেন।

১১০ থিবানেরদিগের রাজকীয় নিয়মানুসারে কুৎসিত ও দুর্ব্বল বালকেরদিগকে নষ্ট করিবার বারণ ছিল।

১১১ চিরোনিয়াতে অমঙ্গলদায়ক যুদ্ধ হওন পর্য্যন্ত থিবানেরা স্বাধীন ছিল কিন্তু খ্রীষ্টের জন্মের ৩৩৮ বৎসর পূর্ব্বে ঐ যুদ্ধে গ্রীস্ মহারাজ্যের তাবৎ প্রদেশ ফিলিপ্ রাজার হস্তগত হইল।

৬ মাসিডন অথবা তৃতীয় মহারাজ্যের বৃত্তান্ত।

১১২ আর্গস দেশস্থ হর্কিউলিসের বংশোদ্ভব কারেনস্নামক এক ব্যক্তি মাসিডোনিয়া রাজ্য স্থাপন করেন তাহার পূর্ব্ব সীমা ইজিয়ন্ সমুদ্র।

১১৩ ফিলিপের রাজত্বের পূর্ব্বে ঐ রাজ্য অতিসামান্য ও অগণ্য ছিল তিনি চিরোনিয়ার যুদ্ধে গ্রীস্দেশ জয় করিয়া তাহার তাবৎ প্রদেশই আপন রাজ্যের অন্তঃপাতি করিয়াছিলেন।

১১৪ ফিলিপের পর তাঁহার পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট আলেক্সাণ্ডর তৎপদে অভিষিক্ত হইলেন

তিনি পর্শিয়া রাজ্য জয় করিয়া হেলেস্পাণ্ট অবধি ইণ্ডিস্ অর্থাৎ ভারতবর্ষ পর্য্যন্ত দেশ যুদ্ধদ্বারা আপন হস্তগত করিয়া তৃতীয় মহারাজ্য সংস্থাপন করিলেন কিন্তু তিনি ত্রয়স্ত্রিংশদ্বৎসরবয়স্ক হইয়া ত্রয়োদশবৎসর রাজ্য করণের পর বেবিলন্ দেশে অতিশয় মদ্যপানদ্বারা পঞ্চত্ব পাইলেন।

১১৫ আলেক্সাণ্ডর্ আপন উত্তরাধিকারি নির্দিষ্ট না করিয়া যাওয়াতে মাসিডোনিয়া দেশের সেনাপতিরা তাঁহার যুদ্ধলব্ধ রাজ্য বিভাগ করিয়া লইলেক ইহাতে ক্রাইষ্ট জন্মিবার ৩০১ বৎসর পূর্ব্বে চারিটা মহারাজ্য স্থাপিত হয় তাহার অধিকারী টালেমি ও লাইসিমেকস্ ও কাসাণ্ডর্ এবং সিলিউকস্ এই চারি জন হইয়াছিলেন।

টিপ্পনী। আলেক্সাণ্ডর্ এবং তাঁহার পর ক্রমবর্ত্তি রাজাদিগের সময়ে বিশেষত ইজিপ্ত দেশীয় টালেমিনামক রাজাদিগের রাজত্ব কালে বিদ্যার বড় প্রাদুর্ভাব হইয়াছিল যেহেতুক গ্রীস্দেশে লাইসিয়ম্ ও ষ্টোয়া এই দুই বিদ্যালয় ছিল এবং সেই কালে তাবৎপুস্তকাগার অপেক্ষায় আলেক্সাণ্ড্রিয়া নগরের পুস্তকাগারে অধিক পুস্তক ছিল এবং তাদৃক্ পর্শিয়া রাজ্য মধ্য বর্ত্তি সুসানগরের ও এথেন্সদেশে পিসিষ্ট্রেটসের ও হিরাক্লিয়া দেশে ক্লিয়ার্কসের পুস্তকালয়ও সুপ্রসিদ্ধ ছিল। ব্যাকরণ শাস্ত্রের বিশেষ চর্চ্চা আলেক্সাণ্ড্রিয়া নগরে ছিল। খ্যাত্যাপন্ন কবি যে কালিমেকস্ তিনি

এবং আপালোনিয়স্ রোডিয়স্ ও আরেটস্ ও নাইকাণ্ডর্ ও ডিনোডেটস্ ও ইরাটাস্থিনিস্ ও বাইথানিয়াস্ দেশস্থ আরেটকে নিস্ এবং সর্ব্বাপেক্ষায় খ্যাতাপন্ন ও বিজ্ঞ আরিষ্টার্কস্ এই কয় জন প্রধান বৈয়াকরণ ছিলেন এবং পোলিবিয়স্ ও হালিকার্নাসস্ দেশীয় ডাইওনিশিয়স্ ও ডায়োডোরস্ শাইকিউলস্ এই কএক জন গ্রীক ভাষায় ইতিহাস সংগ্রহ করণে সুপ্রসিদ্ধ ছিলেন এবং হিপার্কস্ ও ইরাটস্থিনিস্ ও নাইসদেশীয় হিপার্কস্ ও ডাই-ওনিশিয়স্ পিরিজিটিস্ প্রভৃতি কএক জন প্রধান ভূগোলবেত্তা ছিলেন। প্লেটোর মতাবলম্বিলোকেরাই ক্ষেত্রপরিমাণ ও অঙ্কবিদ্যার চর্চ্চা প্রারম্ভ করেন কিন্তু ইউক্লিড্ ঐ বিদ্যায় অত্যন্ত নিপুণ ছিলেন। তৎপরে ঐ বিদ্যা ব্যবসায়িরদিগের মধ্যে পর্গা দেশীয় আপলোনিয়স্ ও টৈমিনিয়স ও হিরো এবং আর্কিমি-ডিস্ এই কএক জন বড় পণ্ডিত ছিলেন এবং সামস্ দেশস্থ আরিষ্টার্কস্ ও নাইস্ দেশস্থ হিপার্কস্ ও রোডস নামক উপদ্বী-পস্থ জিমিনস্ ও আলেক্জান্দ্রিয়া দেশীয় সোসিজেনিস্ এই কয় জন জ্যোতির্বিদ্যায় পণ্ডিত ছিলেন আরিষ্টাটিলকর্ত্তৃক তৎকালে ফিলাসফী বিদ্যার যেমত প্রাদুর্ভাব হইয়াছিল সেইমত তাঁহার পূর্ব্বে আর হয় নাই। যিনোনামক এক ব্যক্তি ষ্টোইকমত স্থাপন করিয়াছিলেন ও ইপিকিউরস্ও আর একমত স্থাপন করেন লিউক্রীশিয়সের প্রসিদ্ধ কবিতায় ইহাঁর ঐ মতের তাবৎ বিবরণ সুন্দররূপে লেখা আছে।

২ গ্রীকেরা কৃষিকর্ম্মে ও সাধারণ শিল্পকর্ম্মে ও বাণিজ্য ব্যবসায়েতে বিখ্যাত ছিল না কিন্তু সূক্ষ্ম ২ শিল্পকর্ম্মে তৎকালের অন্যং জাতির-দিগের অপেক্ষায় তাহারা পটু ছিল তাহারদিগের যে সকল শিল্প-কর্ম্মের চিহ্ন অদ্যাপি আছে তাহা লোকেরা তাবৎ কর্ম্মের আদর্শ

ও উত্তমতার সীমা করিয়া মানে।

৩ গৃহাদি নির্ম্মাণের যে২ প্রকার সর্ব্ববাদিসম্মত উত্তম তাহার সৃষ্টি গ্রীকেরাই প্রথম করিয়াছিল তাহারা তিন প্রকার গৃহাদি নির্ম্মাণ করিত যথা ডোরিক্ ও আইওনিক্ এবং করিন্থিয়ন্। ডোরিক্ প্রকারের অট্টালিকাদি চিত্রবিচিত্ররহিত অথচ শোভাবিশিষ্ট এবং অন্য দুইপ্রকারহইতে দৃঢ় হয়। এবং আইওনিক্ প্রকারের গৃহাদি অলঙ্কারবিশিষ্ট ও সুদৃশ্য হয় এবং করিন্থিয়ন্ অট্টালিকাদির দ্বারা বোধ হয় যে তৎকালের লোকেরা সুপ্রতিভাশালী ও ঐশ্বর্য্যশালী ছিল।

প্রথমে ডোরিক্ আসি হইল প্রকাশ।
সজ্জাহীন অটল শোভন সর্ব্বপাশ।
দ্বিতীয়ে মাধুর্য্য শোভায় আয়োনিক্ আইল।
শূন্যমার্গে স্তম্ভ তার উচ্চ শোভা কৈল।
তৃতীয়ে ঐশ্বর্য্যশালী করিন্থিন্ উঠিল।
তাহার কৌতুকী বেড় ছড়িয়াপড়িল॥

৪ গৃহাদি নির্ম্মাণ বিদ্যার ন্যায় ভাস্কর বিদ্যাও গ্রীকেরা পরিশ্রম করিয়াছিল এবং তাহারদিগের ভাস্করবিদ্যার যে চিহ্ন আছে তাহাকেই অদ্যাপি অত্যুত্তম আদর্শ করিয়া মানা যায়।

১১৬ পর্সিয়সের রাজত্ব পর্য্যন্ত মাসিডোনিয়া রাজ্য ক্রমিক স্বাধীন ছিল কিন্তু তাঁহার রাজত্ব সময়ে ক্রাইষ্ট জন্মিবার ১৬৮ বৎসর পূর্ব্বে রোমানেরা ঐ দেশ জয় করিয়া আপনারদিগের রাজ্যের এক প্রদেশ করিল।

১১৭ খ্রীষ্টের জন্মের ১৩৯২ বৎসর পর পর্য্যন্ত ঐ দেশ রুম্ রাজ্যের একাংশ ছিল পরে ঐ শকে টর্কজাতিরা চতুর্থ বাজাজেটের সময়ে সেই দেশে প্রবেশ করিয়াছিল বটে কিন্তু দ্বিতীয় আমুরাথের রাজত্বকালীন ক্রিষ্টিয়ান্ ১৪২৯ শকে তাহারা ঐ রাজ্য সমুদয় জয় করিল।

রুম্ অথবা চতুর্থ মহারাজ্যের উপাখ্যান।

১১৮ খ্রিষ্টিয়ান্ শকের ৭৫৩ বৎসর পূর্ব্বে রমিউলস্কর্তৃক রুম্ নগর স্থাপিত হইয়া পলায়িত দাস ও বিচারে অপরাধি ব্যক্তির দ্বারা বসতি হইয়াছিল প্রথমতঃ সে স্থানে রাজকীয় নিয়ম ও বিচারকর্ত্তা ছিল না এবং স্ত্রীলোক অত্যল্প ছিল।

১১৯ পরে লোকেরা রমিউলসকে রাজা করিলো তিনি যে সকল নীতি ও ব্যবস্থাদি স্থাপন করিলেন তাহা নিউমা ও তাঁহার পর ক্রমবর্ত্তি রাজগণের সময়ে উত্তরোত্তর উত্তম হইল।

১২° লোকেরা ঐ রাজাকে ধর্ম্মসংরক্ষক ও রুম নগরের প্রধান বিচারকর্ত্তা এবং সৈন্যাধ্যক্ষ বলিয়া মানিত।

১২১ ঐ রাজার শরীররক্ষার্থে কতকগুলিন সৈন্য নিযুক্ত হইত এবং রাজাজ্ঞানুসারে দণ্ড করিবার নিমিত্ত ও প্রজা দমনার্থে বার জন মনুষ্য এক২ গোচ্ছা শলাকার মধ্যে বদ্ধ কুঠার ধারণ করিয়া তাঁহার অগ্রে২ গমন করিত।

১২২ সেনেট্‌নামক মহাসভা প্রবৃত্ত করা ও রাজকর্ম্ম সম্পাদনার্থে লোকেরদিগকে একত্র করা ও সৈন্যেরদিগের অধ্যক্ষতা করণ ও কোয়েষ্টর্‌ অর্থাৎ রাজভাণ্ডারের অধ্যক্ষ নিযুক্ত করা এই কএক বিষয়েতেই রাজার সমুদয় ক্ষমতার পর্য্যবসান ছিল।

১২৩ সেনেটের অধিপতি প্রথমে এক শত জন এবং পরে দুই শত জন করিয়া হইতেন তাঁহার দিগের দ্বারা রাজ্যের সকল কর্ম্মই নির্ব্বাহ হইত আর তাঁহারা লোকেরদিগের প্রতি পুত্রবৎ স্নেহ করিতেন তৎপ্রযুক্ত তাঁহারদিগকে লোকেরা পেটর্‌ অর্থাৎ পিতা বলিয়া ডাকিত।

১২৪ প্রধান২ রাজকর্ম্ম ও যাজন ক্রিয়া সম্পর্কীয় পদে প্রধান২ লোকের অর্থাৎ সেনেট্‌ নামক সভাপাতরদের সন্তানেরদেরই অধিকার

ছিল এবং সেনেট্ ও লোকেরদিগেরকর্তৃক তাঁহারা তত্তৎপদে নিযুক্ত হইতেন ।

১২৫ সাধারণ লোকেরদিগেরও রাজকীয় বিষয়ের কর্তৃত্ব একাংশ ছিল যে হেতুক রাজা ও সেনেট্কর্তৃক যে সকল ব্যবস্থা নিরূপিত হইত তাহা গ্রাহ্য কিম্বা অগ্রাহ্য করিবার ক্ষমতা ইহার দিগের ছিল ।

১২৬ সন্ধি ও যুদ্ধ সংক্রান্ত তাবৎ বিষয় ও বিচারকর্ত্তা নিয়োগ করা ও রাজপদাভিষিক্ত করাও ইহারদিগের সম্মতিব্যতিরেক হইতে পারিত না ।

১২৭ কোন শত্রুর সহিত যুদ্ধ করিতে হইলে ইহারা অগ্রে প্রস্তাব করিত কিন্তু সেনেটের অধি- পতিরদিগের তত্তদ্বিষয়ে কেবল নিষেধ করিবার ক্ষমতা ছিল ।

১২৮ সাধারণ লোকেরদিগের এমত ক্ষমতা ছিল যে আপনারদিগের উপরে কোন দৌরাত্ম্য না হয় এই নিমিত্ত প্রধান লোকেরদিগের প্রত্যেক দলহইতে এক২ জন বাছিয়া লইয়া আপন২ রক্ষক করিতে পারিত ঐ রক্ষকেরদিগের এই কর্ম্ম যে তাঁহারা আপন ধন ও পরামর্শদ্বারা

তাহারদিগের সাহায্য করিতেন এবং ঐ আশ্রিত গণেরাও তাঁহারদিগের উপকার চেষ্টা করিত।

১২৯ রমিউলস্ লোকেরদিগকে তিন দলে বিভক্ত করিয়াছিলেন তাহার প্রত্যেক দলে দশ থাক ছিল ও প্রত্যেক থাকে এক শত জন লোক ও তাহারদিগের এক জন অধ্যক্ষ হইত তাঁহাকে সেঁটিউরিয়ান্ বলিয়া ডাকিত।

১৩০ তিনি রুম নগরের তাবৎ ভূমি তিন অংশ করিয়াছিলেন তাহার একাংশ রাজ্যের নির্বাহ কারণ ও অন্য একাংশ দেব সেবার কারণ রাখিয়াছিলেন ও তৃতীয়াংশ বিভাগ করিয়া প্রত্যেক নগরবাসিকে দুই২ একর্ করিয়া দিয়াছিলেন।

১৩১ নিউমা পম্পিলিয়স্নামক রুমদেশের দ্বিতীয় রাজা অনেক গ্রাম্যদেবতা প্রকাশ করেন এবং অনেক মন্দির নির্ম্মাণ করত ফ্লামিন্ ও সেলাই প্রভৃতি কএকপ্রকার যাজকেরদিগের দল স্থাপিত করিয়া নানাবিধ পূজার মত প্রকাশ করিয়াছিলেন।

১৩২ ফ্লামিন্নামক যাজকেরা প্রত্যেকে কোন বিশেষ দেবতার পূজায় নিযুক্ত ছিলেন এবং সেলাইএরা দেবফলক রক্ষা করিতেন ও বেষ্টাল্

প্রগুলিত রাখিতেন এবং আগর্ ও আরস্পিসিস্নামক যাজকেরা পক্ষির উড্ডয়ন ও বলির নাড়ীভুঁড়ির দর্শনদ্বারা ভবিষ্যৎ ভদ্রাভদ্র কহিতেন এবং জেনস্ দেবতার মন্দিরদ্বার যুদ্ধকালে মুক্ত ও সন্ধিসময়ে রুদ্ধ থাকিত।

১৩৩ নিউমাপাম্পিলিয়সের পরে যে কএক জন ক্রমশঃ রুমদেশে রাজা হইয়াছিলেন তাঁহারদিগের নাম টলস্হাষ্টিলিয়স্ ও আংকস্ মার্শস্ ও টার্কুইনিয়স্প্রিস্কস্ এবং সর্বিয়স্টলিয়স্ ছিল।

১৩৪ অপর অহংকৃত উপাধিবিশিষ্ট লুশিয়স্ টার্কুইনিয়স্নামক যে রুমদেশের ষষ্ঠ ও শেষ রাজা তাঁহার দৌরাত্ম্যপ্রযুক্ত ক্রাইষ্টের জন্মের ৫০৯ বৎসর পূর্ব্বে ব্রুটস্নামক এক ব্যক্তি তাঁহাকে দেশহইতে বহিষ্কৃত করিয়াছিল।

২ কানসলনামক রাজকর্ম্ম সম্পাদকেরদের বৃত্তান্ত।

১৩৫ পরে লোকেরা সাধারণ কর্তৃত্ব রাজশাসন স্থাপিত করিল এবং বৎসর ২ দুই ব্যক্তিকে কানসল উপাধি দিয়া বিচারকর্ত্তা নিযুক্ত করিত ইহারদিগের এই কর্ম্ম ছিল যে ধর্ম্মানুষ্ঠানের ও রাজকারের অধ্যক্ষতা করিতেন এবং সৈন্য সংগ্রহ ও তাহারদিগের উপরে প্রভুত্ব করিতেন এবং রাজ্য সম্বন্ধীয় যে সকল সভা হইত তাহারে সদস্য হইতেন।

১৩৬ সাধারণ লোকেরা প্রধান লোকগণকর্তৃক পীড়িত হওয়াতে অসন্তুষ্ট হইয়া ক্রমে বিরুদ্ধ আচরণ করিতে আরম্ভ করিল কিন্তু অল্পকালস্থায়ি ঐকাধিপত্য ক্ষমতাবিশিষ্ট একং জন ডিকটেটরনামক বিচারকর্ত্তা নিযুক্ত হইবাতে তাহারা শান্ত হইল।

১৩৭ অপর কএক বৎসর পরে লোকেরা আপনারদিগের দুঃখ সম্যক প্রকারে নিবারণ হইল না এমত বোধ করিয়া সকলে একবাক্যতায় উপপ্লব উপস্থিত করিবাতে সেনেটনামক সভাপতিরা স্বীকার করিলেন যে লোকেরা বৎসরং ট্রিবিউন

নামক পাচ জন নূতন বিচারকর্ত্তা আপনারা বাছিয়া নিযুক্ত করিবেক।

১৩৮ ধর্ম্মভীত লোকেরাই ঐ ট্রিবিউন্ হইতেন উপদ্রুত ব্যক্তিরদিগকে রক্ষা করা ও অপরাধ মার্জ্জনা করা ও লোকেরদিগের শত্রুগণকে বিচার দ্বারা দোষী করা এবং আবশ্যক মতে তাবৎ রাজকীয় কর্ম্ম স্থগিত করা এই সকল কর্ম্ম তাঁহারদিগের ছিল অপর করিওলেনসের দেশ বহিভূর্ত হওনানন্তর দশ২ জন করিয়া ট্রিবিউন্ পদে নিযুক্ত হইতে লাগিল।

১৩৯ পরে নূতন ব্যবস্থা স্থাপন করিবার যোগ্য দশ জন ডিসেম্বিরাইনামক বিচারকর্ত্তা নিযুক্ত হইত এক বৎসর পর্য্যন্ত ইহারদিগের ঐ ঐকাধিপত্য ক্ষমতা থাকিত এবং ঐ কালে আর২ তাবৎ বিচারকর্ত্তারা ক্ষমতারহিত হইতেন। পরে তাঁহারদিগের স্বকৃত নিয়ম দশখান পিত্তলপাত্রে মুদ্রিত করিয়া নগরের প্রকাশস্থানে রাখিয়াছিলেন।

১৪০ তদনন্তর ঐ ডিসেম্বিরাইরদিগের ঐ ঐকাধিপত্য ক্ষমতা যে চিরকাল থাকে এমত এপিয়স্ ক্লাডিয়স চেষ্টা করাতেই লোকেরা তাঁহার সুমচিত দণ্ড করিয়া [illegible]

নামক বিচারকর্ত্তারদিগকে নিযুক্ত করিতে আরম্ভ করিলেক।

১৪১ পরে রোমানেরদিগের মধ্যে এই সকল বিরোধ উপস্থিত হওয়াতে ব্রেনসের কর্তৃত্বাধীন হইয়া গাল্ জাতিরা ইত্যবসরে ইটালি দেশ আক্রমণ করিল এবং রুমনগর স্থাপনাবধি ৩৯৪ শকে ঐ নগরের দ্রব্যাদিঅপহরণ করিয়া অতিশয় নিষ্ঠুরতাপূর্ব্বক তাহা ভস্মসাৎ করিল।

টিপ্পনী। রুম্ দেশীয় পুরাবৃত্তকর্ত্তারা বলেন যে গালেরদিগের কর্ত্তৃক ঐ নগর দগ্ধ হওয়াতে তাঁহারদিগের প্রাচীন উপাখ্যানের তাবৎ পুস্তক ও বৃহৎ কর্ম্ম স্মরণার্থ যে সকল স্তম্ভ নির্ম্মিত হইয়াছিল তাহা নষ্ট হয়।

১৪২ তৎপর ইডাইল্ ও প্রিটর্‌নামক বিচারকর্ত্তারদিগের ঐ কালে নিযোগ হইতে আরম্ভ হইল এবং রাজসম্পর্কীয় গৃহাদি নির্ম্মাণকরা ও ভগ্নসংস্কার করা এবং খাদ্য দ্রব্যাদির পরীক্ষা করা এই সকল বিষয়ে ইডাইলেরদিগের ভার ছিল এবং প্রীটরেরা বিচারযোগ্য বিষয় সকল বিচার করিয়া নিষ্পত্তি করিতেন।

১৪৩ এই কালে রোমানেরা আপন প্রতিবাসি সামনাইট ও টারেনটাইন্‌জাতিরদিগকে এবং অন্যান্য শত্রুগণের রাজত্ব আপনারদের আয়ত্ত করিয়া রুম্‌নগর স্থাপনাবধি ৪৮৩ শকে সমুদয় ইটালি দেশের কর্ত্তা হইলেন।

টিপ্পনী। খ্রীষ্টের জন্মিবার ৭৫৩বৎসর পূর্ব্বে ও পৃথিবীর সৃষ্টির ৩২৫১ বৎসর পরে ও ষষ্ঠ ওলিম্পিয়াডের চতুর্থ বৎসরে এপ্রেল্‌ মাসের বিংশতিদিনে রুম্‌ নগর স্থাপন হইয়াছিল। খ্রীষ্টের জন্মের ৫০৯বৎসর পূর্ব্বে ঐ রাজ্য কান্সল্‌নামক বিচারকর্ত্তারদিগের কর্ত্তৃক শাসিত হইতে আরম্ভ হইল। এবং ৪৯৮ বৎসর পূর্ব্বে সর্ব্বোপরি ডিক্টেটরনামক বিচারকর্ত্তা প্রথমে নিযুক্ত হয় ও ৪৯৩ বৎসর পূর্ব্বে ঐ রাজ্যে ১৩২৪১৯ জন ও ২৯৪ বৎসর পূর্ব্বে ২৭০০০০ জন ও ১৫৯ বৎসর পূর্ব্বে ৩৩৮২১৪ জন এবং ৫০ বৎসর পূর্ব্বে ৩২০০০০ জন শস্ত্র ধারণোপযুক্ত লোক ছিল। ডিসেম্বিরাইনামক দশ জন বিচারকর্ত্তা রাজকীয় নূতন ব্যবস্থা স্থাপনার্থে নিযুক্ত হইয়া খ্রীষ্টের জন্মিবার ৪৫১ বৎসর পূর্ব্বে তৎকর্ম্ম সম্পন্ন করিয়াছিলেন ও ৩৯৩ বৎসর পূর্ব্বে গেলস্‌কর্ত্তৃক রুম্‌ রাজ্যের পুরাদি অপহৃত হইয়াছিল। এবং ৪৫০ বৎসর পূর্ব্বে ট্রিবিউন্‌ ও ইডাইল্‌ ইত্যাদি বিচারকর্ত্তারা ক্ষমতারহিত হইয়াছিলেন ও ৪৪৩ বৎসর পূর্ব্বে সেন্সর্‌ নামক বিচারকর্ত্তারা নিযুক্ত হয়েন। ও ৪২১ বৎসর পূর্ব্বে কান্সল্‌নামক বিচারকর্ত্তারদিগের পরিবর্ত্তে ঐ দেশস্থ প্রধান লোকেরদিগের দলহইতে ট্রিবিউন্‌নামক বিচারকর্ত্তা হইতে আরম্ভ হইল। কিন্তু ৪১৮ বৎসর পূর্ব্বে ঐ কান্সল্‌ পদ

লোকেরাই পশ্চিম অংশের সম্রাট করিয়া মানাতে তিনি ঐ দেশীয় পোপ্নামক মহাধর্ম্মাধ্যক্ষকে ঐ নগর অর্পণ করিলেন কিন্তু আপনি তাহার রাজা থাকিলেন তদনন্তর পোপেরা আপনারদিগকে ও ঐ নগরকে স্বাধীন করিল।

১৪৪ কার্থেজ্ দেশস্থ লোকেরা রোমানেরদিগের শত্রুরদিগকে আশ্রয় দেওয়াতে এক যুদ্ধ উপস্থিত হইল তাহা রূম্ নগর স্থাপনের ৫১৯ বৎসর পরে সমাপ্ত হইলে সিসিলি প্রভৃতি কার্থেজ রাজ্যের অধিকারস্থ উপদ্বীপ রোমানেরা আপনারদিগের রাজ্যান্তর্গত করিয়া লইলেক।

১৪৫ অপর তৎকালে কার্থেজ্ দেশস্থ লোকেরদিগকে অকিঞ্চিৎকর সন্ধি করিতে হইয়াছিল এই প্রযুক্ত তাহারা পুনর্ব্বার সন্ধিভঙ্গ করত বহুসৈন্য সংগ্রহ করিয়া হানিবেল্নামক সেনাপতিকে তাহার অধ্যক্ষ করিল। পরে তিনি আল্পনামক পর্ব্বত শ্রেণী উত্তীর্ণ হইয়া ইটালি দেশ প্রবেশ করিয়া কএক ঘোরতর সংগ্রামে রোমানেরদিগকে পরাস্ত করিয়াছিলেন।

১৪৬ কিন্তু সাহসিত্বরূপে বিখ্যাত ও বিচক্ষণ যে ফেবিয়স্ মাক্সিমস্নামক এক ব্যক্তি তিনি

ছলক্রমে সম্যক্ প্রকারে যুদ্ধ নিবারণ করাতে রুমরাজ্য রক্ষা পাইল যেহেতুক সিপিওনামক রুমীয় সেনাপতির সহিত যুদ্ধ করিবার জন্য কার্থেজ্ দেশীয়েরদের আজ্ঞানুসারে হানিবেলকে আফ্রিকা নামক মহাদ্বীপে প্রত্যাগমন করিতে হইয়াছিল। পরে সিপিওকর্তৃক তিনি রণে সম্যক্ প্রকারে পরাভূত হইয়াছিলেন এবং ঐ যুদ্ধে পিউনিক্ নামক দ্বিতীয় সংগ্রাম সমাপ্ত হয়।

১৪৭ অপর রোমানেরদিগের বন্ধু ও স্বপক্ষ যে মাসিনিসানামক নিউমিডিয়াদেশীয় রাজা তাঁহার প্রতিকূলে কার্থেজ্ দেশীয় লোকেরদের শস্ত্রধারণ করাতে পিউনিক্নামক তৃতীয় যুদ্ধ আরম্ভ হয়। এবং কার্থেজ্ নগর শিল্পবিদ্যায় ও ঐশ্বর্য্যে এবং রাজ্যের বিস্তারিতাপ্রযুক্ত বিখ্যাত ছিল তাহা ঐ যুদ্ধের শেষে ক্রাইষ্টের জন্মের ১৪৬ বৎসর পূর্ব্বে এবং ঐ নগরস্থাপনের ৬০২ বৎসর পরে রোমানেরা নিষ্ঠুরতাপূর্ব্বক নষ্ট করিয়া ঐ রাজ্যের দ্রব্যাদি অপহরণ করত সমভূমি করিয়াছিল।

টিপ্পনী। ক্রাইষ্টের জন্মের ১২৩৯ বৎসর পূর্ব্বে টাইরিয়ান্ জাতীয় কর্তৃক কার্থেজ্ নগরের পত্তনমাত্র হয় কিন্তু ন্যূনাতিরিক্ত ৮৬১ বৎসর পূর্ব্বে ডাইডোনাম্নী রাণী তাহা নির্ম্মাণ করেন ও ১৪৬ বৎসর পূর্ব্বে ঐ নগর নাশ হয়। ক্রিস্তিয়ান্ ৫৩৩ শকে জষ্টিনিয়ান রাজা বেণ্ডল্ জাতিরদিগকে ঐ রাজ্য হইতে দূরীভূত করেন এবং ৬৯৬ শকে সারাসেন্ জাতিরা ঐ নগর বেষ্টন করিয়া ৬৯১ শকে জয় করত পুনর্ব্বার বিনাশ করিল।

১৪৮ এই প্রকারে এক শত বৎসরের মধ্যে থ্রেস্ ও গ্রীস্ রাজ্য ও আফ্রিকানামক মহাদ্বীপ ও সিরিয়া ও আশিয়া মাইনরদেশস্থ তাবদ্রাজ্যই ঐ প্রশস্ত মহারাজ্যের গৌরবাকাঙ্ক্ষি ও নীতি বর্জ্জিত লোকেরদিগের বশীভূত হইয়াছিল।

১৪৯ টাইবিরিয়স্ গ্রাকসো আগ্রেরিয়ান অর্থাৎ ভূমিসম্বন্ধীয় ব্যবস্থা প্রচলিত করণাভিপ্রায় ব্যক্ত করাতে ঐ দেশমধ্যে এক রণ উপস্থিত হইয়াছিল তাহাতে তিনি ও তাঁহার ভ্রাতা কেয়স্গ্রাকস্ উভয়েই নির্দ্দয় সেনেট্কর্ত্তৃক হত হইয়াছিলেন।

টিপ্পনী। পাঠকবর্গকে ইহা জানান আবশ্যক যে ঐ রাজ্যে যে সকল কুরীতি হইতে আরম্ভ হইয়াছিল তাহা শোধরাইবার নিমিত্ত টাইবিরিয়স্ ও কেয়স্ গ্রাকস্ এই উভয় রাজা অত্যন্ত উদ্বিগ্ন হইয়া তাবৎ রাজকর্ম্ম ও লোক লৌকিকতারহিত হয় এমত কর্ম্ম করিতে প্রবৃত্ত হইয়াছিলেন।

২ গ্রাকাইনামক রাজ্যের মঙ্গলেচ্ছুক যে দুই ব্যক্তি তাঁহারা উপদ্রব করাতে যে সকল বিবাদ উপস্থিত হয় তাহাতে দেশ মধ্যে নানাপ্রকার আত্মবিরোধ হইতে আরম্ভ হইল এবং সাধারণ রাজকর্তৃত্বের বিনাশপর্যন্ত এইরূপ আত্মকলহ ক্রমাগত হইয়াছিল।

১৫০ অপর আফ্রিকানামক মহাদ্বীপস্থ নিউমি-ডিয়া রাজ্য ও তাবৎ মারিটেনিয়া দেশ রোমানের-দিগের বশীভূত হইয়াছিল।

১৫১ পরে ঐ দেশমধ্যে সিলা ও মেরিয়স্ এই উভয় জনের পরস্পর যুদ্ধ হইয়াছিল তাহাতে সিলা জয়ী হইয়া ডিক্টেটর্ উপাধি ও তৎপরাক্রম প্রাপ্ত হয়েন এবং কিছু কাল ঐ পদে থাকিয়া কোন অত্যাচার না করিয়া হঠাৎ ঐ কর্ম্ম পরি-ত্যাগ করিলেন ও আপনি পূর্ব্বে যে সকল অন্যায্য কর্ম্ম করিয়াছিলেন তন্নিমিত্তে বিচার প্রার্থনা করিলেন।

১৫২ তদনন্তর সিল্লার মৃত্যুর পর পাম্পি ও সীজর্ এই দুই জন অত্যুচ্চপদপ্রাপ্ত হইয়া উভয়েই স্বং প্রতিযোগী না থাকে এমত অভিলাষী হইয়াছিলেন পরে সেনেটেরদিগকে নষ্ট করিবার নিমিত্ত কাটেলাইন্ যে কুমন্ত্রণা করিয়াছিলেন তাহা সিসিরো এই সময়ে নিবারণ করাতে কাটেলাইন্ পরাজিত হইয়া হত হইলেন।

১৫৩ অপর সীজর্ সমুদয় গাল্ দেশ বশীভূত করত ব্রিটেন্ রাজ্য পর্য্যন্ত জয় করিয়া ইটালি দেশে প্রত্যাগমন করিবাতে তিনি ডিক্টেটর্ পদে অভিষিক্ত হইয়াছিলেন। তদনন্তর তাঁহার প্রতিযোগী পাম্পিকে পরাস্ত করিতে চেষ্টা করিয়া ক্রাইষ্টের জন্মিবার ৪৩ বৎসর পূর্ব্বে ফার্সেলিয়া নামক স্থানে যুদ্ধ করিয়া তাঁহাকে পরাজিত করেন। ঐ যুদ্ধেই সাধারণ রাজকর্তৃত্বের লোপ ও পাম্পির বিনাশ হয়।

১৫৪ অপর ঐ দেশের মধ্যে স্বাধীনতার চিহ্নমাত্রও রহিল না যেহেতুক সেনেট্ নামক রাজকীয় মহাসভাসম্পাদকেরা তৎকালে পরাক্রমরহিত হইয়াছিলেন ও সীজরের ঐকাধিপত্য হইয়াছিল।

তিনি দশ বৎসরের নিমিত্তে কানসলের পদ ও যাবজ্জীবন ডিক্টেটরের পদপ্রাপ্ত হইয়াছিলেন কিন্তু ব্রূটস্ এবং কাশিয়স্ তাঁহার মৃত্যু চিন্তা করত এক দল করিয়া যে বাটীতে সেনেট্ নামক রাজকীয় মহাসভা হইত সেই বাটীতে তাঁহাকে বধ করিলেক।

১৫৫ অপর মার্ক আণ্টোনি ও আক্টেবিয়স্ এবং লিপিডস্ এই তিন রাজ্যাপহারক একত্র হইয়া রূমরাজ্যের তাবৎ প্রদেশ আপনারা বিভাগ করিয়া লইয়াছিল এবং ঐ রাজ্যের স্বাধীনতা রক্ষকেরদিগের মধ্যে যে অবশিষ্ট ব্রূটস্ এবং কাশিয়স্ ছিলেন তাঁহারদিগকে ফিলিপি দেশের রণস্থানে আক্রমণ করিয়া ঐ রাজ্যাপহারকেরা পরাজয় করিয়াছিল।

১৫৬ তদনন্তর আক্টেবিয়স্ ছলক্রমে লিপিডস্‌কে রাজ্য বহিষ্কৃতকরিয়া সার্সিয়ম্ দেশে প্রেরণ করিয়াছিল এবং আক্টিয়ম্ দেশে সমুদ্রমধ্যে ঘোরতর সংগ্রামে আণ্টোনিকেও পরাজয় করেন এইরূপে ঐ দুই জনহইতে মুক্ত হইয়া ক্রাইষ্টের জন্মের ৩১ বৎসর পূর্ব্বে রূম্ রাজ্যে নিষ্কণ্টকে ঐকাধিপত্য করিতে লাগিলেন।

এমত সহিষ্ণুতা করাইয়াছিলেন যে তাঁহার মৃত্যুর পর লোকেরা তাঁহাকে দেবতুল্য করিয়া মানিত।

টিপ্পনী। উত্তমোত্তম গ্রন্থকর্ত্তারদিগের প্রমাণ মতে ৭৫৩ বৎসর রুমনগর স্থাপনের পর এবং ইতরলোকে যাহাকে ক্রিষ্টিয়ান্ শক কহে তাহার ৪ বৎসর পূর্ব্বে যিশুস্ ক্রাইষ্টের জন্ম হওয়াতে আগষ্টসের রাজত্বের সময় প্রসিদ্ধ হইয়াছিল।

১৬০ আগষ্টসের পর টাইবিরিয়স্ রাজা হইয়াছিলেন ইনি প্রজারদিগের প্রতি যে দৌরাত্ম্য করিতেন তাহার সীমা ছিল না তিনি ত্রয়োবিংশতি বৎসর রাজত্ব করণানন্তর হত হইয়াছিলেন তদ্দ্বারা দুষ্ক্রিয়ার উপদ্রব স্থল লোপ হইল।

টিপ্পনী। টাইবিরিয়সের রাজত্বের অষ্টাদশ বৎসরে ক্রিষ্টিয়ান্ ধর্ম্মের প্রচারকর্ত্তা জিজস্ ক্রাইষ্ট ৩৩ বৎসর বয়ঃ কালে মনুষ্যগণের পাপ মোচনার্থে ক্রাসনামক যন্ত্রে আপন মৃত্যু স্বীকার করিয়াছিলেন।

১৬১ অপর টাইবিরিয়সের মৃত্যু হইলে কেয়স কালিগিউলা রাজা হইলেন তিনি একপ্রকার চর্ম্ম-পাদুকা ব্যবহার করিতেন এই নিমিত্তে তাহার ঐ নাম হইয়াছিল তিনি অতি অধম দুরাচারী ছিলেন এবং আপন ঘোটককে মন্ত্রিত্বে বরণ করিয়া তাহার সহিত একত্র ভোজন করিতেন এবং জুপিটর্

নামক দেবতার পূজকেরদিগেকে পরিচ্ছদ পরাইয়া ঐ দেবতার মন্দিরে তাহাকে লইয়া যাইতেন।

১৬২ অপর কেয়স্ কালিগিউলার মরণানন্তর সৈন্যেরা ক্লাডিয়স্‌কে রাজ্যাভিষিক্ত করিলেক পরে ইনি বৃিটেন্ দেশে যুদ্ধার্থে গমন করিয়া ঐ দেশের কারেক্‌টেক্‌স্‌নামক মহাবীরকেজয় করত তাঁহাকে বন্দি করিয়া রূম নগরে আনিয়াছিলেন।

১৬৩ অপর ক্লাডিয়সের রাণী আগ্রিপিনা আপন পুত্র নিরোর মস্তকে রাজমুকুট দিবার কারণ স্বামিকে বিষ পানদ্বারা বধকরিয়াছিলেন। নিরো অত্যন্ত লম্পট ও নিষ্ঠুর এবং উপদ্রবী ছিলেন। তিনি ১৪ বৎসর পর্য্যন্ত অত্যন্ত অত্যাচার এবং পাপ কর্ম্ম করিয়া আপন অশুভ জীবন বিনাশ করিয়াছিলেন।

১৬৪. পরে তাঁহার সেনাপতি সর্ব্বিয়স গাল্‌বা রাজা হইলেন তিনি আপন অবিচার এবং নিষ্ঠুরতাপ্রযুক্ত ৭ মাস রাজত্ব করিয়া হত হইলেন।

১৬৫ তাঁহার পর ওথো রাজা হইয়া তিন মাস রাজত্ব করিয়াছিলেন ও তৎপরে পশুবৎ দুরাত্মা যে বাইটেলিয়স্ তিনি সিংহাসনো পবিষ্ট হইয়া ৮ মাস রাজত্ব করিয়াছিলেন।

১৬৬ এই সকল রাজার পর বেস্পেশিয়ান্ বৃদ্ধাবস্থায় আপন সদ্গুণদ্বারা রাজত্বপ্রাপ্ত হয়েন তিনি জিউ জাতিরদিগের সহিত যুদ্ধ করিয়া যিরূশালেম্ নগর জয় করণানন্তর ঐ স্থানকে অত্যন্ত নিষ্ঠুরতাপূর্ব্বক ধ্বংস করিয়াছিলেন।

১৬৭ পরে তাঁহার পুত্র টাইটস্ রাজা হইলেন তিনি আপন অসাধারণ গুণ এবং ক্ষমতা ও সুধীরতা এবং উত্তম রাজ্যশাসন করণদ্বারা বিখ্যাতছিলেন কিন্তু তাঁহার রাজত্বের তৃতীয় বৎসরে ক্রিষ্টিয়ান্ ৮১ শকে তাঁহার পর লোক প্রাপ্তি হইল ইহাতে তাঁহার ভ্রাতা তাঁহার মৃত্যুর প্রতি কারণ এমত সন্দেহ হয়।

১৬৮ পরে ডোমিশিয়ান্ রাজা হইলো তিনি অত্যন্ত পাপিষ্ঠ এবং নিষ্ঠুর ছিলেন এবং তাঁহার দৌরাত্ম্যেতে ১৫ বৎসর পর্য্যন্ত রোমাণেরা ক্লেশিত হইয়াছিল।

১৬৯ পরে ডোমিশিয়ানের ঘাতকগণকর্ত্তৃক কাকসিয়স্ নর্বা রাজ্যাভিষিক্ত হইয়াই তিনি বিবেচনা করিয়া দেখিলেন যে আপনার অধিক বয়ঃপ্রযুক্ত রাজ্যের সকল উপদ্রব নিবারণ করিতে আপনি অক্ষম এই কারণ ১৬ মাস রাজত্ব করিয়া অল্পিয়স্ ট্রেজানকে রাজ্যের উত্তরাধিকারিত্বে বরণ করিলেন। যে সকল গুণে এবং ক্ষমতাতে রাজসিংহাসন উজ্জ্বল হয় সে সকলি ঐ রাজ পুত্রের ছিল।

১৭০ তদনন্তর তাঁহার কুটুম্ব এড্রিয়ান্ রাজা হইলেন তাঁহার শাসনেতে রাজ্য সুখসৌভাগ্যে বর্দ্ধিত হইয়াছিল তিনি শিল্পবিদ্যার পুরস্কার করিতেন ও রাজকীয় নিয়ম সুধারা করিয়া যুদ্ধ শিক্ষার উত্তম রীতি স্থাপন করিয়াছিলেন।

১৭১ অপর এড্রিয়ান্ রাজার পোষ্যপুত্র আন্টোনিনস্ রাজা হইলেন তিনি আপন গুণ ও ধর্ম্মে মতিপ্রযুক্ত এবং নির্ব্বৈরতা ও সদ্বিচার দ্বারা পাইয়স্ অর্থাৎ ধর্ম্মাত্মা উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন।

১৭২ পরে মারকস্ আরিলিয়স্ আন্টোনিনস্ রাজ্যাভিষিক্ত হইলেন তিনি ধর্ম্মাত্মা ও জ্ঞানী এবং পণ্ডিত ছিলেন ও তাঁহাকে দেবতার ন্যায় দয়াময় বোধ হইত যেহেতুক তিনি সর্ব্বত্র সুখ সৌভাগ্য বিস্তার করিয়াছিলেন ।

১ টিপ্পনী । আগষ্টসের পর ক্রমবর্ত্তি রাজারা বিদ্যাপ্রিয় ছিলেন বটে এবং আপনারদিগেরও বিশেষ২ পাণ্ডিত্য ছিল তথাপি তাঁহারদিগের সময়ে বিদ্যার প্রাদুর্ভাব হয় নাই বরং হিতোল্টা হইয়াছিল । লোকেরা প্রাণপণে অন্যান্য বিষয়ে বুদ্ধিপ্রকাশ করিত ও আত্মশ্লাঘি অথচ পণ্ডিতাভিমানি ব্যক্তিরাই কেবল বাক্পটুতা অভ্যাস করিত ও বিতণ্ডাবাদিরাই সিদ্ধান্তবাগীশ ছিল ও ইতরলোকেরাই বিদ্যাভ্যাস করিত এবং সকলেই দুরাত্মা রাজারদিগের আজ্ঞাবহ ছিল । এইকালে বেস্পেশিয়ান্ ও ট্রেজান্ ও এড্রিয়ান্ ও মারকস্ আরিলিয়স্ এই কএক রাজা প্রধান বিদ্যাবর্দ্ধক ছিলেন ও সেনেকা ও কনিষ্ঠ প্লিনি ও প্লুটার্ক ও সিউটোনিয়স্ এবং জুবেনেল্ ও ইউসিবিয়স্ এই কএক জন গ্রন্থকর্ত্তা ছিলেন ।

২ যিরূশালেম্ নগর ধ্বংস হওয়া পর্য্যন্ত সুরিয়া দেশে যিহুদী জাতিরদিগের মধ্যে অনেক চতুষ্পাঠী ছিল বিশেষতঃ বিথোরন্ ও জিবনিয়া এবং টাইবিরিয়াস্‌নামক স্থানে অনেক পাঠশালা ছিল গ্রীকেরদিগের ফিলাসফী বিদ্যা ও ভূম্যাদি পরিমাণবিদ্যা এবং অঙ্কবিদ্যা ও রাজনীতি ও বৈদ্যশাস্ত্র ও মায়াবিদ্যা এবং জ্যোতিষ বিদ্যা এই সকল ইজিপ্টদেশের পাঠশালাতে শিক্ষা হইত ইহার মধ্যে আলেক্জাণ্ড্রিয়ানামক প্রধান পাঠশালা ছিল । তৎকালে গ্রীস্

দেশ মধ্যবর্ত্তি এথেন্স নগরস্থ সকল পাঠশালাতে বিদ্যার চর্চ্চা বিলক্ষণ ছিল এবং বেস্পেসিয়ান্ রাজা প্রথমে রাজভাণ্ডারহইতে রুমনগর ও ইটালিদেশস্থ পাঠশালার ব্যয়ের আনুকূল্য করিয়াছিলেন। রুম্ নগরের পাঠশালার পরেই প্রধান পাঠশালা মিলন্ নগরে ছিল।

৩ আলেক্জান্দ্রিয়া নগরের পুস্তকাগার যাহা বিবেকহীন লোকের দিগের গোঁড়ামিপ্রযুক্ত নষ্ট হইয়াছিল ও কান্স্টান্টিয়স্ কর্ত্তৃক স্থাপিত কান্স্টান্টিনোপল্ নগরের পুস্তকাগার যাহা জুলিয়ান রাজা কর্ত্তৃক ক্রমশঃ এমত বর্দ্ধিত হইয়াছিল যে অবশেষে তাহাতে [illegible] লক্ষ বিংশতি সহস্র পুস্তক সংগৃহীত হইয়াছিল এবং [illegible] নামক স্থানের পুস্তকাগারে ও রুম্ নগরের পুস্তকাগার যাহার নাম [illegible] উল্পিয়ন্ টাইবিরিয়ানা ছিল তাহা এবং কাপিটোলিনার পুস্তকাগার যাহাতে কনিষ্ঠ গার্ডিয়ান্ রাজার সময়ে [illegible] পুস্তক ছিল এই সকল পুস্তকাগার তৎকালে প্রধান ছিল।

১৭৩ পরে মারকস্ আরিলিয়স্ আণ্টোনিনসের পুত্র কামোডস্ সিংহাসনোপবিষ্ট হইলেন তিনি অতিদুষ্ট ছিলেন ও তাঁহাতে ধর্ম্ম এবং মনুষ্যত্বের লেশও ছিল না এবং ত্রয়োবিংশতি বৎসর রাজ্য করিয়া বিষপানে প্রাণত্যাগ করিলেন।

১৭৪ তাঁহার মৃত্যু হইলে পর ঐ নগরের প্রিফেক্ট অর্থাৎ রাজকর্ম্মাধ্যক্ষ হেলবিয়স্ পার্টিনাক্স নামক এক ব্যক্তি ঐ শূন্য সিংহাসনোপবিষ্ট হইলেন তিনি নীচ কুলোদ্ভব হইয়াও আপন গুণেতে

অতুল্য পারপ্রাপ্ত হইয়াছিলেন। পরে রাজ্যের কুধারা নিবারণার্থে তাঁহার যে অত্যন্ত অভিলাষ ছিল সেই তাঁহার বিনাশক হইল যেহেতুক কামোডসের মৃত্যুর ৮৫ দিবসের পর তাঁহার এক জন রক্ষক তাঁহাকে বধ করিলেক।

১৭৫ শকে প্রিটোরিয়ান্ গার্ড অর্থাৎ রূম্ দেশীয় বিচারকর্ত্তারদের রক্ষকেরা ঐ সময়ে প্রকাশ্যরূপে রাজত্ব বিক্রয় করিবার উপক্রম করাতে ডাইডিয়স্ জুলিয়ানস্নামক এক ব্যক্তি তাহা ক্রয় করিলেন কিন্তু অন্য২ অনেকেই ঐ রাজত্বপ্রাপ্তির আকাঙ্ক্ষী হওয়াতে সেপ্টীমিয়স্ সিবিরস্নামক এক ব্যক্তি যিনি অধিক মূল্য দিতে স্বীকার করিয়াছিলেন তাঁহাকে আগষ্টস্ উপাধি দিয়া রাজপদে নিযুক্ত করিয়া ঐ জুলিয়ানসের মস্তক ছেদন করিলেক। পরে সিবিরসের স্বেচ্ছামত রাজকীয় নিয়ম হওয়াতে সেনেট নামক মহাসভার প্রভুত্ব লোপ হইল।

টিপ্পনী। কামোডসের সময়ে রূম্ দেশে যে সকল উপদ্রব আরম্ভ হয় তাহা ডাইওক্লিশিয়ানের রাজত্বের প্রথম পর্য্যন্ত ক্রমিক এক শত বৎসর থাকে ঐ এক শত বৎসরের মধ্যে এই২ রাজারা রাজত্ব করিয়াছিলেন তাঁহারদিগের নাম হিলিওগেবেলস্ ও আলেক্সাণ্ডর্সিবিরস্ ও মাক্সিমিনস্ ও গার্ডিয়ান্ ও ডিসিয়স্ ও গালস্ ও বালিরিয়ান্

ও গালিএনস্ ও ক্লাডিয়স্ ও আরিলিয়ান্ ও টাসিটস্ ও প্রোবস্ এবং কেরস্ এই সকলের মধ্যে আলেক্সাণ্ডর সিবিরস্ দয়ালু ও জ্ঞানী ও দাতা ছিলেন তাঁহার রাজত্ব ব্যতিরিক্ত ঐ সময়ের ইতিহাসে কোন উপদেশ না আহ্লাদজনক সম্বাদ নাই।

১৭৬ পরে ডাইওক্লিশিয়ান্ রাজ্য চারি ভাগ করিয়া তাহার শাসনার্থে দুই জন সম্রাট ও দুই জন যুবরাজ নিযুক্ত করিয়াছিলেন এবং তাঁহার রাজত্বসময়ে জর্মানি দেশের উত্তর খণ্ডীয় লোকেরা রুমরাজ্য আক্রমণ করিতে আরম্ভ করিয়াছিল।

টিপ্পনী। রুমরাজ্যের অধিক আয়তন হওয়াতে রাজপরাক্রমের হ্রাস হইয়াছিল এবং রাজপুত্রদের মধ্যে ঐ দোষের বিনাশ হওনের অঙ্কুর পূর্ব্বেতেই করিয়াছিল পরে গাথ্ ও বেণ্ডাল্ ও হূন্ প্রভৃতি অসভ্য জাতিরদের আক্রমণ করাতেই শীঘ্র তাহার ধ্বংস হইল। পূর্ব্বোক্ত যে অসভ্য জাতিরা রোমানেরদিগের কর্তৃক পূর্ব্বপ্রাপ্ত অপমানের প্রতিফল দেওনার্থে রুমরাজ্য আক্রমণ করিয়াছিল তাহারা জর্মানি দেশের যে নানা স্থান রোমানেরা জয় করিতে পারেন নাই তাহাতে বাস করিত অথবা ইউরোপের উত্তরে এবং আশিয়ার উত্তর পশ্চিমে যে সকল দেশ আছে তাহাতে ডেন্ ও সুইড্ এবং পোল্ জাতিরা ও রুশিয়ানেরদিগের অধীন প্রজারা এবং টার্টারি দেশস্থ লোকেরা এইক্ষণে বসতি করে সেই সকল দেশে

তাহারদিগের বাস ছিল এবং অসভ্য লোকেরা মনের চাঞ্চল্যপ্রযুক্ত লুট করিবার আশায় বা নূতন স্থানে বসতি করিবার আশয়ে যেমত আপনার গৃহ পরিত্যাগপূর্ব্বক স্থানের ভ্রমণ করে তদ্রূপ আশয়ে ঐ পূর্ব্বোক্ত অসভ্যেরা আপন দেশহইতে নির্গত হইয়াছিল ।

ঐ সকল লোকেরা যুদ্ধসজ্জায় আপনারদিগের সমভিব্যাহারে স্ত্রী ও পুত্র এবং ভৃত্য ও গোবৎস প্রভৃতি লইয়া নূতন বাসস্থানে ভিক্ষুক লোকের ন্যায় দেশহইতে নির্গত হইতে লাগিল। অনন্তর এরূপ অনেকেই ভ্রমণ করিতে লাগিল অপর উহারা যে স্থান পরিত্যাগ করিয়া গিয়াছিল তাহাতে অন্যং দূর দেশীয় অসভ্য জাতিরা আসিয়া বসতি করিলেক ও যাহারা অগ্রে নির্গত হইয়াছিল তাহারা অন্য উর্ব্বরা ভূমিতে গিয়া বাস করিলেক এবং ক্ষুধিতের ন্যায় বুভুক্ষু হইয়া তাহারদিগের সম্মুখে যাহা পড়িত তাহা জ্বালাইয়া অর্থাৎ অপহরণ করিয়া লইয়া যাইত তাহারা যে পথে যাইত সে পথ রক্তময় হইত এবং দেবস্ব কিম্বা অন্যের দ্রব্যাদি কিছু বিবেচনা না করিয়া যাহাতে দৃষ্টিপাত হইত তাহাই অপহরণ ও নষ্ট করিত ।

১৭৭ অপর কান্‌ষ্টান্‌টিয়সের পুত্র শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট কান্‌ষ্টান্‌টাইন্‌ পিতার মৃত্যুর পর সম্রাট হইলেন এবং রূম্‌ নগরহইতে বাইজান্‌শিয়ম্‌ নামক স্থানে রাজধানী স্থাপন করিয়া তাহার নাম কান্‌ষ্টান্‌টিনোপল্‌ রাখিলেন এবং ক্রিষ্টিয়ান্‌ ধর্ম্ম আপন রাজ্যে প্রচলিত করিলেন ।

১৭৮ তাঁহার মৃত্যুর পর তাঁহার তিন পুত্র কান্‌ষ্টাণ্টিয়স ও কান্‌ষ্টান্স এবং কানষ্টাণ্টাইন্ এই তিন জনে রাজ্য বিভাগ করিয়া লইলেন কিন্তু শেষোক্ত দুই রাজপুত্র উভয়ে পরস্পর বিরোধ করিয়া হত হওয়াতে অতিশয় অহঙ্কৃত ও আবেশ ধর্ম্মী এবং নিষ্ঠুর যে কানষ্টাণ্টিয়াস্ তিনি একাকী রাজত্ব করিতে লাগিলেন।

১৭৯ পরে তাঁহার পর জুলিয়ান্ রাজা হইলেন তাঁহার উপাধি স্বধর্ম্মত্যাগী ছিল যেহেতুক তিনি খ্রিষ্টিয়ান ধর্ম্ম লোপ করণের চেষ্টা করিয়াছিলেন।

১৮০ অপর জুলিয়ান্ পঞ্চত্বপ্রাপ্ত হইলে সৈন্যেরা তাঁহার প্রধান ভৃত্য জোবিয়ানকে রাজ্য পদে অভিষেক করিল কিন্তু তাঁহার অকস্মাৎ মৃত্যু হইয়াছিল।

টিপ্পনী। জুলিয়স্ সিসার অবধি জোবিয়ান্ পর্য্যন্ত যেং রাজা রুমদেশাধিপতি হইয়াছিলেন তাঁহারদিগের নাম ও প্রত্যেকের রাজ্য শাসনারম্ভের শক এবং কতকালপর্য্যন্ত রাজ্য ভোগ করেন তাহার বৃত্তান্ত নীচে লিখা যাইতেছে।

রাজারদিগের নাম	রাজ্যশাসনেরকালনিরূপণ	ক্রাইষ্টজন্মেরপূর্ব্বে
জুলিয়স্ সিসার্	১৬	৪৬
আগষ্টস্	৪৩	৩০
		ক্রাইষ্টজন্মের পরে
টাইবিরিয়াস্	২২	১৪
বেস্পেশিয়ান্	১০	৬৯
টাইটস্	৩	৭৮
ডোমিশিয়ান্	১৫	৮১
নর্বা	১~	৯৬
ট্রেজান্	১৯	৯৭
এড্রিয়ান্	২১	১১৬
আন্টোনিনস্পাইয়স্	২৩	১৩৭
আরিলিয়স্	১৯	১৬১
কামোডস্	১৩	১৮০
পর্টিনাক্স্	১	১৯৩
সিবিরস্	১৭	১৯৪
কারেকালা	৭	২১১
হিলিওগাবেলস্	৪	২১৮
আলেক্জাণ্ডর্	১৩	২২২
মাক্সিমিনস্	৩	২৩৫
কনিষ্ঠগার্ডিয়ান্	৬	২৩৮
কালিগিউলা	৪	৩৬

রাজাদিগের নাম	রাজশাসনের কালনিরূপণ	খ্রীষ্টজন্মের পরে
ক্লাডিয়স্	১৪	৪০
নিরো	১৪	৫৪
গাল্‌বা এবং ওথো	১	৬৮
ফিলিপ্	৫	২৪৪
ডিশিয়স্	২	২৪৯
গালস্	৩	২৫১
গালিএনস্	১৫	২৫৩
ক্লাডিয়স্	২	২৬৮
অরিলিয়ান্	৫	২৭০
টাসিটস্	১	২৭৫
প্রোবস্	৬	২৭৬
নিউমিরিয়ান্	২	২৮২
ডাইওক্লিশিয়ান্	২০	২৮৪
কান্‌ষ্টান্টাইন্‌ক্লোরস্	৩	৩০৪
শ্রেষ্ঠউপাধিবিশিষ্টকান্ ষ্টান্টাইন্	৩০	৩০৭
দ্বিতীয় কান্‌ষ্টান্শিয়স্	২৪	৩৩৭
জুলিয়ান্	২	৩৬১
জোবিআন্	১	৩৬৩

১৮১ অপর রুমরাজ্যের রাজসিংহাসন দশ দিবস পর্য্যন্ত অস্বামিক ছিল পরে বালেন্‌টেনিয়ান্‌নামক এক ব্যক্তি যিনি পূর্ব্বে আফ্রিকা

মহাদ্বীপে এবং বুটেন্ উপদ্বীপে আপন গুণে সেনাপতি হইয়াছিলেন তাঁহাকে সৈন্যেরা ঐ সিংহাসনাভিষিক্ত করিলেক তিনি আপন ভ্রাতা বালেনস্কে ঐ রাজ্যের পূর্ব্বাংশ দিয়া উভয়ে সৌহৃদ্য পূর্ব্বক আপনি পশ্চিম ভাগ লইয়া রাজত্ব করিতে লাগিলেন ।

১৮২ পরে আর্কেডিয়স্ এবং অনোরিয়স্ নামক থিয়োডোশিয়সের দুই পুত্রের মধ্যে রুমরাজ্য বিভক্ত হইল তাহাতে আর্কেডিয়স্ পূর্ব্বভাগে রাজত্ব করিলেন এবং অনোরিয়স্ পশ্চিম রাজ্যের অধিপতি হইলেন ।

১৮৩ পরে গাথ্ জাতিরা আলারিকের কর্তৃত্বা ধীন হইয়া ইটালিদেশ আক্রমণ করিল এবং এই ক্ষণে কাসাক্ নামে খ্যাত যে হন্নামক অসভ্য জাতিরা তাহারা চাইনাদেশের প্রান্ত ভাগহইতে নির্গত হইয়া রুমরাজ্যের পূর্ব্ব এবং পশ্চিম ভাগের তাবৎ দেশ উচ্ছিন্ন করিল তাহাতে ত্বরায় ঐ রাজ্যের পতন হইল ।

১৮৪ অনন্তর ইহার অব্যবহিত পরেই উত্তর দেশের অসভ্য জাতিরদিগের আর এক দল আসিয়া উপস্থিত হইল এবং তাহারদিগের মধ্যে ওডো-

এসর্ নামক এক ব্যক্তি পশ্চিমরাজ্য বিনাশ করত ক্রিষ্টিয়ান্ ৪৭৬ শকে আগষ্টিউলসকে রাজ্যচ্যুত করিয়া আপনি রাজা হইলেন।

১৮৫ অপর লাম্বার্ড জাতিরা আষ্ট্রোগাথের দিগকে ইটালি দেশহইতে বহিস্কৃত করিয়া আপনারা ক্রমশঃ একবিংশতি জন রাজত্ব করিলেন কিন্তু ইঁহারদিগের মধ্যে যিনি সকলের শেষে রাজা হইয়াছিলেন তাঁহাকে ক্রিষ্টিয়ান্ ৭৭৪ শকে সারলমেন্নামক ফ্রান্স দেশাধিপতি যুদ্ধে পরাভূত করিয়া কারাগারে বদ্ধ রাখিলেন।

টিপ্পনী। মনুষ্যেরা কোন সময়ে অত্যন্ত দুঃখ পাইয়াছিল ইহা যদি আমারদিগের পৃথিবীর ইতিহাসানুযায়ি নির্ণয় করিতে হয় তবে নিঃসন্দেহে আমরা কহিতে পারি যে ক্রিষ্টিয়ান্ ৩৯১ শকে শ্রেষ্ঠ উপাধি বিশিষ্ট থিয়োডোশিয়সের মৃত্যুর পর অবধি ক্রিষ্টিয়ান্ ৫৭১ শকে ইটালি দেশে লাম্বার্ডেরদিগের রাজ্য স্থাপনপর্য্যন্ত এই সময়েই লোকেরা অত্যন্ত ক্লেশ পাইয়াছিল। তৎকালীন যেং ইতিহাসবক্তারা ঐ সকল উপদ্রব প্রত্যক্ষতো দেখিয়াছিলেন তাঁহারা উপযুক্ত বাচ্যাভাবে তত্তৎব্যাপারবর্ণনে অক্ষম হইয়াছেন। ঐ সকল নিষ্ঠুর দুরাচারিরদের মধ্যে এইং ব্যক্তিরা প্রধান ছিল যথা আটিলা ও আলারিক্ ও জেন্সেরিক্ প্রভৃতি তাঁহারদিগকে ঐ ইতিহাসবক্তারা ঈশ্বরের কোপের চিহ্ন ও পরমেশ্বর বৈমুখ্য ও প্রজানাশক ইত্যাদি উৎকট উপাধি দিয়া বর্ণন করেন।

১৮৬ তদনন্তর ক্রিষ্টিয়ান্ ৯৫৩ শক অবধি ১৪৫৩ শক পর্য্যন্ত পূর্ব্ব খণ্ডের রাজ্য পৃথক্ এবং স্বাধীন ছিল পরে টর্ক জাতীয় রাজা দ্বিতীয় মাহমেট্ কান্‌ষ্টান্টিনোপল্ নগর স্বায়ত্ত করিলেন এবং রোমানেরদিগের শেষ রাজা কান্‌ষ্টান্টাইন্ পালিওলোগসেকে বধ করিলেন ।

টিপ্পনী । পূর্ব্বোক্ত সময়ের শেষ সহস্র বৎসরের মধ্যে বিদ্যার অতিশয় হ্রাস হইয়াছিল গ্রীক দেশীয় বিচক্ষণতা লোপ পাইয়াছিল এবং লোকেরদিগের দুরাচার বর্ণনে ইতিহাস পরিপূর্ণ ছিল । তৎকালে ধনিরদিগের অত্যন্ত সুখভোগিতা ও ইতর লোকেরদের অধর্ম্মে মতি ও আত্মবিরোধ এবং যাজকেরদিগের অত্যন্ত স্পৃহালুতা এই সকল কারণে তদ্দেশে ঐরূপ দুরবস্থা উপস্থিত হইয়াছিল দ্বিতীয় থিয়োডোশিয়স্ ও লিও ইসারিকস্ ও প্রথম মষ্টিন্ ও সারল্‌মেন্ ও চতুর্থ লিও এবং নবম কান্‌ষ্টান্টাইন্ এই কএক জন তৎকালে প্রধান বিদ্যাবর্দ্ধক ছিলেন। এবং হিপোনগরের ধর্ম্মাধ্যক্ষ যে আফ্রিকাদেশীয় আষ্টিন্‌নামক এক ব্যক্তি তিনি ও বোইথিয়স্ ও কাসিডোরস্ ও হিস্পানিয়া দেশীয় আইসিডোর্ ও বিডি ও আল্‌শিয়ান্ ও ফোটিয়স্ এবং মাইকেল্‌সেলস্ এই কএক ব্যক্তির গ্রন্থ তৎকালে সকলেই মান্য করিত । ব্যাকরণ ও ন্যায় ও অলঙ্কার ও বাদ্য এবং সঙ্গীতবিদ্যা ও গণিতবিদ্যা ও ক্ষেত্রপরিমাণবিদ্যা এবং খগোলবিদ্যা এই কএক শাস্ত্র তাবৎ বিদ্যালয়ে সচরাচর অধ্যয়ন হইত । ব্যাকরণ ও ন্যায় এবং অলঙ্কার এই তিন বিদ্যার অধ্যয়নকে লোকেরা সহজ জ্ঞান করিত । এবং বাদ্য ও সঙ্গীত

বিদ্যা ও গণিত শাস্ত্র ও ক্ষেত্রপরিমাণ বিদ্যা ও খগোল বিদ্যা এই চারি বিদ্যার অধ্যয়নকে দুরূহ বোধ করিত। এই সময়ে আরবী ভাষার বিস্তর আলোচনা হইয়াছিল এবং আরব্ লোকেরদের মধ্যে বৈদ্যক শাস্ত্রেরই অতিশয় অনুশীলন ছিল। ক্রিষ্টিয়ান্ ১০৩৬ শকে আল্‌গানাদেশে আবিশেনানামক এক ব্যক্তির জন্ম হয় তিনি গণিত ও ক্ষেত্রপরিমাণ বিদ্যা ও ফিলাসফী বিদ্যা ও চিকিৎসা বিদ্যা এই কএক বিদ্যাতে বিচক্ষণ ছিলেন। খিয়োডোশিয়স্ যে রাজকীয় নিয়ম করেন তাহা এই সময়ে প্রচারিত হয়। তদনন্তর ন্যূনাতিরিক্ত এক শত বৎসর পরে জষ্টিনিয়ান্‌কর্ত্তৃক অন্য এক প্রকার রাজকীয় ব্যবস্থা সংগৃহীতা হয়।

২. ক্রিষ্টিয়ান্ ছয় শত শকাবধি ছয় শত পঞ্চাশ শকের মধ্যে মহম্মদের ধর্ম্ম পৃথিবীর পূর্ব্ব খণ্ডে স্থাপিত হওয়াতে রাজ্য সংক্রান্ত এবং ধর্ম্মসংক্রান্ত এক উপপ্লব উপস্থিত হয় এই ধর্ম্ম অতি অল্প কালের মধ্যে পৃথিবীর পূর্ব্ব ভাগে এবং পশ্চিম ভাগের কিয়দংশে বিস্তৃত হইয়াছিল এবং আরব্ দেশীয় সিদ্ধপুরুষের বাক্য এবং ব্যবস্থা আবুবেকর্ কর্ত্তৃক নিয়মিতরূপে সংগৃহীত হইয়া আল্‌কোরান্ কিম্বা কোরান্‌নামক যে পুস্তক প্রস্তুত হইয়াছিল তাহাতে ঐ ধর্ম্মের মত প্রচার আছে এবং মহম্মদের মতাবলম্বিরা ঐ গ্রন্থ কেবল হাতের লেখাতেই ব্যবহার করে ও বিস্তর পরিশ্রম ও যত্নপূর্ব্বক পরিপাটীরূপে তাহার আদর্শ করে। ক্রিষ্টিয়ান্ ৫৭০ শকে মক্কা দেশে মহম্মদের জন্ম হয়। তিনি প্রথমাবস্থায় ডামাস্কস্ এবং মক্কা দেশের মধ্যে সূতের কর্ম্ম করিতেন। তিনি অষ্টাবিংশতি বৎসর বয়ঃক্রমে কাডিজা নাম্নী এক ধনাঢ্যা বিধবাকে বিবাহ করিলেন তদনন্তর

ধর্ম্মানুষ্ঠান আরম্ভ করত মক্কার নিকটবর্ত্তি এক গহ্বরে সর্ব্বকাল অবস্থিতি করিয়া পারস্যদেশীয় এক জন যিহুদী আর দুই জন খ্রিষ্টিয়ান্ ইহারদিগের সহায়তাতে কোরাণ্ নামক গ্রন্থ সংগ্রহ করিয়া ৪০ বৎসর বয়সে আপনাকে ঈশ্বরের প্রেরিত বলিয়া ব্যক্ত করিলেন। তিনি ঐ রূপ প্রতারণা করণপূর্ব্বক খ্রিষ্টিয়ান্ ৬২২ শকে মক্কা হইতে বহিষ্কৃত হইয়া মদিনা নগরে পলায়ন করিলেন ইহাতে হিজরিনামক প্রসিদ্ধ শকের সৃষ্টি হইল তদ্দ্বারা তাঁহার মতাবলম্বি লোকেরা আপনারদিগের শক গণনা করে। পরে তিনি আরব্ দেশ সমস্ত স্বয়ং জয় করিয়া অবশেষে সাইরিয়া এবং আশিয়ার অন্যং দেশও হস্তগত করিলেন। অনন্তর খ্রিষ্টিয়ান্ ৬৩২ শকে ৬৩ বৎসর বয়ঃক্রমে তাঁহার অকস্মাৎ মৃত্যু হইল। অপর তাঁহার মতাবলম্বি সারাসেন্ ও টর্ক্‌জাতীয় লোকেরা আশিয়া মাইনর্ ও [illegible] ইত্যাদি দেশে রোমানেরদিগের যে অবশিষ্ট অধিকারের চিহ্ন ছিল তাহাও নষ্ট করিয়া ঐ সকল দেশে অদ্যাবধি রাজত্ব করিতেছে।

৩ যদ্যপি ঐ অসভ্যেরা অর্থাৎ টর্ক্‌জাতীয় লোকেরা কন্‌ষ্টান্টিনোপল্ নগর অধীন করিয়া খ্রিষ্টিয়ান্ ১৪৫৩ শকে রুমদেশের পূর্ব্বখণ্ডে বসতি করিয়াছিল তদবধি জর্ম্মনি দেশীয় ভূপতির রুমীয় মহারাজ উপাধি হইয়াছে কিন্তু সে নামমাত্র।

৪ সাধারণ রাজকর্তৃত্বের প্রথম অবস্থায় রোমানেরা যুদ্ধ ও রাজনীতি এবং কৃষিকর্ম্ম এই কএক বিদ্যাই কেবল মান্য করিয়া অভ্যাস করিত কিন্তু তদ্ভিন্ন সাংসারিক সুখজনক বিষয়ে তাহারা নিতান্ত অব্যবহার ও হেয়জ্ঞান করিত পরে কার্থেজ্ রাজ্যের পতন

হইলে ভিন্ন জাতীয় শত্রুভয়হইতে নিশ্চিন্ত হইয়া স্বচ্ছন্দতার মধুর রসাস্বাদন করত রোমানেরা নানাবিধ শিল্পবিদ্যার অনুশীলন করিতে লাগিল অপর গ্রীস্ দেশ জয় করাতে তাবৎ দুষ্প্রাপ্য ও আশ্চর্য্য এবং উত্তম দ্রব্য তাহারদিগের হস্তগত হইল। এবং তদনন্তরেই আশিয়া জয় করিয়া তাহার সমুদয় বিদ্যা ও উত্তমং দ্রব্যাদি প্রাপ্ত হওয়াতে যে রোমানেরা পূর্ব্বে নিতান্ত সুখাভিলাষ রহিত ছিল তাহারা অতি অল্পকালেই পৃথিবীস্থ তাবৎ বিদ্যা ও সুখজনক ব্যাপার এবং পারিপাট্য অবগত হইল। তাহারা উচ্চ পদ ও সম্ভ্রমপ্রাপ্তির প্রধান কারণ সদ্বক্তৃতা ইহা জ্ঞান করিয়া তাহার অনুশীলন সদা করিত। সদ্বক্তৃতা বিষয়ে সিসিরো কেবল ডিমাস্থিনিস্ অপেক্ষায় কিঞ্চিৎ ন্যূন ছিলেন এবং কাব্য শাস্ত্রে হোমরই কেবল বর্জিলহইতে শ্রেষ্ঠ ছিলেন হোমরের কবিতা ডিমাস্থিনিসের গদ্যের ন্যায় উপমারহিত বোধ হয়। কিন্তু হোরেসের যে সকল শ্লেষোক্তি এবং নানাবিধ লিপি তাহাই কেবল গ্রীকেরদের ধারামত ছিল না এবং তদনুরূপ রচনার সাদৃশ্য অদ্যাপি হয় নাই ও ইতিহাস বিষয়ে লিবি এবং টাসিটস্ রূম্ জাতীয় লোকেরদিগের মধ্যে স্বর্ণ ছিলেন।

৫ পরে গাথ্ এবং লাম্বার্ড জাতিকর্ত্তৃক রূমনগর আক্রমণাবধি ইউরোপের মধ্যে গাথ্ জাতিরদিগের এমত ঘোরতর নিষ্ঠুরতা প্রকাশ হইল যে তাহা শ্রবণাদিতে খেদ উপস্থিত হয় এবং তৎকালে শাস্ত্রাদির আলোচনা ও তদ্বিষয়ে বিচক্ষণতা প্রায় লোপ পাইয়াছিল। উচ্চ পদাভিষিক্ত ব্যক্তিরাও লিখনপঠনে অক্ষম ছিলেন। এবং যাজকেরদিগের মধ্যে অনেকেই যে সকল

স্তবাদি প্রতিদিন পাঠ করিতে হইত তাহার অর্থ কিছুমাত্র বুঝিতেন না কেহ২ তৎপঠনেও প্রায় অশক্ত ছিলেন অমনোযোগপ্রযুক্ত ও বিদ্যার অনুশীলন না থাকাতে এবং অত্যাচারের ভারে ভারাক্রান্ত হইয়া লোকেরদিগের মন অত্যন্ত মূর্খতায় মগ্ন হইয়াছিল কিন্তু ক্রিষ্টিয়ান্ ৯০০ শকের প্রথমে ফ্রান্ ও জর্মনি দেশে এবং ইটালির কিয়দংশে রাজত্ব করিয়াছিলেন যে শারল্‌মেন্ তিনি এবং ঐ নয় শত বৎসরের শেষে রাজত্ব করিয়াছিলেন যে ইংগ্লণ্ডদেশীয় রাজা শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আল্‌ফ্রেড্ এই উভয় রাজা নিজ বুদ্ধিদ্বারা ঐ মূর্খতা দূরীকরণ করিতে এবং স্বীয়২ প্রজাগণকে কিঞ্চিৎ জ্ঞানজ্যোতিঃ প্রদান করিতে উদ্যোগ পাইয়াছিলেন কিন্তু তৎকালে লোকেরা এতাদৃশ অজ্ঞানরূপ অন্ধকারে আচ্ছন্ন ছিল যে ইঁহারদিগের ঐ রূপ চেষ্টা ও বিদ্যালয়াদির স্থাপন ব্যর্থ হওয়াতে বরং ঐ অন্ধকারবৃদ্ধি হইল এবং ক্রিষ্টিয়ান্ ৯০০ শকাবধি ১৪৩০ শক পর্য্যন্ত অতিশয় মূর্খতায় ও অসভ্যতায় ইউরোপ মগ্ন হইয়াছিল।

নব্য ইতিহাস।

জর্মনি দেশের বৃত্তান্ত।

১৮৭ জর্মনি দেশের মধ্যে রাজারা স্বীয়২ রাজ্যে ঐকাধিপত্য করেন এমত অনেক স্বাধীন রাজ্য আছে কিন্তু তাহারদিগের সকলের সম্মিলনে রাজনীতিবিষয়ে যে এক সভা হয় তাহাতে জর্মনি

দেশীয় অধিরাজকে তাঁহারা প্রধান করিয়া মানেন ।

১৮৮ পূর্ব্বে নয় জন রাজারা মনোনীত করিয়া সম্রাট অভিষিক্ত করিতেন ঐ নয় জনের নাম ইলেকটর্ অর্থাৎ বাছনিকর্ত্তা । মেণ্টজ্ ও ট্রেবেস্ ও কলংজ্ঞ এই তিন রাজ্যের প্রধান ধর্ম্মাধ্যক্ষেরা এবং বোহিমিয়া ও সাক্সনি ও ব্রানডেন্বর্গ ও পালেটিনেট ও বাবেরিয়া ও হানোবর্ এই ছয় রাজ্যের ইলেকটরেরা ঐ সম্রাট অভিষিক্ত করণের কর্ত্তা ছিলেন ।

১৮৯ সম্রাট অথবা তাঁহার প্রতিনিধি এবং ইলেক্টোরল্ কালেজ্ ও কালেজ্ আব্ প্রীন্সেজ্ এবং কালেজ্ আব্ ইম্পিরিএল্ টৌনস্ এই কএক সভাসদ্যেরা একত্র হইয়া মেডাইয়েট্নামক রাজকীয় মহাসভা হইত তাহাতেই জর্মনি দেশের রাজপরাক্রম অর্পিত ছিল ।

১৯০ সর্ব্ব সাধারণ রাজকীয় ব্যবস্থা ও রাজকীয় তাবৎ ব্যাপারের বিবেচনা করা ইলেক্টোরল্ কালেজের এবং কালেজ আব্ প্রীন্সেজের নির্দ্দিষ্ট কর্ম্ম ছিল ।

১৯১ ঐ ব্যক্তিরা একত্র হইয়া কোন বিষয় নির্ধারিত করিলে তাহা কালেজ্ আব্‌কিলিসিটিতে বিবেচনা হইয়া যদ্যপি ঐ কালেক্তরদিগের তদ্বিষয়ে সম্মতি হইত তবে তাহা সমুদয় রাজ্য প্রচলিত হওনের যোগ্য হইত।

১৯২ পরে ঐ বিষয়ে সম্রাটের সম্মতি হইলে তাহা সর্ব্ব সাধারণ ব্যবহা হইত কিন্তু তিনি অস্বীকার করিলে অগ্রাহ্য হইত।

১৯৩ বাহনিকর্ত্তারদিগের দ্বারা জর্ম্মনি দেশীয় সম্রাট অভিষিক্ত হইতে আরম্ভ হইলে কানরেড্ নামক এক ব্যক্তি যিনি ফ্রাঙ্কোনিয়া দেশের কৌন্ট ছিলেন তিনি প্রথম সম্রাট্ হয়েন তাঁহার রাজত্ব কালে ক্রমিক উপদ্রব হইয়াছিল পরে খ্রিষ্টিয়ান্ ৯১৯ শকে তাঁহার মৃত্যু হইল।

১৯৪ ফৌলর্ অর্থাৎ ব্যাধ উপাধিবিশিষ্ট হেন্‌রিনামধেয় এক ব্যক্তি তাঁহার পর সম্রাট হইলেন। ইঁহাকে ঐ কানরেড্ জর্ম্মনি দেশীয় লোকেরদিগের নিকট সমর্পণ করিয়া দিয়াছিলেন ঐ হেন্‌রির অসাধারণ ক্ষমতাপ্রযুক্ত জর্ম্মন্ রাজ্য পুনর্ব্বার সুশাসিত হইল।

১৪৫ অপর হেন্‌রির পুত্র শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট প্রথম ওথো ডেন্‌মার্ক এবং বোহিমিয়া দেশ স্বায়ত্ত করিয়া ঐ দুই রাজ্যের অধিপতিরদিগহইতে কর গ্রহণ করিয়াছিলেন এবং পুনর্ব্বার ইটালিদেশ স্বরাজ্যান্তঃপাতি করিয়াছিলেন তিনি তৎকালে অত্যন্ত পরাক্রমশালী রাজা ছিলেন।

১৯৬ পরে লেঙ্ক্‌ইনেরি অর্থাৎ নির্দ্দয় উপাধিবিশিষ্ট দ্বিতীয় ওথো সম্রাট হয়েন তাঁহার সাম্রাজ্যকালে এবং অন্য কএক জনের রাজত্ব সময়ে কোন বৃহৎ ব্যাপার উপস্থিত হয় নাই।

১৯৭ অপর শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট চতুর্থ হেন্‌রি ক্রিষ্টিয়ান্ ১০৫৬ শকে পঞ্চমবৎসর বয়ঃকালে পিতৃপদপ্রাপ্ত হইয়া রুম্‌দেশীয় মহাং ধর্ম্মাধ্যক্ষগণের সহিত নিরত বিরোধ করিয়াছিলেন যেহেতুক তাঁহারা এই কোটি করিয়াছিলেন যে কেবল কার্ডিনেলেরাই অর্থাৎ রুমের ধর্ম্ম মণ্ডলীর যাজকেরাই রুম্‌দেশস্থ প্রধান ধর্ম্মাধ্যক্ষ নিযুক্ত করিবেন। অধিকন্তু তাঁহারা সম্রাটকে ধর্ম্মমণ্ডলীহইতে বহিষ্কৃত করিয়া দিয়াছিলেন।

১৯৮ পরে তাঁহার পুত্র পঞ্চম হেন্‌রি রুমদেশীয় প্রধান ধর্ম্মাধ্যক্ষ নিযুক্ত করণের অধিকার পরিত্যাগ করাতে অপযশঃপ্রাপ্ত হইলেন এবং পূর্ব্বোক্ত ধর্ম্মাধ্যক্ষেরদিগের মন্ত্রণায় আপন পিতার মৃতশরীর স্পায়ার্সনামক স্থানে একটা গহ্বরমধ্যে নিক্ষেপ করাইলেন।

১৯৯ তদনন্তর ঐ রাজা নিঃসন্তান হইয়া পরলোকগত হওয়াতে জর্ম্মনি দেশীয় রাজারা লোথেরিওনামক সাকস্‌ সম্প্রেরবর্গের অগ্রণীকে সম্রাট পদে অভিষিক্ত করিয়াছিলেন তিনি যুদ্ধে অপ্রিয় ও বিচারকরণে ক্ষমতাপন্ন ছিলেন।

২০০ পরে পঞ্চম হেন্‌রির ভ্রাতৃপুত্র তৃতীয় কানরেড রাজা হয়েন কিন্তু বাবেরিয়ার অগ্রণী যাঁহার বংশ ওয়েল্ফ নামে খ্যাত ছিল তিনি ঐ রাজ্যের নিমিত্তে বিবাদ করিয়াছিলেন। সম্রাট যাঁহাকে সৈন্যাধ্যক্ষ করিয়াছিলেন তিনি হাই-গিবিলিন্‌ দেশনিবাসী ছিলেন এই প্রযুক্ত গিবিলিন্‌ বলিলে কানরেডের দলাক্রান্ত লোক

বুঝাইত এবং গুয়েল্ফ বলিলে রুমীয় মহা২ধর্ম্মা-ধ্যক্ষেরদিগের লোক বুঝাইত ।

টিপ্পনী । গ্রেটব্রিটেনের রাজবংশের উপাধি গুয়েল্ফ যেহেতুক তাঁহারা পূর্ব্বোক্ত গুয়েল্ফেরদিগের সন্তান ।

২০১ ঐ রাজার পর তাঁহার ভ্রাতৃপুত্র ফ্রেডরিক্ সম্রাট্ হইয়া তৎকর্ম্মে সুখ্যাতিপ্রাপ্ত হইলেন তিনি সোয়াবিয়াদেশের অগ্রণী ছিলেন এবং তাঁহার উপাধি বারবরোসা ছিল ।

২০২ তাঁহার পুত্র ষষ্ঠ হেন্‌রি তৎপদপ্রাপ্ত হইয়া আপন পিতার রীত্যনুসারে সকল কর্ম্ম করিয়াছিলেন এবং ইংলণ্ডের রাজা প্রথম রিচার্ডকে বন্দি করিয়া তাঁহার মোচনার্থে তাঁহার স্থানে বিস্তর ধন লইয়াছিলেন ।

২০৩ অপর পূর্ব্ব২ রাজগণকর্ত্তৃক অর্জ্জিত যে পরাক্রম তাহা ষষ্ঠ হেন্‌রির পুত্র দ্বিতীয় ফ্রেডরিক হইতে লুপ্ত হইল এবং যে সকল রাজারা সম্রাটের প্রাধান্য রক্ষার্থে রুমীয় মহা২ধর্ম্মাধ্যক্ষেরদিগের সহিত বিপক্ষতাচরণ করিয়াছিলেন তাঁহারদিগের মধ্যে ইনিই সকলের শেষ বিপক্ষ ছিলেন ।

২০৪ পরে ক্রিষ্টিয়ান্ ১৩৩৮ শকে জর্মনি দেশস্থ তাবৎ রাজারা ফ্রাঙ্কফোর্ট নামক স্থানে একত্র হইয়া প্রাগ্‌মেটিক স্যাঙ্কশন্‌নামক প্রসিদ্ধ রাজকীয় নিয়ম স্থাপন করিলেন তদ্দ্বারা এই স্থির হইল যে সম্রাট অভিষিক্ত করণবিষয়ে পূর্ব্বোক্ত ধর্ম্মাধ্যক্ষেরদিগের ক্ষমতা থাকিবেক না।

২০৫ অপর প্রথম মাক্সিমিলিয়নের রাজত্ব কালে নেদরলাণ্ডনামক দেশ সকল জর্ম্মন্ রাজ্য সম্লিষ্ট হইয়াছিল এবং জর্ম্মনি দেশ বিভক্ত হইয়া তাহার প্রতিখণ্ডে একং অধিকার হইয়াছিল।

২০৬ ক্রিষ্টিয়ান্ ১৫১৬ শকে তাঁহার পুত্র পঞ্চম চার্লস্ সিংহাসনোপবিষ্ট হইলেন তাঁহার রাজত্ব কালে অনেকং বৃহৎ ব্যাপার ঘটিয়াছিল এবং প্রায় সকল কর্ম্মেই চার্লসের মনোবাঞ্ছা সম্পূর্ণা হইয়াছিল কিন্তু তিনি নিজ ভ্রাতা ফর্ডিনাণ্ড কে জর্ম্মন রাজ্যের ভারার্পণ করিয়া এবং নিজ পুত্র দ্বিতীয় ফিলিপ্‌কে স্পেন্ প্রভৃতি দেশের অধিপতি করিয়া এক মঠে অবশিষ্ট কাল ক্ষেপণ করিলেন।

টিপ্পনী। পঞ্চম চার্লসের রাজত্ব সময়ে সৎধর্ম্মসংস্থাপন ও আমেরিকা দর্শন এবং ইটালি ও ইউরোপের দক্ষিণ দেশে নানাবিধ উত্তম বিদ্যার প্রাচুর্য্য হইয়াছিল।

২০৭ তৃতীয় ফ্রেডরিক যিনি ওয়েষ্টফেলিয়া দেশে যে যুদ্ধ হইয়াছিল তাহার সন্ধি করিয়াছিলেন তাঁহার পরলোক হইলে তাঁহার পুত্র লিয়োপল্ড ক্রিষ্টিয়ান ১৬৫৮ শকে আপন পিতৃপদপ্রাপ্ত হয়েন ইঁহার রাজত্ব কালে হঙ্গেরী দেশস্থ লোকেরা রাজবিরোধী হইয়া টর্কি দেশস্থ লোকেরদিগের সাহায্যে বাইয়ানানগর বেষ্টন করিলে পোলাণ্ডের রাজা সুবিয়েস্কি কর্তৃক পরাভূত হইয়াছিল।

২০৮ অপর লিয়োপল্ডের মৃত্যু হইলে তাঁহার পুত্র প্রথম জোসেফ ক্রিষ্টিয়ান ১৭০৫ শকে রাজ্যপ্রাপ্ত হয়েন তিনি স্বপক্ষ রাজগণের সহিত একত্র হইয়া ফ্রেঞ্চ জাতিরদিগের সহিত যুদ্ধ করত জয়ী হইয়াছিলেন।

২০৯ পরে আষ্ট্রিয়া বংশীয় রাজারা ৩০০ বৎসরেরও অধিক কালপর্য্যন্ত রাজত্ব করিলে পর

ঐ পূর্ব্বোক্ত রাজার ভ্রাতা ষষ্ঠ চার্লস্ অপুত্রক হইয়া পরলোকগত হওয়াতে ঐ বংশের লোপ হইল এবং ঐ অপুত্রকের জ্যেষ্ঠা কন্যা মেরাইয়া থেরেসা আষ্ট্রিয়া রাজ্যসংক্রান্ত তাবৎ দেশই প্রাপ্তা হইলেন।

২১০ অপর ক্রিষ্টিয়ান্ ১৭৪২ শকের জানুয়ারি মাসের ৪ দিবসে অনেক বিবাদের পর বাবেরিয়ার ইলেক্টর্ সম্রাট্ হইলেন ইহাতে তাঁহার নাম সপ্তম চার্লস্ হইল পরন্তু নানা শারীরিক পীড়াতে এবং বহুকাল ব্যাপক ক্রমাগত দুর্ভাগ্যপ্রযুক্ত ঐ রাজার শরীর ক্ষয় হইল।

২১১ তদনন্তর তাঁহার মৃত্যু হইলে মেরাইয়া থেরেসার পতি প্রথম ফ্রান্সিস্নামক যে টস্কেনির প্রধান অগ্রণী তিনি তত্রাপি বোর্‌বো বংশীয়েরা অনেক বিপক্ষতা করিয়াছিল তাহাতেও ঐ রাজ্য প্রাপ্ত হইলেন ঐ রাজা অতিবিজ্ঞ এবং পরিণামদর্শী হইয়াও অভাগ্যবান্ ছিলেন।

২১২ তাহার অকস্মাৎ মৃত্যু হওয়াতে তাঁহার পুত্র দ্বিতীয় জোসেফ্ বেনিডিক্ট্ আগস্টস্

রাজ্যাভিষিক্ত হইলেন। ইঁহার পর টস্‌কেনির অগ্রণী যে দ্বিতীয় লিয়োপল্ড তিনি ক্রিষ্টিয়ান্ ১৭৯০ শকে রাজা হয়েন।

২১৩ তদনন্তর লিয়োপল্‌ডের পঞ্চপুত্র হইলে বর্ত্তমান সম্রাট্ যে দ্বিতীয় ফ্রান্সিস্ তিনি ক্রিষ্টিয়ান ১৭৯২ শকে রাজ্যপ্রাপ্ত হয়েন এবং ফ্রান্সদেশের নূতন প্রজাপ্রভুত্ব রাজ্যের প্রতিকূলে যে এক দল উপস্থিত হয় তাহাতে ঐ রাজা উৎসাহপূর্ব্বক প্রবিষ্ট হইয়াছিলেন কিন্তু তিনি যুদ্ধে পরাস্ত হওয়াতে ১৭৯৬ শকে নেদর্‌লাণ্ডনামক দেশ সকল ফ্রেঞ্চ জাতিরদিগকে দিয়া কাম্পফার্মিয়োতে সন্ধি করিলেন।

২১৪ তদনন্তর তিনি পুনর্ব্বার সংগ্রাম করিয়াছিলেন কিন্তু তাহাতেও পরাভূত হওয়াতে এবং ক্রিষ্টিয়ান ১৮০০ শকের জুনমাসে মারেঙ্গে নগরে তাঁহার সৈন্যের প্রধান দল পরাজিত হওয়াতে ১৮০১ শকে লুনবিলতে সন্ধি করাতে যুদ্ধ নিবৃত্ত হইল।

২১৫ পরে ১৮০৪ শকে ঐ রাজা পুনর্ব্বার ফ্রেঞ্চ জাতিরদিগের প্রতিকূলে একদল প্রস্তুত

করিলেন কিন্তু তাঁহার স্বপক্ষেরা সর্ব্বত্রেই বোনাপার্টি কর্তৃক পরাজিত হওয়াতে ১৮০৫ শকে ঐ রাজাকে প্রেসবর্গে সন্ধি করিতে হইল ইহাতে আষ্ট্রিয়া কুলের অত্যন্ত অসম্ভ্রম হইল।

২১৬ তদনন্তর বোনাপার্টি জর্ম্মনদেশের রাজকীয় ব্যবস্থা সকল রহিত করিলেন তাহাতে সম্রাটের সহিত তদ্দেশীয় ক্ষুদ্র২ রাজারদিগের যেরূপ ব্যবহারের নিয়ম ছিল তাহা ক্রিষ্টিয়ান্ ১৮০৬ শকে আষ্ট্রিয়ার অধিরাজ এই নূতন উপাধিশালী ফ্রান্সিস্‌কে পরিত্যাগ করিতে হইল।

২১৭ বোনাপার্টি রাইন্ নদী তীরস্থ রাজার-দিগের দলের প্রধান হইলেন এবং তাহারদিগের এই নিয়ম স্থির হইল যে প্রাচীন জর্ম্মনি রাজ্য মধ্যবর্ত্তি যেং ক্ষুদ্র রাজারা ঐ দলসংক্রান্ত না হয়েন তাঁহার দিগের প্রতি উঁহারা কোন সহায়তা করিবেন না।

২১৮ ঐ দলস্থাপনদ্বারা ফ্রান্সদেশীয় সম্রাট বাবেরিয়া ও ওর্টেম্বর্গ ও বেডেন্ ও বর্গ ও ডার্মষ্টাট্ ও নাসা ও হোহেন্‌জোলরন্ ইত্যাদি

দেশস্থ রাজারদিগকে স্বপক্ষ করিয়া ফলতঃ স্বয়ং জর্মন্ দেশের সম্রাট হইলেন।

২১৯ পরে ক্রিষ্টিয়ান্ ১৮০৯ শকে আষ্ট্রিয়ার রাজা পুনর্ব্বার ফ্রেঞ্চজাতিরদিগের সহিত যুদ্ধারম্ভ করিলেন কিন্তু ওয়াগ্রাম্‌নগরে পরাভূত হইলেন তৎপ্রযুক্ত বাইয়ানা নগরে সন্ধি হওয়াতে যুদ্ধ স্থগিত হইল। ঐ সন্ধিতে ফ্রান্সিস্ আষ্ট্রিয়া রাজ্যের অনেক প্রদেশ নেপোলিয়ানের স্বপক্ষ রাজারদিগকে ছাড়িয়া দিয়াছিলেন এবং তাঁহার সহিত মেরাইয়া লুইসানাম্নী নিজকন্যার বিবাহ দিয়াছিলেন।

২২০ ক্রিষ্টিয়ান্ ১৮১৩ শকে আষ্ট্রিয়ার অধিপতি পুনর্ব্বার রুশিয়া ও প্রুশিয়া ও গ্রেটব্রিটেন্ প্রভৃতি দেশস্থ রাজারদিগের সহিত একবাক্য হইয়া পেরিস্ নগর স্বায়ত্ত করিবার নিমিত্ত এবং নেপোলিয়ানকে রাজ্যচ্যুত করণার্থে নিজ সৈন্য একত্র করিয়া ফ্রান্স রাজ্য আক্রমণ করিলেন এবং ১৮১৫ শকে বোনাপার্টি ফ্রান্স দেশে প্রত্যাগমন

করিলেন তাঁহাকে রাজ্যভ্রষ্ট করিবার নিমিত্ত ঐ আষ্ট্রিয়ার রাজা ইউরোপের অন্য২ রাজারদিগের সহিত একবাক্য হইয়া স্বমনোবাঞ্ছা পূর্ণ করিলেন অর্থাৎ ঐ নেপোলিয়ানকে রাজচ্যুত করিলেন।

২২১ জর্মনিদেশে ভবিষ্যৎ সুস্থিরতার নিমিত্ত বাইয়ানা নগরে ১৮১৫ শকে সম্রাট এবং অন্য২ স্বাধীন রাজারদিগের কর্তৃক একবাক্যতার একখান ধর্ম্মতো লিপি স্বাক্ষরিত হইল ইহাতে এমন অনুমান হয় যে আত্মবিরোধ এবং জর্মনিদেশে ভিন্নদেশীয়েরদিগের সহিত যুদ্ধ পুনঃ২ উপস্থিত হওয়াতে অনেক উপদ্রব ঘটিয়া থাকে তাহা আর হইবেক না।

ফ্রান্সদেশের বিবরণ।

২২২ পূর্ব্বকালে এই দেশের নাম গাল্ ছিল। ক্রাইষ্ট জন্মিবার দুই শত বৎসর পূর্ব্বে জর্মনি রাজ্যান্তর্গত বেল্‌জিক্‌নামক প্রদেশস্থলোকেরা ঐ দেশে আসিয়া বসতি করিয়াছিল।

২২৩ তদনন্তর রোমান ও বিসিগাথ্ এবং বরগণ্ডিয়ান্ জাতিরা ঐ দেশ বিভাগ করিয়া লইলে জর্মানিদেশীয় ফ্রাঙ্কনামক জাতীয়ের রাজা ক্লোবিস্ তাহা স্বায়ত্ত করিয়া গালদেশে ফ্রেঙ্ক রাজ্য স্থাপিত করিলেন।

২২৪ তৎপরে কএক দুর্ব্বল রাজারদিগের রাজ্য ভোগানন্তর পেপিন্‌লিব্রেফ্‌নামক রাজবাটীর অধ্যক্ষ এক ব্যক্তি খ্রিষ্টিয়ান্ ৭৫২ শকে ক্লোবিসের সন্তানেরদিগকে রাজ্যচ্যুত করিয়া ফ্রান্সদেশে রাজা হইলেন।

২২৫ পেপিনের পর তাঁহার দুই পুত্র শারলমেন্ উপাধিবিশিষ্ট চার্লস্ এবং কারলোমান্ এই উভয় জন রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন পরে কারলোমানের মৃত্যু হওয়াতে তাঁহার ভ্রাতা শারলমেন্ একাকী রাজ্য ভোগ করিতে লাগিলেন এবং ৪৫ বৎসর দোর্দণ্ড প্রতাপে রাজ্য শাসন করিয়া ইউরোপের অনেক দেশ পরাজয় করিয়াছিলেন।

২২৬ অপর শারলমেন্ পঞ্চত্ব পাইলে তাঁহার পুত্র লুইসলেডিবোনেয়র্ অর্থাৎ সাম্প্রদায়িক উপাধি

বিশিষ্ট যে লূইস্ তিনি সিংহাসনোপবেশন করিলেন এবং তাঁহার পরলোক হওয়াতে তাঁহার তিন পুত্র ঐ প্রশস্ত রাজ্য বিভাগ করিয়া লইলেন।

টিপ্পনী। ক্রিষ্টিয়ান্ ১৮০৩ শকাবধি ১৮১২ শক পর্য্যন্ত যে সকল দেশ বোনাপার্টীর রাজ্য মধ্যবর্ত্তি ছিল প্রায় সেই সকল দেশে শার্লমেনের অধিকার ছিল। সেই সকল দেশের নাম এই২ যথা ফ্রান্স ও নাবের্ ও কাটেলোনিয়া ও মাজোর্কা ও মিনার্কা ও ইবিকা ও সার্ডিনিয়া এবং নেপেল্স্ পর্য্যন্ত ইটালি দেশের দক্ষিণভাগ ও ইষ্ট্রিয়া ও লিবর্নিয়া ও ডাল্মেশিয়া ও ক্রিশিয়া ও বিন্দেলিশিয়া ও নোরিকম্ ও রাইন্ নদীহইতে ওডর্ নদী পর্য্যন্ত জর্ম্মানি দেশ এবং বাল্টীক্ সমুদ্রতীরস্থ দেশ।

২২৭ অপর ফ্রেঞ্চ রাজগণের তৃতীয়বংশের উৎপত্তিজনক যে সৎকুলোদ্ভব হিউকেপট্নামক পরাক্রমশালী এক ব্যক্তি তিনি ক্রিষ্টিয়ান্ ৯৮৭ শকে ঐ রাজ্য অপহরণ করিলেন।

২২৮ প্রথম ফিলিপের রাজত্ব সময়ে ক্রিষ্টিয়ান্ ধর্ম্মের বিরুদ্ধ মতাবলম্বিরদিগের হস্তহইতে জিরুসালেম্নামক তীর্থস্থান উদ্ধারার্থে পিটর্নামক এক জন প্রসিদ্ধ যোগী আর জিরুসালেম নগরস্থ এক প্রধান ধর্ম্মাধ্যক্ষ এই দুই ব্যক্তির মন্ত্রণায় ও

অরবাননামক রুমীয় মহা২ ধর্ম্মাধ্যক্ষের অনুমতিতে ক্রিষ্টিয়ানেরা যুদ্ধারম্ভ করিয়াছিলেন।

২২৯ পরে ক্রিষ্টিয়ানেরা জিরূসালেম্ ও বেথ্লেহেম্ ও নাজারেথ্ এবং অন্যান্যদেশ অধিকার করিয়াছিলেন বটে কিন্তু তাঁহারদিগের ঐ ধর্ম্ম বিষয়ক যুদ্ধে লক্ষ২ সৈন্যের প্রাণবিয়োগ হইয়াছিল।

২৩০ তৎপরে ফিলিপের পুত্র লুইস্লেগ্রোস্ অথবা ষষ্ঠ লুইস্ ক্রিষ্টিয়ান্ ১১০৮ শকে পিতৃপদ প্রাপ্ত হইয়া ইংলণ্ডীয় রাজা যে প্রথম হেন্‌রি তাঁহার সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন।

২৩১ তদনন্তর লুইসের উত্তরাধিকারী যে দ্বিতীয় ফিলিপ্ তিনি ও ইংলণ্ডীয় রাজা প্রথম রিচার্ড এই দুই জন মিলিয়া জিরূসালেম্ তীর্থে যুদ্ধার্থ গমন করিলেন কিন্তু ফিলিপ্ এই যুদ্ধে ঘৃণা করিয়া সেই নগরহইতে ইউরোপে প্রত্যাগমন করিলে রিচার্ডকে ঐ যুদ্ধহইতে নিবৃত্ত হইতে হইল।

২৩২ অপর সেণ্ট লুইস্নামে প্রসিদ্ধ নবম লুইস্ ইজিপ্ত ও পালেষ্টিন্ দেশীয় ক্রিষ্টিয়ান্

ধর্ম্মের বিরুদ্ধ মতাবলম্বিরদিগের সহিত পুনর্ব্বার যুদ্ধে প্রবৃত্ত হইয়া তিনি ও অন্যান্য প্রধান লোকেরা বন্দি হইয়াছিলেন পরে মুক্তহইয়া আফ্রিকানামক মহাদ্বীপস্থ বিরুদ্ধমতাবলম্বিরদিগের সহিত যুদ্ধ করণার্থে সসৈন্যে ঐ মহাদ্বীপমধ্যবর্ত্তি টিউনিস্ নগরে গমন করত খ্রিষ্টিয়াব্দ ১২৭০ শাকে তাঁহার মৃত্যু হইল।

২৩৩ অপর তাঁহার পুত্র তৃতীয় ফিলিপ্ রাজ্য প্রাপ্তহইয়া মুর্ জাতিরদিগের সহিত যুদ্ধ করিয়া অবশিষ্ট ফ্রেঞ্চ সৈন্য রক্ষা করিয়াছিলেন যেহেতুক তাঁহার হার্ড্ডি অর্থাৎ দুর্জ্জেয় উপাধি হইয়াছিল।

২৩৪ ফেয়র অর্থাৎ সুন্দর উপাধিবিশিষ্ট চতুর্থ ফিলিপের রাজত্ব কালে পার্লিমেণ্টনামক প্রধান বিচারস্থান স্থাপিত হয় ও নাইটস্ টেম্পলার্ নামক যে সকল মঠধারিরা জিরুসালেম্ নগরের মন্দিরের সন্নিকটে বাস করিতেন তাঁহারা পরাজিত এবং উচ্ছিন্ন হইলেন।

২৩৫ তদনন্তর চতুর্থ চার্লসের পরলোক হওয়াতে কাপেটাইন্ রাজবংশের লোপ হইল। ঐ

রাজার এক কন্যামাত্র থাকাতে তাবৎ দেশস্থেরা নিশ্চয় করিয়া কহিল যে কন্যা সন্ততি রাজ্যাধিকারিণী কোন মতে হইতে পারে না তাহাতে তৎপর ক্রমবর্ত্তি উত্তরাধিকারী ফিলিপ্‌ডিবেলায় ক্রিষ্টিয়ান্ ১৩২৮ শকে সিংহাসনোপবিষ্ট হইলেন।

২৩৬ কিন্তু ইংগ্লণ্ডীয় রাজা তৃতীয় এডওয়ার্ড আপনাকে ফ্রেঞ্চ রাজ্যের উত্তরাধিকারী বলিয়া আপত্তি করাতে যুদ্ধারম্ভ হইল তাহাতে ইংগ্লণ্ডীয়েরা ক্রেসির ও পোইতেয়র্ এই দুই স্থানের যুদ্ধে জয়ী হইয়া ফ্রেঞ্চেরদিগের যেং দেশ লইয়াছিলেন তাহা ফ্রেঞ্চেরা ক্রিষ্টিয়ান্ ১৪০০ শকের শেষে পুনরুদ্ধার করিল।

২৩৭ অপর ফ্রেঞ্চ দেশীয়েরদিগের মধ্যে আত্মবিরোধ উপস্থিত হওয়াতে ইংগ্লণ্ডীয় রাজা পঞ্চম হেনরি ইত্যবসরে তদ্রাজ্য বেষ্টন করিয়া হারফ্লোর্ দেশ আপন বশীভূত করিয়া আজিনকোর্ট নামক স্থানে প্রসিদ্ধ যুদ্ধে জয়ী হইলেন ঐ যুদ্ধে ফ্রেঞ্চেরদিগের অসংখ্য সৈন্য বিনাশ হইল।

২৩৮ অপর ক্রিষ্টিয়ান্ ১৪২০ শকে সন্ধি

হইয়া এই স্থির হইল যে ইংগ্লণ্ডীয় রাজারা ফ্রেঞ্চ রাজ্যের উত্তরাধিকারী হইবেন তদনুসারে ষষ্ঠ হেনরি বাল্যাবস্থায় পারিস্ নগরে রাজ্যাভিষিক্ত হইলেন।

২৩৯ পরে আর্ক দেশীয়া জোয়ান্নামিকা এক ভণ্ড ভবিষ্যৎ বক্তৃীর সহায়তাতে সপ্তম চার্লস্ আপন রাজ্য ক্রমে২ পুনঃপ্রাপ্ত হইলেন ঐ ভবিষ্যৎ বক্তৃী আরলিয়ান্সদেশের অবরোধ মুক্ত করিয়া ইংলণ্ডীয়েরদিগকে পরাস্ত করিয়াছিল কিন্তু পরে উঁহারা তাহাকে বন্দি করিয়া অতিনির্দ্দয়তারূপে দগ্ধ করিয়া মারিল যেহেতুক সে আপনাকে মায়াবিনী বলিয়া প্রকাশ করিয়াছিল।

২৪০ তদনন্তর বেলয়া রাজবংশীয় প্রধান কুলের শেষ রাজা অষ্টম চার্লসের পরলোকগত হওয়াতে আরলিয়েন্স দেশের অগ্রণী দ্বাদশ লুইস্ উপাধিপ্রাপ্ত হইয়া সিংহাসনোপবিষ্ট হইলেন ঐ রাজা নিজপ্রজারদিগের প্রতি এতাদৃশ দয়া ও সদাশয় ও অনুগ্রহ প্রকাশ করিয়াছিলেন যে তাহাতে তাঁহার নাম প্রজারদিগের পিতা হইয়াছিল।

টিপ্পনী। ফ্রান্সদেশীয় রাজগণের মধ্যে অতিখ্যাতাপন্ন যে প্রথম

ফ্রান্সিস্ রাজা তিনি ঐ পূর্ব্বোক্ত দ্বাদশ লুইসের পর রাজত্ব করিয়াছিলেন। ঐ রাজা একবিংশতি বৎসর বয়সে খ্রিষ্টিয়ান্ ১৫১৫ শকে সিংহাসনোপবেশন করিয়াছিলেন এবং তাঁহার প্রধান প্রতিযোগী পঞ্চম চার্ল্স রাজার পরলোক গত হইবার একাদশ বৎসর পূর্ব্বে যে বৎসরে ইংলণ্ডীয় রাজা অষ্টম হেনারির মৃত্যু হইয়াছিল সেই বৎসরে অর্থাৎ খ্রিষ্টিয়ান্ ১৫৪৭ শকে ঐ ফ্রান্সিস্ রাজার মৃত্যু হইয়াছিল। তিনি ১৫১৫ শকে মিলানিস্ নামক জাতিরদিগকে পরাভূত করিয়াছিলেন কিন্তু পেবিয়া দেশের অবরোধে তিনি বন্দি হইয়াছিলেন। পরে তিনি ১৫২৫ শকে সেবয়নামক রাজ্য অধিকারকরণানন্তর পরাজিত হইয়াছিলেন কিন্তু বিদ্বান্ লোকেরদিগের সমাদরপূর্ব্বক সাহায্য করাতে এবং ফ্রান্সদেশে রাজ ছাপাবাটী স্থাপন করাতে তাঁহার অত্যন্ত সুখ্যাতি হইয়াছিল।

২৪১ অপর দ্বিতীয় ফ্রান্সিস্ সিংহাসনোপবিষ্ট হইলে দেশমধ্যে আত্মবিরোধ উপস্থিত হইয়া ত্রিংশৎ বৎসর পর্য্যন্ত ফ্রান্স রাজ্যস্থ লোকেরদিগকে অত্যন্ত পীড়া দিয়াছিল এবং অপমানসূচক হিউগোনাটস নামে খ্যাত যে প্রাটেস্টেণ্টনামক খ্রাইষ্ট মতাবলম্বিরা তাঁহারদিগকে উচ্ছিন্ন করিবার চেষ্টা করাতে ঐ রাজাকে কোন লোক কুমন্ত্রণা দিয়াছিল।

টিপ্পনী। এই রাজা মেরি তিনি পরে স্কাট জাতিরদের রাজরাণী হয়েন তাঁহার প্রথম স্বামী ছিলেন।

২৪২ অপর নবম চার্ল্সের বাল্যাবস্থাপ্রযুক্ত

তাঁহার রাজশাসনসময়ে বিশ্বাসঘাতকতা ও কলহ এবং বধ এই২ উপদ্রব ক্রমশো হইয়াছিল তাহাতে তৎকালে ফ্রান্সরাজ্য কেবল বিবাদ ও রক্তপাত স্থান হইয়াছিল। অপর খ্রিষ্টিয়ান্ ১৫৭২ শকে সেণ্টবার্থেলেমোনামক উৎসবের পূর্ব্ব দিবসের সন্ধ্যাকালে পারিস্‌নগরে সপ্ততি সহস্র প্রটেস্টেণ্ট বধ হইয়াছিল।

২৪৩ অপর তৃতীয় হেনরি দুর্ব্বল ও লম্পট রাজা ছিলেন তাঁহার পর বেলয়ানামক রাজ বংশ লোপ পাইল।

২৪৪ তাঁহার মৃত্যুর পর বর্বোঁ রাজ বংশোদ্ভব নাবর্ দেশীয় শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট চতুর্থ হেনরি তদ্রাজ্যপ্রাপ্ত হইলেন। ইনি তদ্দেশস্থ রাজগণেরদিগের মধ্যে অতিউত্তম ও অমায়িক ছিলেন এবং ইউরোপের তাবৎ রাজ্যের সমান পরাক্রম হয় এমত চেষ্টা করিতেছিলেন কিন্তু ১৬১০ শকে সাহসী একগোঁড়ার হস্তে তাঁহার মৃত্যু হইল।

২৪৫ ত্রয়োদশ লুইসের বাল্যাবস্থায় এবং তাঁহার রাজশাসন সময়ে ফ্রান্সরাজ্যের পূর্ব্ববৎ

কলহ ও লোকেরদিগের দুরবস্থা হইয়াছিল এবং কার্ডিনেল্ রিচ্‌লিউনামক এক জন যাজক যিনি প্রধান মন্ত্রী ছিলেন তিনি ঐ রাজ্যে রাজার ঐকাধিপত্য হয় এমত নিয়ম করিয়াছিলেন।

২৪৬ অপর চতুর্দ্দশ লুইসের রাজত্ব দীর্ঘকাল স্থায়ি এবং প্রসিদ্ধ ছিল তাঁহার রাজত্ব সময়ে প্রধান কাণ্ডির দ্বারা তৃতীয় ফর্ডিনাণ্ড রাজাকে ও সুইডনদেশীয় রাণী ক্রিষ্টিয়ানাকে ওএষ্টফেলিয়া দেশে সন্ধি করিতে হইয়াছিল কিন্তু লুইসের অপরিমিত লোভপ্রযুক্ত ইউরোপীয় তাবৎ রাজারাই তাঁহাকে ঘৃণা অথবা ভয় করিতেন ও ইংলণ্ডীয় ও হলণ্ডীয় ও আষ্টিয়া দেশীয় সৈন্যেরা একত্র হইয়া তাঁহাকে ক্রিষ্টিয়ান্ ১৬৯৭ শকে রিজ্‌উইক্‌নামক স্থানে সন্ধি করাইয়াছিল এবং ১৭১৩ শকে ইউট্রেকট্ দেশেও সন্ধি করাইয়াছিল।

টিপ্পনী। চতুর্দ্দশ লুইসের সভায় সমৃদ্ধিপ্রযুক্ত ও বৃহৎ কর্ম্ম করণে তাঁহার প্রবৃত্তি এবং বিদ্যা বৃদ্ধিবিষয়ে আনুকূল্য করণ প্রযুক্ত ফ্রেঞ্চ ইতিহাসবেত্তারা তাঁহার নাম লুইস্‌দি গ্রেট্ অর্থাৎ

শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট লুইস্ কহে । লক্ষ২ লোক তাঁহার লোভহেতুক ও পরধর্ম্মে অসহিষ্ণুতাপ্রযুক্ত নষ্ট হয় ও তিনি নিজ রাজ্যের নিকটবর্ত্তি অনেক অধিকারের ভূমি অপহরণ করিলে যে সকল যুদ্ধ উপস্থিত হওয়াতে পৃথিবীস্থ লোকেরা পীড়িত হইয়াছিল সেই যুদ্ধেই তাঁহার রাজত্বের অর্দ্ধেকেরো অধিক কাল গত হয় । খ্রিষ্টিয়ান্ ১৬৪৩ শকাবধি ১৭১৫ শক পর্য্যন্ত ঐ রাজা দ্বিসপ্ততি বৎসর রাজত্ব করিয়াছিলেন ।

১ চতুর্দ্দশ লুইসের প্রধান শত্রু তৃতীয় উইলীয়াম্ ছিলেন তিনি খ্রিষ্টিয়ান্ ১৭০২ শকে ইউরোপীয় অনেক রাজগণের সহিত মিলিয়া চতুর্দ্দশ লুইসের বিপক্ষে এক দল বান্ধিয়াছিলেন কিন্তু যুদ্ধারম্ভ না হইতেই তাঁহার পঞ্চত্ব হয় । অপর ইঙ্গ্লণ্ডরাজ্যস্থ মার্লবরো প্রদেশীয় অগ্রণী ঐ দলের সৈন্যাধ্যক্ষ হইয়া ১৭০৪ শকে ব্লেন্হেম্নামক স্থানে যুদ্ধে জয়ী হইলেন পরে অন্যান্য যুদ্ধেও জয়ী হইয়াছিলেন পরে ১৭১৩ শকে ইউট্রেক্ট্ দেশে সন্ধি হওয়াতে এই প্রজানাশক ও বৃথা বিবাদ নিবৃত্ত হইল তথাপি লুইসের নিজ পৌত্রকে স্পেন্দেশীয় রাজসিংহাসনোপবেশন করাইবার অভিলাষ সিদ্ধি হইল ।

২৪৭ অপর পঞ্চদশ লুইস্ উপাধিবিশিষ্ট হইয়া তাঁহার প্রপৌত্র পঞ্চমবৎসরবয়সে রাজ্য প্রাপ্ত হইলেন এবং চার্লস্ আল্বর্টনামক বাবেরিয়া দেশের অগ্রণীকে নিজ প্রতিনিধি স্বরূপে রাজসিংহাসনে বসাইলেন । ইঁহার রাজশাসন

সময়ে ফ্রেঞ্চ জাতীয়েরা জর্মনি ও রুশিয়া এবং সুইডন্ এই কএক দেশীয় লোকেরদিগের সহিত একত্র হইয়া প্রুশিয়া ও গ্রেট্‌ব্রিটেন্ রাজ্যেরদিগের সহিত দুইবার যুদ্ধ করিয়াছিল তাহার এক যুদ্ধ খ্রিষ্টিয়ান্ ১৭৪৮ শকে ও অপর যুদ্ধ ১৭৬৩ শকে সমাপ্ত হয়।

২৪৮ পরে ১৭৭৪ শকে তাঁহার পৌত্র ষোড়শ লুইস্ তাঁহার পদপ্রাপ্ত হইয়া আষ্ট্রিয়া দেশীয় মেরি এনটাইনেট্ নামিকা স্ত্রীকে বিবাহ করিলেন পরে ১৭৭৮ শকে আমেরিকা দ্বীপস্থেরা স্বাধীন হইবার নিমিত্তে যে যুদ্ধ করিয়াছিল তাহাতে এই রাজা সাহায্য করিয়াছিলেন ও ইংলণ্ডের প্রতিকূলে স্পেন্ ও হলণ্ড দেশীয়েরদিগের সহিত একত্র মিলিয়াছিলেন। তদনন্তর ১৭৮৮ শকে রাজকর পুনর্বার পাইবার নিমিত্তে তিনি দেশীয় তাবৎলোককে ডাকাইয়া এক সভা করিয়াছিলেন কিন্তু রাজা তাঁহারদিগকে যে প্রকার স্বাধীনতা দিতে চাহিয়াছিলেন তাহার

অধিক প্রার্থনা করিলে তিনি অঙ্গীকৃত হইলেন এই প্রযুক্ত তাঁহার রাজ্যের দুর্গ বিনাশ করিয়া সকলেই সমান পরাক্রমপ্রাপ্ত হয় এমত এক নূতন রাজকীয় ব্যবস্থা স্থাপন করিল।

২৪৯ অপর ১৭৯০ শকে ঐ রাজা এই নূতন রাজকীয় ব্যবস্থার নিয়ম রক্ষা করিবেন এমত শপথ করিয়াছিলেন বটে কিন্তু ১৭৯১ শকে পেরিস্ নগরহইতে পলায়ন করিলেন। পরে ঐ রাজা পুনর্ব্বার পূর্ব্বমত পরাক্রমপ্রাপ্ত হয়েন এই নিমিত্তে ১৭৯২ শকে প্রুশিয়া এবং আষ্ট্রিয়া দেশস্থেরা ফ্রান্সরাজ্য বেষ্টন করিয়াছিল কিন্তু ফ্রেঞ্চ জাতিরা তাহারদিগকে দূরীভূত করিয়া ঐ রাজাকে রাজ্যচ্যুত করত ১৭৯৩ শকে বিচার করিয়া তাহার মস্তক ছেদন করিল। এই সময়ে ইউরোপীয় তাবৎ রাজারা ফ্রান্স রাজ্যের প্রতিকূলে একত্র হইয়া দল করাতে ঐ রাজ্যে স্বজাতীয় ও ভিন্ন জাতীয়েরদিগের সহিত এক ঘোরতর সংগ্রাম উপস্থিত হইল তাহাতে ফ্রেঞ্চেরা অত্যন্ত সাহস প্রকাশ করিয়াছিল।

২৫০ অপর ফ্রান্স দেশীয় লোকেরা সকলে একবাক্য হইয়া একপ্রকার নূতন রাজশাসনের ধারা স্থাপিত করিয়া প্রাচীন লোকেরদিগের এক সভা ও পঞ্চশত লোকের আর এক সভা এবং পাঁচ জন শাসনকর্তারদিগের ডিরেক্টোরিনামক এক সভা এই সভাত্রয় স্থাপিত করিল কিন্তু ফ্রেঞ্চ জাতির বিপক্ষে ইউরোপীয় অন্য২ তাবৎ রাজারা তৎকালপর্য্যন্ত দলবদ্ধ হইয়া থাকাতে এবং ঐ নূতন রাজশাসন কালে ফ্রেঞ্চ জাতিরা যুদ্ধে পরাজিত হওয়াতে ক্রিশ্চিয়ান্ ১৭৯৯ শকে রাজকর্ম্মের তাবৎ ভার কান্সলনামক তিন জন অধ্যক্ষের উপর সমর্পিত হইল ঐ তিন জনের মধ্যে নেপোলিয়ান বোনাপার্টী প্রধান ছিলেন ।

২৫১ তদনন্তর রাজ্যের পরাক্রম ঐ অধ্যক্ষের দিগেরকর্তৃক পূর্ব্বমত স্থাপিত হইল এবং ১৮০০ শকে মারেঙ্গোনামক স্থানের সমরে জয়ী হইয়া বোনাপার্টী ১৮০১ শকের ফেব্রুয়ারিমাসে লুনিবেল্ দেশে আষ্টিয়া দেশস্থেরদিগের সহিত সন্ধি করিয়াছিলেন এবং ঐ শকের আক্টোবরমাসে

এমিএন্ননামক স্থানে ইংলণ্ডীয়েরদিগের সহিত সন্ধি করাতে সমস্ত ইউরোপে স্বচ্ছন্দতা পুনঃস্থাপন করিলেন।

২৫২ তদনন্তর ইংলণ্ড রাজ্যের মন্ত্রিরদের ও সাধারণ লোকেরদিগের সভাধ্যক্ষেরদের মধ্যে কেহ২ যুদ্ধ ইচ্ছুক ও কেহ সন্ধি ইচ্ছুক হওয়াতে এমিএন্ন দেশের সন্ধি অনুসারে ইংলণ্ডীয়েরদিগকে মালটা উপদ্বীপ পরিত্যাগ করিতে হইত তাহা তাঁহারা স্বীকার করিলেন না এবং ইংলণ্ডীয় দূত বহু বিবাদানন্তর ক্রোধপূর্ব্বক ১৮০৩ শকে আপ্রেলমাসে পারিস নগরহইতে প্রত্যাগমন করিলে দুর্ভাগ্যক্রমে পুনর্ব্বার যুদ্ধারম্ভ হইল।

২৫৩ অপর রুমীয় মহা২ধর্ম্মাধ্যক্ষ প্রধান কান্সল্ নেপোলিয়ান্ বোনাপার্টকে ১৮০৪ শকে ফ্রান্স রাজ্যের সাম্রাজ্য পদে অভিষিক্ত করিলেন এবং ১৮০৫ শকে মিলান্ নগরে ইটালিদেশের রাজা করিলেন তৎপরে বোনাপার্টী সুইট্জর্লণ্ড দেশের মিডিএটর্ অর্থাৎ রাজকীয় কর্ম্মের মীমাংসক ও রাইন্ নদীতীরস্থ রাজারদিগের দলের কর্ত্তা এই দুই উপাধি গ্রহণ করিলেন। তদনন্তর তিনি তাঁহার এক

ভ্রাতাকে হলাণ্ড দেশের রাজা করিলেন ও অন্য এক ভ্রাতাকে নেপোল্সদেশের রাজা ও আর এক জনকে স্পেনদেশের রাজা এবং আর এক ভ্রাতাকে ওএষ্টফেলিয়াদেশের রাজা করিলেন।

২৫৪ তদনন্তর তাঁহার লোভের এই সকল চিহ্নপ্রযুক্ত ইউরোপীয় তাবৎ রাজগণের ভয় ও সন্দেহ ক্রমিক বাড়িতে লাগিল। পরে আষ্ট্রিয়া ও রুশিয়া এই দুই রাজ্যস্থেরা বোনাপার্টী রাজার সহিত খ্রিষ্টিয়ান্ ১৮০৫ শকে যুদ্ধারম্ভ করিয়া আষ্টরলিটজনামক স্থানে পরাজিত হইল। অপর ১৮০৬ শকে প্রুশিয়া দেশীয়েরা সমরে প্রবৃত্ত হইয়া জেনানামক স্থানে পরাভূত হইল। এবং ঐ শকে রুশিয়া দেশীয়েরা পুনর্ব্বার সংগ্রাম করত ফ্রিড্লাণ্ড দেশে পরাস্ত হয়। অনন্তর ১৮০৭ শকে স্পেন দেশীয়েরা যুদ্ধে প্রবৃত্ত হয় তদনন্তর ১৮০৮ শকে আষ্ট্রিয়া দেশস্থেরা পুনর্ব্বার রণ করিয়া ওয়াগ্রাম্নামক স্থানে পরাভূত হইল। পরে ১৮১২ শকে রুশিয়া দেশস্থেরা পুনর্যুদ্ধারম্ভ করে। অবশেষে ১৮১৩ শকে রুশিয়া ও সুইডেন্

ও আষ্ট্রিয়া ও ইংলণ্ডপ্রভৃতি দেশীয়েরা সকলে একত্র হইয়া ফ্রান্সরাজ্য আক্রমণ করাতে নেপোলিয়ান্‌ রাজা রাজ্য পরিত্যাগ করিলেন। তাহাতে বোর্বোঁ বংশীয় রাজারা একবৎসরের নিমিত্ত পুনর্ব্বার রাজ্য প্রাপ্ত হইলেন। তদনন্তর নেপোলিয়ান্‌ পুনর্ব্বার রাজা হইয়া রাজপদ পরিত্যাগ করিলেন।

২৫৫ অপর দক্ষিণ আট্লাণ্টিক্‌ মহাসমুদ্র মধ্যবর্ত্তি সেণ্টহেলিনানামক এক ক্ষুদ্র উপদ্বীপে বোনাপার্টীকে লইয়া এমত বন্দী করিয়া রাখিলেক যে তথাহইতে না পলাইতে পারেন। তদনন্তর বোর্বোঁবংশীয় ষোড়শ লুইসের ভ্রাতা যে অষ্টাদশ লুইস্‌ তিনি পৈতৃক রাজ্য পুনঃপ্রাপ্ত হয়েন। পূর্ব্বোক্ত সকল যুদ্ধে ফ্রান্সদেশের রাজারদিগের পরিবর্ত্তন হওয়াতে ঐ রাজ্যের অন্তর্গত যেং ক্ষুদ্র রাজ্য ও প্রদেশ ছিল তাহা তদবধি পৃথক হইয়া আছে।

টিপ্পনী। এই সকল জাতির যুদ্ধে লক্ষ২ প্রাণিহত্যা হইয়াছিল তাহাতে এককালের লোকেরদিগের ও সুখের কিঞ্চিৎ হানি হইয়াছে। আমেরিকাদেশের সহিত অদ্যাপি অবাধ্য না হইত ও গ্রেটব্রিটেইন্ রাজাদের যদ্যপি পুনঃ সংগ্রাম না করিত তবে বোনাপার্টীর গৌরবাকাঙ্ক্ষা সম্প্রতি অভাবে প্রকাশ পাইত কি না তাহাতে চিরকাল সন্দেহ

হারিলেন। ইংগ্লণ্ডীয়েরদিগের সহিত সংগ্রামদ্বারা তাঁহার যুদ্ধ পরাজয় বৃদ্ধি হওয়াতে তিনি বন্দী হয়েন ও এশিয়া দেশীয়েরা বালেনসিয়্ লণ্ডনের আপত্তি করাতে যে যুদ্ধ উপস্থিত হয় তাহাতে তিনি রাইন্ নদীতীরস্থ রাজারদিগের দলের প্রধান হইয়াছিলেন এবং ওএষ্টফেলিয়ানামক রাজ্য স্থাপন করিয়াছিলেন এবং সার্ডিনিয়ানামক রাজের নিকটহইতে ক্রেমিয়ার জাতির দিগের তিনি ছাড়িয়া লইয়া যাওয়াতে ইংলণ্ডেরদের সহিত তাঁহারদিগের যে যুদ্ধ উপস্থিত হইয়াছিল সেই যুদ্ধ উপলক্ষে নেপলিয়নও হস্তপ্রকার করিয়াছিলেন।

ইংলণ্ডদেশের বিবরণ।

২৫৬ যে কালে জুলিয়স্ সিসার্ ইংলণ্ডদেশ প্রথম আক্রমণ করিলেন তৎকালে ঐ দেশ ব্রিটেন্ নামে খ্যাত ছিল। ব্রিটেন্‌দেশীয়েরা গাল্‌জাতিরদিগের সহায়তা করিয়াছিল তাহার প্রতিফল দিতে জুলিয়স সিসার্ ক্রাইষ্ট জন্মিবার ৫৫ বৎসর পূর্ব্বে ঐ অজ্ঞাত দেশে সসৈন্যে আগমন করিয়াছিলেন এবং পাঁচ শত বৎসর পর্য্যন্ত ঐ দেশে রোমানেরদিগের অধিকার ছিল।

২৫৭ অপর রোমানেরা স্বেচ্ছাপূর্ব্বক ব্রিটেন্ দেশ পরিত্যাগ করাতে স্কাট্ জাতিরা ব্রিটেনেরদিগকে

আক্রমণ করিল তাহাতে তাঁহারা ন্যূনতা স্বীকার করিয়া সাক্সনিদেশের অন্তর্গত আংগ্লিনামক জাতিরদিগের স্থানে সহায়তা প্রার্থনা করাতে ঐ আংগ্লিরা স্কাটেরদিগকে পরাস্ত করিয়া ঐ রাজ্যাধিপতি হওয়াতে তাঁহারদিগের নামানুসারে ঐ রাজ্যের নাম আংগ্লিয়া অর্থাৎ ইংগ্লণ্ড হইল।

২৫৮ অপর সাক্সন্ জাতির দ্বারা ইংগ্লণ্ডদেশ পৃথক সাত রাজ্যে বিভক্ত হইয়াছিল ঐ সপ্ত রাজ্যের নাম সাক্সন্ হেপ্টার্কী।

টিপ্পনী। সাক্সন্ হেপ্টার্কী ক্রিষ্টিয়ান্ ছয় শত শকে আরম্ভ হইয়া অষ্ট শত শক পর্য্যন্ত ক্রমিক ছিল পরে এগবর্ট রাজা ঐ সাত রাজ্যে ঐকাধিপত্য করিয়াছিলেন তাঁহার প্রথম রাজ্যের নাম কেন্ট তাহাতে ঐ কেন্টনামক প্রদেশমাত্র ছিল ঐ রাজ্য ক্রিষ্টিয়ান্ ৪৫৫ শকে আরম্ভ হইয়া ৮২৭ শকে নষ্ট হয়; দ্বিতীয় রাজ্যের নাম দক্ষিণ সাক্সন্স তাহাতে সসেক্স এবং সরিনামক দুই প্রদেশ ছিল এই রাজ্য ৪৯১ শকে আরম্ভ হইয়া ন্যূনাতিরিক্ত ৬০০ শকে বিনষ্ট হয়।

তৃতীয় পশ্চিম সাক্সন্স তাহার মধ্যে কারনওয়াল্ ও ডিবান্‌শীয়র্ ও ডারসেট্‌শীয়র্ ও উইল্টশীয়র্ ও হাম্পশীয়র্ এবং বর্ক্‌শীয়র্ এই কএক প্রদেশ ছিল ৫১৯ শকে আরম্ভ হইয়া ১০৬০ শকে ঐ রাজ্য লুপ্ত হয়। চতুর্থ রাজ্য পূর্ব্ব সাক্সন্স তাহার মধ্যে

এসেক্স ও মিডিলসেক্স এই দুই প্রদেশ এবং হর্টফোর্ড প্রদেশের কিয়দংশছিল ৫২৭ শকে এই রাজ্য আরম্ভ হইয়া ৭৪৭ শকে নষ্ট হয়। পঞ্চম রাজ্যের নাম নার্থম্বর্লেণ্ড তাহার অন্তর্গত লাঙ্কাশীয়র্ ও য়ার্কশীয়র্ ও ডর্হাম্নামক স্থানের প্রধান ধর্ম্মাধ্যক্ষের অধিকার ও কম্বর্লাণ্ড ও নর্থম্বর্লাণ্ড এবং এডিন্বর্গ নগরের প্রান্তপর্য্যন্ত স্কাট্লাণ্ড দেশের কিয়দংশ ছিল ৫৪৭ শকে ঐ রাজ্য আরম্ভ হইয়া ব্যতিরিক্ত ৭৯২ শকে শেষ হয়।

ষষ্ঠ রাজ্যের নাম পূর্ব্ব আঙ্গ্লিয়া তাহাতে নর্ফক্ ও সফক্ এবং কেম্ব্রিজশীয়র্ এই কএক প্রদেশ ছিল ঐ রাজ্য ৫৭৫ শকে আরম্ভ হইয়া ৯১৩ শকে লুপ্ত হয়।

সপ্তম রাজ্যের নাম মর্শিয়া, গ্লৌষ্টর্শীয়র্ ও হিয়রফোর্ডশীয়র্ ও উর্ষ্টর্শীয়র্ ও ওয়ারিক্শীয়র্ ও লাষ্টর্শীয়র্ ও রট্লাণ্ড-শীয়র্ ও নার্থম্প্টন্শীয়র্ ও লিঙ্কন্শীয়র্ ও ডর্বীশীয়র্ ও বেড্ফোর্ড্শীয়র্ ও বকিঙ্হাম্শীয়র্ ও আক্স্ফোর্ডশীয়র্ ও হর্টফোর্ড-শীয়র্ ও শ্রাপ্শীয়র্ ও নটিংহাম্শীয়র্ ও চেশীয়র্ এই কএক প্রদেশ এবং হার্টফোর্ডশীয়রের একাংশ ঐ রাজ্যের অন্তর্গত ছিল ঐ রাজ্য ৫৪৮ শকে আরম্ভ হইয়া ৮২৭ শকে লুপ্ত হয় ব্রিটেন্ রাজ্যের এই রূপ বিভক্ত হওয়াতে সাক্সনেরা এক রাজার অধীন ছিলেন তাঁহাকে ব্রিটেন্ দেশের অধিপতি কহিত।

২৫৯ তৎপরে ডেন্জাতিরা ইংগ্লণ্ডদেশ আক্রমণকরিয়া আপনারদিগের অধিকার করিল কিন্তু তাহারদিগের অতি অল্পকালের মধ্যে রাজ্য বহিষ্কৃত করিয়া সাক্সনেরা পুনর্ব্বার রাজ্যপ্রাপ্ত হইল।

টিপ্পনী। এথেল্‌উল্ফ্‌রাজার চতুর্থ পুত্র আল্‌ফ্রেড্‌ স্যাক্সন্‌রাজগণের মধ্যে অত্যন্ত বিখ্যাত ছিলেন। ক্রিষ্টিয়ান্‌ ৮৪৯ শকে তাঁহার জন্ম হয় ও ৮৭১ শকে আপন ভ্রাতা প্রথম এথেল্‌রেডের উত্তরাধিকারী হইয়া ইংগ্লণ্ডীয় সিংহাসনোপবিষ্ট হইলেন। এবং ৮৮৬ শকে ডেন্‌জাতিরদিগের হইতে লাণ্ডন্‌নগর হস্তগত করিয়া রচেষ্টর্‌নামক প্রদেশ বেষ্টন করত তাহারদিগকে স্বং জিগীষু দূর করিয়া দিলেন। ঐ আল্‌ফ্রেড্‌রাজা ইংগ্লণ্ডদেশকে কৌণ্টী এবং হণ্ড্রেড্‌ অর্থাৎ শত২ প্রদেশ করিয়া বিভক্ত করেন ও আক্‌স্ফোর্ড নামক স্থানের চতুষ্পাঠী নির্ম্মাণ করেন ও ইংগ্লণ্ডদেশ পরিমাণ করিয়া কতকগুলিন ব্যবস্থা প্রকাশ করিলেন যাহা হইতে কামান্‌লানামক প্রচলিত ব্যবস্থার উৎপত্তি হয়। ৯০১ শকে তাঁহার লোকান্তর হইলে জ্যেষ্ঠ এড্‌ওয়ার্ডনামক তাঁহার দ্বিতীয় পুত্র তাঁহার পদ পাইলেন।

২৬০ সর্গ শেষে নারমন্‌ জাতিরা ইংগ্লণ্ড দেশ আক্রমণ করেন তাঁহারা জয়ী উপাধিবিশিষ্ট উইলিয়াম্‌ রাজার কর্ত্তৃত্বাধীন হেষ্টিংস্‌নামক স্থানে ক্রিষ্টিয়ান্‌ ১০৬৬ শকে যুদ্ধ করিয়া ইংলণ্ড রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন উইলিয়াম্‌ মহৎ রাজা ছিলেন তিনি জয়ির ন্যায় স্বেচ্ছাচারী না হইয়া তদ্দেশের প্রচলিত স্যাক্সন্‌ জাতিরদিগের ব্যবস্থানুসারে রাজ্য শাসন করিয়াছিলেন।

২৬১ তৎপরে তাঁহার পুত্র রিউফস্ উপাধি-বিশিষ্ট উইলিয়াম্ উত্তরাধিকারী হইলেন, তাঁহার রক্তবর্ণ কেশপ্রযুক্ত তিনি ঐ উপাধি পাইয়াছিলেন এবং তিনি নিউফারেষ্টনামক বনে মৃগয়া করিতে গিয়া দৈবাৎ আপন এক জন দাসকর্তৃক হত হইয়াছিলেন।

২৬২ অপর ঐ রাজার নিঃসন্তানে মৃত্যু হওয়াতে তাঁহার কনিষ্ঠ ভ্রাতা প্রথম হেন্‌রি সিংহাসনোপবিষ্ট হইলেন তিনি মহৎ ও সুস্বভাব রাজা ছিলেন।

২৬৩ তৎপরে তাঁহার ভ্রাতুষ্পুত্র ষ্টিবেন্ তাঁহার উত্তরাধিকারী হইলে মাটিল্ডানাম্নী প্রথম হেন্‌রির কন্যা যাঁহাকে নির্ধার্য্য ইংলণ্ডীয় রাজ্যে অর্পে তিনি ষ্টিবেনকে সসৈন্যে আক্রমণ করাতে বহুকালব্যাপী এক ঘোরতর সংগ্রাম হইয়াছিল। মাটিল্ডার পুত্র আঁজু দেশীয় হেন্‌রি ঐ রাজ্যপ্রাপ্ত হইলে ঐ যুদ্ধ নিবৃত্ত হইল।

২৬৪ ষ্টিবেনের মৃত্যু হওয়াতে প্লান্টেজেনেট্ উপাধিবিশিষ্ট দ্বিতীয় হেন্‌রি রাজপদে অভিষিক্ত

হইলেন। তৎকালে তিনি অতিপরাক্রান্ত রাজা ছিলেন এবং আয়েরলাণ্ডনামক উপদ্বীপ জয় করিয়া ইংলণ্ডরাজ্যের সহিত একত্র করিয়াছিলেন।

টিপ্পনী। টামস্ এবেকেট্‌নামক এক ব্যক্তি যিনি দ্বিতীয় হেন্‌রির রাজত্বসময়ে অতিশয় প্রসিদ্ধ হইয়াছিলেন তাঁহার লণ্ডন নগরে ১১১৯ শকে জন্ম হয় ও ১১৫৫ শকে চান্সেলর্ অর্থাৎ ঐ রাজার হিতাহিতদর্শী বিচারকর্ত্তা হইয়াছিলেন ও ১১৬২ শকে কাণ্টর্‌বেরী প্রদেশের মহাধর্ম্মাধ্যক্ষ হয়েন ও ১১৬৪ শকে তিনি বিচারস্থল অবজ্ঞা করিয়াছেন এই দোষ রোপণ তাঁহার উপর হইয়াছিল এবং ১১৭০ শকে ডিসেম্বর্ মাসের ২৯ দিবসে কাণ্টর্‌বেরী প্রদেশের ধর্ম্মালয়ে তাঁহার বধ হইয়াছিল পরে ১১৭২ শকে তৃতীয় আলেক্‌জাণ্ডর্ ঐ মৃত ব্যক্তিকে মহাপুরুষ বলিয়া ব্যক্ত করিয়াছিলেন।

২৬৫। তদনন্তর দ্বিতীয় হেন্‌রির পুত্র সিংহপ্রতাপী উপাধিবিশিষ্ট প্রথম রিচার্ড আপন পিতার পদপ্রাপ্ত হইয়া যিরুসালেম্‌নামক তীর্থস্থান উদ্ধার করণার্থ যে যুদ্ধ হইয়াছিল তাহাতে ঐ রাজা প্রবৃত্ত হইয়া যোদ্ধারদিগের মধ্যে প্রসিদ্ধ হইয়াছিলেন।

২৬৬ তাঁহার লোকান্তর প্রাপ্তি হইলে তাঁহার ভ্রাতা জান্ সিংহাসনারোহণ করিলেন তিনি উপদ্রবী রাজা ছিলেন কিন্তু তাঁহার নিকটহইতে প্রজারা মাগনা চার্টানামক লিপি লইয়াছিল তাহার দ্বারা তাহাদিগের স্বাধীনতা এবং ক্ষমতা নির্ণয় হইল ঐ লিপি উইণ্ডসর এবং ষ্টেন্স দেশমধ্যবর্ত্তি রনিমিড্নামক স্থানে স্বাক্ষরিত হইয়াছিল তাহা ইংলণ্ডীয়েরদিগের স্বাধীনতার মূলস্বরূপ হইয়া অদ্যাবধি বর্ত্তমান আছে।

২৬৭ অপর তৃতীয় হেনরি দুর্ব্বল রাজা ছিলেন তাঁহাকে লোকেরা অবজ্ঞা করিত তিনি সর্ব্বদাই অযোগ্য ও দুষ্ট লোকেরদিগের সহিত বিশ্রাম করিতেন কিন্তু তাঁহার রাজত্ব সময়ে ব্রিটেন দেশীয় হৌস আব্ কমন্সনামক রাজকীয় সভা প্রথম স্থাপিতা হয়।

২৬৮ পরে তাঁহার পুত্র দীর্ঘপাদ উপাধিবিশিষ্ট প্রথম এড্ওয়ার্ড ইংলণ্ডদেশীয় রাজগণের মধ্যে অতিপ্রধান এবং ক্ষমতাপন্ন রাজা ছিলেন কিন্তু ওএল্স্ দেশ ইংলণ্ড রাজ্যের সহিত একত্র করিয়া

লোকেরদিগের প্রতি নিষ্ঠুর ব্যবহার করাতে তাঁহার অখ্যাতি হইয়াছিল তৎকালাবধি ইংলণ্ড দেশীয় রাজগণের জ্যেষ্ঠ পুত্রের পদবী ওএল্স দেশের যুবরাজ হইয়াছে প্রথম এড্ওয়ার্ড রাজার রাজ্য কালীন অনেক উত্তম২ রাজকীয় ব্যবস্থা হয়।

টিপ্পনী। ক্রিষ্টিয়ান্ ৬৯০ শকে ওএল্স দেশের প্রথম রাজা এড্ওয়ার্ড হইয়াছিলেন ও ১০৯১ শকে প্রথম উইলিয়াম্ ঐ দেশ জয় করেন। ১১৩৭ শকে ঐ দেশের গ্রীফিতনামক শেষ রাজার মৃত্যু হয় সেই অবধি ঐ দেশ যুবরাজকর্তৃক শাসিত হইতে লাগিল। ঐ ১১৭৭ শকে এড্ওয়ার্ডনামক প্রথম যুবরাজ ঐ দেশ শাসন করিয়াছিলেন ও ১২৮৩ শকে ঐ দেশ সম্পূর্ণরূপে অধীন হইয়া ইংলণ্ডরাজ্যের সহিত একত্র হইয়াছিল এবং ১৫৩৫ শকে ইংলণ্ড দেশীয় রাজকীয় ব্যবস্থা ঐ দেশে প্রচলিত হয় এবং তদ্দেশীয় লোকেরদিগের প্রতিনিধি ইংলণ্ডরাজ্যের মহাসভাসম্পাদক হইতে পারেন এমত আজ্ঞা হইয়াছিল।

২৬৯ অপর তাঁহার পুত্র দ্বিতীয় এড্ওয়ার্ড দুর্ব্বল এবং অলস রাজা ছিলেন তিনি আপন প্রিয় ব্যক্তিরদিগের বশীভূত হওয়াতে রাজ্যচ্যুত হইয়াছিলেন এবং ১৩২৭ শকে বরক্লীনামক দুর্গ মধ্যে তাঁহাকে অতিনির্দ্দয়রূপে বধ করিয়াছিল।

২৭০ তদনন্তর তাঁহার পুত্র তৃতীয় এডওয়ার্ড তাঁহার উত্তরাধিকারী হইলেন তিনি বড় সাহসী এবং ক্ষমতাপন্ন রাজা এবং কেস্সিনামক দেশের প্রসিদ্ধ সংগ্রামে জয়ী হইয়াছিলেন ঐ যুদ্ধে ফ্রান্স রাজ্যের ত্রিংশৎ সহস্র লোক হত হইয়াছিল। তাঁহার পুত্রের কৃষ্ণবর্ণ চর্ম্মপ্রযুক্ত কৃষ্ণবর্ণ যুবরাজ উপাধি হইয়াছিল তিনি ফ্রেঞ্চ জাতিরদিগকে পোয়িতেয়েরনামক স্থানে যুদ্ধে পরাস্ত করিয়াছিলেন।

২৭১ অপর ১৩৭৭ শকে তৃতীয় এডওয়ার্ডের পৌত্র এবং পূর্ব্বোক্ত কৃষ্ণবর্ণ উপাধিবিশিষ্ট যুবরাজের পুত্র দ্বিতীয় রিচার্ড আপন পিতামহের পর প্রাপ্ত হইলেন কিন্তু পিতৃপিতামহের গুণ তাঁহাকে অত্যল্পই ছিল। তিনি লাঙ্কাষ্টর্ প্রদেশের অগ্রণী হেন্‌রিকর্ত্তৃক রাজ্যভ্রষ্ট হইয়া তদ্দ্বারা নষ্ট হইলেন তৎপ্রযুক্ত লাঙ্কাষ্টর্ ও ইয়ার্কবংশীয়েরদের মধ্যে ঘোরতর সংগ্রাম আরম্ভ হইল।

২৭২ অপর ১৩৯৯ শকে লাঙ্কাষ্টর্ প্রদেশাগ্রণী চতুর্থ হেন্‌রি নামপ্রাপ্ত হইয়া ইংলণ্ডীয় সিংহা-

সন আরোহণ করিলেন। তৃতীয় এড্ওয়ার্ডের তৃতীয় পুত্র যিনি ইয়ার্ক প্রদেশের অগ্রণী ছিলেন তাঁহার সন্তানেরা রাজ্যে অনধিকারী হওয়াতে তাঁহার চতুর্থ পুত্র গান্টনামক স্থাননিবাসী ও লাঙ্কাষ্টর্ প্রদেশের অগ্রণী যে জান্ তাঁহারি পুত্র এই চতুর্থ হেন্‌রি নামে খ্যাত রাজা হইয়াছিলেন।

২৭৩ তৎপরে তাঁহার পুত্র পঞ্চম হেন্‌রি তাঁহার উত্তরাধিকারী হইলেন। যেং গুণে রাজার শোভা এবং সম্ভ্রম হয় সে সকলি তাঁহাতে ছিল তিনি পিকার্ডি দেশান্তর্গত আজিন্‌কোর্টনামক স্থানের প্রসিদ্ধ যুদ্ধে জয়ী হইয়াছিলেন কিন্তু যাজকেরদিগের কথায় ভুলিয়া সৎকর্ম্ম সংস্থাপনাকারিরদিগের প্রতি অহিতাচরণ করত তাহারদিগের প্রধান লার্ড কাব্‌হাম্‌কে দগ্ধ করিয়া নষ্ট করিয়াছিলেন।

২৭৪ অপর তাঁহার পুত্র ষষ্ঠ হেন্‌রি তাঁহার উত্তরাধিকারী হইয়া পারিস্‌নগরে ফ্রান্স দেশেরও রাজা হইয়াছিলেন কিন্তু তাঁহার দুর্ব্বলতা এবং অযোগ্যতাপ্রযুক্ত তিনি ফ্রান্স রাজ্য হইতে বহিষ্কৃত হইয়াছিলেন এবং বিংশতি বৎসরপর্য্যন্ত

আত্মবিরোধের পর তৃতীয় এড্ওয়ার্ডের তৃতীয় পুত্র জাত ইয়ার্ক প্রদেশের অগ্রণী যে এড্ওয়ার্ড তাঁহাকর্ত্তৃক ইংলণ্ডীয় রাজচ্যুত হইয়াছিলেন।

২৭৫ ইয়ার্ক প্রদেশের অগ্রণী চতুর্থ এড্ওয়ার্ড নামপ্রাপ্ত হইয়া সিংহাসনোপবিষ্ট হইলেন এবং নানাবিধ দৌরাত্ম্য ও নিষ্ঠুরতাদ্বারা স্বীয় পরাক্রম দৃঢ়তর করিয়া রাজ্য শাসন করিতে লাগিলেন।

২৭৬ তৎপরে তাঁহার পুত্র পঞ্চম এড্ওয়ার্ড রাজ্যপ্রাপ্ত হইয়াছিলেন কিন্তু তাঁহার পিতৃব্য গ্লাষ্টর্ প্রদেশের অগ্রণী যে রিচার্ড তিনি তাঁহার এবং তাঁহার ভ্রাতা ইয়ার্ক প্রদেশের অগ্রণীর রক্ষক ছিলেন তাঁহার আজ্ঞানুসারে ঐ দুই ভ্রাতার নিদ্রাকালে বধ হইলেপর ১৪৮৩ শকে তিনি আপনি ঐ রাজসিংহাসনাপহরণ করিয়াছিলেন।

২৭৭ ঐ রাজ্যাপহারক ও ভ্রাতৃপুত্রহন্তা যাঁহার তৃতীয় রিচার্ড উপাধি হইয়াছিল তিনি এতাদৃশ নির্দ্দয় ও ক্রূর ছিলেন যে লাঙ্কাষ্টর্ বংশের শেষাঙ্কুর রিচ্মণ্ড প্রদেশের যুবা অর্লের সপক্ষ

হইয়া ঐ তৃতীয় রিচার্ডের প্রতিকূলে লোকেরা এক উপপ্লবী দল করিয়াছিল এবং ১৪৮৫ শকে ঐ রিমণ্ড প্রদেশের অন্তর্বাস্ওযার্থ নামক স্থানে রিচার্ডের সহিত যুদ্ধ করত তাঁহাকে এককালে পরাস্ত করিয়া বধ করিয়াছিলেন।

২৭৮ অনন্তর সপ্তম হেন্রি কিছুকাল পরেই চতুর্থ এড্ওয়ার্ডের কন্যাকে বিবাহ করাতে ইয়ার্ক বংশ এবং লাঙ্কাষ্টর্ বংশ যাঁহারদিগের সে কালীন শুক্লবর্ণ গোলাব্ এবং রক্তবর্ণ গোলাব্ পুষ্প আখ্যা ছিল তাঁহারদিগের উভয়ের রাজ্য বিষয়ক দ্বন্দ নিবৃত্তি হইয়াছিল।

২৭৯ অপর তাঁহার পুত্র অষ্টম হেন্রি রাজ্যাভিষিক্ত হইলেন এবং কাথিরিন্ নাম্নী আপন রাণীকে পরিত্যাগ করিয়া এন্বুলেন্‌কে বিবাহ করিলেন কিন্তু রূমীয় মহান্ ধর্মাধ্যক্ষের ঐ বিবাহে আপন সম্মতি দেওনে বিধানত করাতে হেন্রি তাঁহার শাসন অমান্য করিয়া ১৫৩৪ শকে সাধারণ ধর্ম্ম মণ্ডলীর প্রধানরূপে আপনাকে প্রকাশ করিলেন তিনি অত্যন্ত উপদ্রবী রাজা ছিলেন এবং

কি রুমীয় মহাং ধর্ম্মাধ্যক্ষের মতাবলম্বী কি প্রোটেষ্টেণ্টনামক তদ্বিরুদ্ধ মতাবলম্বী তাঁহার নিকট কাহারই নিস্তার ছিল না।

টিপ্পনী। ইপ্সউইচনামক স্থানবাসী কার্ডিনেল্ উল্সিনামক এক ব্যাধের পুত্র অষ্টম হেন্রির প্রিয় মন্ত্রী ছিলেন তিনি ক্রিষ্টাব্দ ১৫১৩ শকে ঐ মন্ত্রিপদে নিযুক্ত হইয়াছিলেন ও ১৫১৪ শকে ইয়ার্ক প্রদেশের মহাধর্ম্মাধ্যক্ষ হয়েন ও ১৫১৫ শকে ধর্ম্মমণ্ডলীর কার্ডিনেল্নামক যাজকপদে ও প্রধানাধ্যক্ষপদে নিযুক্ত হইয়াছিলেন ও ১৫১৮ শকে লিগেটনামক রাজদূত পদপ্রাপ্ত হয়েন ও রাজসম্মতি ব্যতিরেকে রোমীয় মহাধর্ম্মাধ্যক্ষের কার্য্যের অনুরোধ প্রযুক্ত ১৫২৯ শকে অক্টোবর মাসের নবম দিবসে তিনি অপরাধী হইয়াছিলেন ও ঐ মাসের অষ্টাদশ দিবসে তাঁহার নিকটহইতে রাজকীয় শিল্ মোহর কাড়িয়া লওয়া গেল পরে অপরের দ্বারা [illegible] রাজকীয় সর্ব্ব পদচ্যুত হইয়াছিলেন ইহাতে কিন্তু তাঁহার অপরাধ ক্ষমা হইয়াছিল ও রুমীয় মহামহাধর্ম্মাধ্যক্ষের সহিত যোগ করণকারণে তিনি ইয়ার্কপ্রদেশের আপন বাটীতে ধৃত হইয়াছিলেন এবং ১৫৩০ শকে নবেম্বর মাসের ২৮ দিবসে লণ্ডন নগরে যাইবার সময়ে পথিমধ্যে লিষ্টর্নামক মঠে পঞ্চত্বপ্রাপ্ত হইলেন।

২৮০ অপর অষ্টম হেন্রির একমাত্র পুত্র যে ষষ্ঠ এড্ওয়ার্ড যাঁহার ষোড়শবর্ষ বয়সে মৃত্যু হয় তাঁহার অল্পকালস্থায়ি রাজত্বের মধ্যে প্রোটেষ্টেণ্ট

ধর্ম্ম নিরুদ্বেগে প্রচলিত হইয়াছিল।

২৮১ তদনন্তর তাঁহার ভগিনী মেরি উত্তরাধিকারিণী হইলেন তিনি নিষ্ঠুর ও রুমীয় মহাধর্ম্মাধ্যক্ষের মতের অত্যন্ত গোঁড়া ছিলেন। স্পেনদেশীয় দ্বিতীয় ফিলিপ্ যিনি ঐ মতের নিতান্ত গোঁড়া ছিলেন তাঁহাকে ঐ মেরি বিবাহ করিয়া প্রাটেষ্টেন্টগণের মত সমূলোৎপাটন করণাভিলাষিণী হইয়া ঐ মতাবলম্বিরদিগকে কারাগারে বদ্ধ রাখিয়া দগ্ধ করিয়াছিলেন।

২৮২ পরে ইলিজিবেথ্ নাম্নী তাঁহার ভগিনী প্রাটেষ্টেন্ট ধর্ম্ম পুনঃ স্থাপন করিলেন এবং ব্যবসায় ও শিল্পকর্ম্ম যাহাতে বৃদ্ধি হয় তাহা করিয়াছিলেন ও খ্রিষ্টিয়ান্ ১৫৮৮ শকে স্পেন্ দেশীয়েরা ইংলণ্ডদেশ জয়করণার্থে যে ডিঙ্গা সমূহ প্রেরণ করিয়াছিল সেই ডিঙ্গাস্থ সৈন্যেরদিগকে তিনি পরাস্ত করিয়াছিলেন কিন্তু স্কাট্ জাতিরদিগের রাণী তাঁহার পিতৃব্যকন্যা মারিকে হত্যা করাতে তাঁহার নামে কলঙ্ক হইয়াছিল। ১৬০২ শকে ইলিজিবেথের মৃত্যু হওয়াতে টিউডর্নামক রাজবংশের লোপ হইল।

২৮৩ অপর প্রথম জেমস্ যিনি মার ষ্টুয়ার্টের পুত্র ও স্কাট্লণ্ড দেশের ষষ্ঠ জেমসনামক রাজা ছিলেন তিনি সপ্তম হেন্‌রির দৌহিত্র বলিয়া ইংলণ্ডীয় রাজসিংহাসনে উপবেশন করিলেন ইহাতে ইংলণ্ড ও স্কাট্লণ্ড এই দুই রাজ্য একত্র হয়। ঐ রাজার শান্ত স্বভাবপ্রযুক্ত প্রজাগণ সুখী হইয়াছিল এবং আপনিও যৎ কিঞ্চিৎ যশস্বী হইয়াছিলেন কিন্তু অনুপযুক্ত লোকেরদিগকে প্রিয়পাত্র করাতে তিনি হেয় হইয়াছিলেন।

২৮৪ অপর তাঁহার পুত্র প্রথম চার্লস্ পার্লিমেণ্টনামক রাজকীয় মহাসভাসম্পর্কীয় লোকের সহিত বিরোধ করিয়া তাহারদিগের সম্মতি ব্যতিরেকে প্রজারদিগের প্রতি অন্যায় করিয়া ধন লইবার চেষ্টা করিয়াছিলেন। ঐ সকল এবং অন্য২ উপদ্রবী ও ব্যবস্থাবিরুদ্ধ কর্ম্ম করাতে আত্মবিরোধ উপস্থিত হইলে তিনি বিচারে মহাদুষ্কর্ম্মের অপরাধী হওয়াতে ১৬৪৯ শকে জানিউআরি মাসের ত্রিংশৎ দিবসে হোয়াইট্ হাল্‌নামক স্থানের সম্মুখে তাঁহার মস্তক ছেদন হইয়াছিল।

২৮৫ পরে ঐকাধিপত্য রাজশাসনধ্বংস হওয়াতে ঐ রাজকীয় মহাসভাসম্পাদকেরদিগের আজ্ঞানুসারে প্রজাপ্রভুত্বাধিকার স্থাপিত হইল কিন্তু সৈন্যেরা ঐ মহাসভাসম্পাদকেরদিগের কর্তৃত্বাধীন না হওয়াতে ওলিবর্ ক্রাম্ ওয়েল্নামক প্রধান সেনাপতি লার্ড প্রোটেক্টর্ উপাধি পাইয়া আট বৎসরের নিমিত্ত রাজপরাক্রমপ্রাপ্ত হইয়াছিলেন।

২৮৬ অপর ঐ অসাধারণ ব্যক্তির মৃত্যু হওনানন্তর তাঁহার পুত্র রিচার্ড পিতৃপদপ্রাপ্ত হইয়াছিলেন বটে কিন্তু তাঁহার গৌরবাকাঙ্ক্ষা নাথাকাতে তিনি সেই পদ রক্ষা করিতে পারিলেন না সেইহেতুক মঙ্কনামক বিখ্যাত সেনাপতির সাহায্যে প্রথম চার্লসের পুত্র দ্বিতীয় চার্লস্ ক্রিষ্টিয়ান্ ১৬৬০ শাকে মেমাসের ২৯ দিবসে ইংলণ্ড রাজ্যপ্রাপ্ত হইলেন।

২৮৭ অপর দ্বিতীয় চার্লস্ অপব্যয়ী ও উপদ্রবী রাজা ছিলেন এবং তাঁহার শাসনে অখ্যাতি হইয়াছিল তত্রাপি তাঁহার রাজত্বসমযে নানাপ্রকার

বিচক্ষণতা ও বুদ্ধির প্রাদুর্ভাব হইয়াছিল তিনি পার্লিমেণ্টনামক রাজকীয় মহাসভাসম্প্রদায়কের দিগকে বশীভূত করণে অশক্ত হইয়া ঐ সভাভঙ্গ করিলেন এবং প্রজারদিগের তাবৎ ন্যায়বিষয়ে বঞ্চনা করিয়া ও ফ্রান্সদেশহইতে ও বৃত্তিগ্রহণ করত ঐকাধিপত্যরূপ রাজশাসন করিতে লাগিলেন।

২৮৮ পরে ঐ শেষোক্ত রাজার ভ্রাতা দ্বিতীয় জেম্স রুমীয় মহাধর্মাধ্যক্ষের মত প্রবল্য করিয়া নানাবিধ অত্যাচার করিতে লাগিলেন এবং রাজকীয় তাবৎব্যবস্থা রহিত করিলেন এই পুরুষ পুরুষ্যা তাঁহার ভ্রাতৃপুত্র ও কান্যা উইলিয়াম্ প্রিন্স আরেঞ্জনামক স্থানের যুবরাজ ছিলেন তাঁহার শরণ লইলেক। পরে ঐ যুবরাজ তথায় আগমন করাতে ১৬৮৮ শকে দ্বিতীয় জেম্সে সিংহাসন পরিত্যাগ করিয়া ফ্রান্সদেশে গিয়া বাস করিলেন।

২৮৯ ইংগ্লণ্ডদেশীয় পার্লিমেণ্টনামক রাজকীয়

মহাসভাসম্পাদকেরা আরেঞ্জ দেশের যুবরাজকে তৃতীয় উইলিয়াম্ রাজা ও তদ্দেশীয় রাজ-কুমারীকে মেরী রাণী এই দুই উপাধি দুই জনকে দিয়া বৃটেন রাজ্যে অভিষিক্ত করিলেন। উইলিয়াম্ সাহসী এবং যুদ্ধাভিলাষী ছিলেন কিন্তু ঐ মহাসভাসম্পাদকেরা যে ক্ষমতা তাঁহাকে অর্পণ করিয়াছিলেন তাহার অতিরিক্ত ক্ষমতা আকাঙ্ক্ষা করাতে সর্ব্বদাই অসুখী থাকিতেন।

২৯০ অপর ক্রিষ্টিয়ান্ ১৭০১ শাকে তিনি নিঃসন্তান হইয়া লোকান্তরগত হওয়াতে দ্বিতীয় জেমস্ রাজার যে কএকটী কন্যা তৎকালে বর্ত্তমানা ছিলেন তাঁহারদিগের মধ্যে এন্ নাম্নী সর্ব্ব জ্যেষ্ঠা তৃতীয় উইলিয়াম্ রাজার উত্তরাধিকারিণী হইয়াছিলেন। মার্লবরো প্রদেশের অগ্রণীকে সেনাপতি করিয়া তিনি ও তাঁহার সপক্ষ রাজগণেরা ফ্রান্স দেশীয়েরদিগের সহিত যে সংগ্রাম করিয়াছিলেন তাহাতে জয়ী হওয়াতে তাঁহার রাজত্বসময় অত্যন্ত প্রসিদ্ধ হইয়াছিল।

২৯১ পরে তাঁহার নিঃসন্তানে মৃত্যু হওয়াতে

হ্যানোবর্ বংশজাত পৃথম জার্জ নির্ধারিত নিয়মা নুসারে রাজসিংহাসনোপবিষ্ট হইলেন ঐ রাজার রাজত্বসময়ে প্রজারা সুখী এবং সৌভাগ্যবিশিষ্ট হওয়াতে তাঁহার অত্যন্ত সুখ্যাতি হইয়াছিল।

২,৯২ তদনন্তর তাঁহার পুত্র দ্বিতীয় জার্জ রাজা হইলেন। দ্বিতীয় জেমস রাজার পৌত্র চার্লস এড্ওয়ার্ডকর্তৃক স্কাট্লেণ্ডদেশে রাজ বিপক্ষে যে দল হইয়াছিল তাহা তিনি দমন করিয়া ছিলেন পরে ত্বরায় নানা দেশ জয় করত ১৭৬০ শকে ৭৭ বৎসর বয়সে তাঁহার মৃত্যু হইয়াছিল।

২,৯৩ তদনন্তর তাঁহার পৌত্র তৃতীয় জার্জ রাজা হইলেন তিনি অমায়িক এবং নির্দোষী ছিলেন। যাহারা ইংলণ্ডদেশহইতে আমেরিকা নামক মহাদ্বীপে আসিয়া বসতি করিয়াছিল তাহারা ঐহার রাজত্বসময়ে ইংলণ্ডরাজসৈন্যের দিগের সহিত বিরুদ্ধাচার করিয়া আপনারদিগের বাহুবলদ্বারা স্বাধীনতাপ্রাপ্ত হইয়াছিল। এবং ইংলণ্ডীয়েরা নানা রাজগণের সহিত ভিন্নং সময়ে ঐক্য করিয়া ফ্রেঞ্চজাতিরদিগের সহিত যুদ্ধ

করাতে ইংগ্লণ্ডীয়েরদিগের জলযুদ্ধে যেরূপ জয় হয় তাহার দৃষ্টান্তাভাব।

২৯৪ অপর ইংগ্লণ্ডীয়েরা ১৮০১ শকে আমি এন্সনামক স্থানে সন্ধি করিয়াছিলেন কিন্তু তাহাতে কেবল কিঞ্চিৎ কালের জন্য যুদ্ধ স্থগিত ছিল যে হেতুক তাঁহারা ১৮০৩ শকে ফ্রেঞ্চ জাতির দিগের সহিত পুনর্ব্বার যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলেন তাহাতে ট্রাফালগারনামক স্থানের সংগ্রামে এবং অন্য২ জয়দ্বারা ইংগ্লণ্ডীয়েরদিগের জলযুদ্ধে প্রধানতা পুনর্ব্বার প্রকাশ পাইয়াছিল।

২৯৫ পরে ১৮১৫ শকে আল্বাহইতে বোনাপার্টী রাজার প্রত্যাগমনানন্তর ওয়াটর্লু নামক স্থানে যে যুদ্ধে ওএলিংটন্ প্রধানের অগ্রণী ইংগ্লণ্ডীয়েরদিগের স্বপক্ষ রাজগণের সৈন্যের অধ্যক্ষতা করিয়াছিলেন তাহাতে ফ্রেঞ্চেরদিগের পরাক্রম সম্পূর্ণ রূপে খর্ব্ব হওয়াতে বোনাপার্টীকে পুনর্ব্বার রাজসিংহাসন পরিত্যাগ করিতে হইয়াছিল।

দিগের প্রতিনিধি দেওয়ার ক্ষমতা না থাকাতে তাহারা ঐ কর
প্রদানে আপত্তি করেন এবং তাহারদিগের অসন্তুষ্টতাপ্রযুক্ত
কলহ উপস্থিত হইয়া ১৭৭৫ শকে ইংলণ্ডীয়েরদিগের সহিত
তাহারদিগের সম্পূর্ণ যুদ্ধারম্ভ হইল। পরে ১৭৭৬ শকে জুলাই
মাসের চতুর্থদিবসে তাহারা আপনারদিগকে স্বাধীন বলিয়া প্রকাশ
করিল। এবং ১৭৭৮ শকে ফ্রেঞ্চ জাতিরা তাহারদের সপক্ষ হইয়াছিল
ও ১৭৭৯ শকে স্পেন জাতিরা তাহারদিগের সপক্ষতা করিয়াছিল
এবং ১৭৮০ শকে হলণ্ডীয়েরা তাহারদিগের সাহায্য করিয়াছিল
পরে ১৭৮৩ শকে জানুয়ারি মাসে যুদ্ধ নিবৃত্ত হওয়াতে ঐ রাজ্য পুনর্ব্বার
সুস্থির হইয়াছিল কিন্তু তাহারদিগের স্বাধীনতা ইংলণ্ডীয়েরদিগকে
স্বীকার করিতে হইয়াছিল। অপর ১৭৮৯ শকে ফ্রান্সদেশে এক
উপপ্লব ঘটিয়াছিল এবং ১৭৯২ শকে তদ্দেশীয় লোকেরা প্রজাধ্যক্ষ
প্রভৃতি স্বাধীনতা প্রকাশ করাতে অনেক লোকের প্রজানাশক
যুদ্ধে উপস্থিত হইয়াছিল। বৃটিনীয়েরা ঐ প্রজাপ্রবন্ধ অধিকার
স্বীকারে অস্বীকৃত হইলেন এবং ইউরোপীয় অন্য২ রাজারা তাঁহার
দিগের সহিত ঐক্য একবাক্য হইয়া ফ্রেঞ্চেরদিগের বিপক্ষে যুদ্ধ
করিয়াছিলেন ঐ সময়ে হোও জরবিস্ এবং নেলসন এই কএক
ব্যক্তিকর্তৃক জলযুদ্ধে ফ্রেঞ্চেরা অনেকবার পরাজিত হইয়াছিল কিন্তু
স্থলযুদ্ধেতে বোনাপার্টী সকল মিলিত রাজগণের সহিত যুদ্ধ করত
তাহারদিগের সৈন্যগণকে পরাস্ত করিয়া তাহারদিগের রাজধানী
সকল হস্তগত করিয়াছিলেন এবং দেশ সকলও ছিন্নভিন্ন করিয়া
ছিলেন। এইরূপ হওয়াতে বহুবৎসরাবধি বৃটিনীয়েরা কেবল
স্বীয়বলে ফ্রেঞ্চেরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন পরে ফিজিয়ান্

১৮১২ শকে আত্যান্তিক শীতদ্বারা রুশিয়া দেশেতে ফ্রেঞ্চ জাতিরদিগের সেনা প্রায় তাবৎই বিনাশ হওয়াতে ইউরোপীয় অন্যান্য সকল রাজগণেরা পুনর্ব্বার একত্র হইয়া তাহারদিগকে আপন সীমার মধ্যে খেদাইয়া দিলেক এবং ১৮১৪ শকের সময় জাতি এই সকল মিলিত রাজারা বোরবোঁ বংশীয়েরদিগের এক জনের সহায়তাতে পারিস্ নগরে যাইয়া নেপোলিয়ান রাজাকে সিংহাসন চ্যুত করত অষ্টাদশ লুইসকে রাজ্যাভিষিক্ত করণেতে বোরবোঁ রাজবংশীয়েরদিগের অধিকার পুনর্ব্বার স্থাপন করিল।

ত্রয়োবিংশতি বৎসর পর্য্যন্ত এইরূপ বিরোধ হওয়াতে এই ফলোৎপত্তি হইল যে ফ্রেঞ্চ ও হলণ্ড স্পানিয় পোর্ত্তুগিজ প্রভৃতি জাতিরা যে২ স্থানে যাইয়া বসতি করিয়াছিল প্রায় সেই সকল স্থান ইংলণ্ডীয়েরদিগের হস্তগত হইল এবং তাহারদিগের বাণিজ্য ও পরাক্রম পৃথিবীর তাবৎ ভাগে এতদ্রূপ বিস্তার হইল যে পূর্ব্বে আর কখন এতদ্রূপ কিছুই অনুভবও হয় নাই। জলযুদ্ধে তাঁহারদিগের অতুল্য পরাক্রম হইয়াছে এবং স্থলযুদ্ধে তাঁহারদিগের সৈন্যের দল ইউরোপীয় অন্য কোন জাতির সৈন্য অপেক্ষায় ন্যূন নহে কিন্তু এই সকল যুদ্ধাদিদ্বারা ইংলণ্ডীয় রাজ্য বহু ঋণগ্রস্ত হওয়াতে এবং রাজকরের বৃদ্ধি করাতে রাজ্যের অমঙ্গল হইয়াছে। তৃতীয় জার্জের প্রতিষ্ঠা সময়ে রাজকীয় ঋণ যে অষ্ট কোটী মুদ্রা ছিল তাহা বৃদ্ধি হইয়া এক শত কোটী হইয়াছিল এবং বৎসরীয় অশীতি লক্ষ রাজকরের বৃদ্ধি হইয়া সপ্ত কোটী হইয়াছিল।

অপর তৃতীয় জার্জের বুদ্ধিভ্রম হওনপ্রযুক্ত খ্রিষ্টিয়ান ১৮১০

পর্য্যন্ত তাঁহার পুত্র ওয়েল্স দেশের যুবরাজ যে প্রিন্স রিজেন্ট তিনি পিতার প্রতিনিধি হইয়া রাজকীয় কর্ম্ম সম্পন্ন করিতেছেন।

২৯৬ ইংগ্লণ্ড দেশে রাজকীয় ব্যবস্থা করণের অধিকার কেবল পার্লিমেন্টনামক রাজকীয় মহাসভা সম্পাদকেরদিগেরই আছে। রাজা ও দেশের প্রধান২ লোকেরা ও প্রজারদিগের প্রতিনিধিরা ঐ সভার সম্পাদক হয়েন।

২৯৭ ইংগ্লণ্ডীয় যাজক বর্গের ও প্রধান২ লোকেরদিগের এক শত জন ও স্কাট্লাণ্ডীয় ১৬ জন প্রধান লোক ও আইয়ার্লাণ্ডীয় ৩২ জন প্রধান লোক এই কএক জনে হৌস আব্ লার্ডস্নামক ঐ মহাসভাসম্পাদন করেন।

২৯৮ ইংগ্লণ্ডীয় দুই জন প্রসিদ্ধ প্রধান ধর্ম্মাধ্যক্ষ এবং চতুর্বিংশতি জন ধর্ম্মাধ্যক্ষ যাঁহারা ইংগ্লণ্ড দেশের ধর্ম্মমণ্ডলীর প্রতিনিধি হয়েন ও আইয়ার্লাণ্ড দেশীয় এক জন প্রধান ধর্ম্মাধ্যক্ষ ও তিন জন ধর্ম্মাধ্যক্ষ যাজকবর্গের মধ্যে এই কএক জন ঐ সভাস্থ হয়েন।

মার্চ্চ মাসের ১৯ দিবসে ঐ সভার অঙ্গীভূত প্রধান লোকেরদিগের সভা রহিত করিবার নিমিত্তে এক ব্যবস্থা করিয়াছিলেন কিন্তু ১৬৫৩ শকে আপরিল্‌মাসের বিংশতিদিবসে ক্রম্‌ওয়েল্‌কর্তৃক ঐ মহাসভাভঙ্গ হয়। ও ১৬৯৪ শকের নবেম্বর মাসে তিন বৎসর স্থায়িনী মহাসভা হওনের নিয়মপত্র হইল পরে সেই সভা বৎসর ২ হইতে লাগিল। পরে ১৮০১ শকের জানুয়ারি মাসের চতুর্বিংশতি দিবসাবধি ইংল্ণ্ড ও আয়র্লণ্ডে এই দুই দেশীয় লোকের দিগের প্রতিনিধিরা ঐ সভাগমন হইতে লাগিল। পরে ১৭১৬ শকে সপ্তবৎসরস্থায়িনী সভা হইবার নিয়ম স্থির হইল।

৩০০ ঐ মহাসভার প্রধান অঙ্গ রাজা এবং ঐ সভাঙ্গেরদিগের আহ্বান ও ঐ সভার দীর্ঘকাল স্থিতি ও ভঙ্গকরণের ক্ষমতা তাঁহারই আছে।

৩০১ ঐ মহাসভায় যে সকল নিয়ম হয় তাহা তিনি অন্যথা করিতে পারেন ও তাঁহার মত ব্যতিরেকে ঐ সকল নিয়ম গ্রাহ্য হইতে পারে না এবং প্রধান লোকেরদিগের সভা ও প্রজা প্রতিনিধি সভা উভয়েরি পরস্পর মতের অন্যথা করিবার ক্ষমতা আছে।

৩০২ রাজকীয় ব্যাপার এবং সর্ব্বসাধারণ বিষয় সংক্রান্ত প্রস্তাব পার্লিমেণ্টের উভয় সভাতে উপ

স্থিত হইতে পারে কিন্তু প্রজাপ্রতিনিধি সভার অনুমতি ব্যতিরিক্ত ধনব্যয় হইতে পারে না।

৩০৩ রাজকর্ম্ম নির্ব্বাহের ভার রাজার উপরে সমর্পিত আছে তিনি যুদ্ধ ও সন্ধি দুইই করিতে পারেন এবং তিনি রাজ্যশাসনসম্পর্কীয় ও যুদ্ধসংক্রান্ত ও বিচারনিষ্পাদক পদে নিয়োগ করেন এবং রাজকর্ম্ম সম্বন্ধে তাঁহার অসঙ্গত আচরণ হইলেও তিনি কোন বিচারকর্ত্তার [illegible] অধীন হয়েন না।

৩০৪ তাঁহার রাজকর উভয় মহাসভাধ্যক্ষের দিগের দ্বারা দত্ত হয় এতৎপ্রযুক্ত রাজা তাঁহারদিগের নিয়ত অধীন যেহেতুক তাহা প্রাপ্ত না হইলে তিনি সম্যক্ ঐ সরকারের কার্য্য নির্ব্বাহ করিতে পারেন না এবং আপন কর্ম্মকারিদিগের বেতন দিতে অসমর্থ হয়েন।

৩০৫ ঐ মহাসভাব্যতিরেক তিনি রাজ্যশাসন করিতে পারেন না। ঐ সভা তিন বৎসরের মধ্যে অবশ্যই একবার করিতে হয় ইহার সংবাদ ৫০ দিবস পূর্ব্বে দিতে হয়।

৩০৬ রাজা ধর্ম্মমণ্ডলীর প্রধান বটেন কিন্তু তিনি প্রচলিত ধর্ম্মের অন্যথা করিতে পারেন না ও ধর্ম্মবিষয়ক নূতন ব্যবস্থাও করিতে পারেন না।

৩০৭ সামান্য কর্ম্মের বিচারে তাঁহার প্রভুত্ব নাই এবং তাঁহার মন্ত্রিরদিগের দুষ্কর্ম্মের বিচার স্থলে তিনি ক্ষমাপ্রদ হইতে পারেন না।

৩০৮ তিনি মুদ্রা পরিবর্ত্তন করিতে পারেন না এবং মহাসভাসম্পাদকেরদিগের অনুমতি ব্যতিরেকে সৈন্যসংগ্রহ করিতে পারেন না।

৩০৯ রাজা স্বয়ং বিচারের অধীন হয়েন না বটে কিন্তু তিনি যে২ রাজকীয় কর্ম্ম করেন তাহার দায়ী মন্ত্রিগণেরা হয়েন এবং রাজা কোন গর্হিত বা অসঙ্গত কর্ম্ম করিলে প্রজাপ্রতিনিধি সভাস্থেরা ঐ মন্ত্রিগণেরদিগের দণ্ড করেন।

টিপ্পনী। ইংগ্লণ্ডদেশের রাজগণেরদিগের এই২ পদবী ক্রমে হইয়াছিল। যথা চতুর্থ হেন্‌রির উপাধি গ্রেস্ অর্থাৎ দয়া। ষষ্ঠ হেন্‌রির পদবী এক্সেলেন্ট্‌গ্রেস্ অর্থাৎ পরম দয়া। চতুর্থ এডওয়ার্ডের পদবী হাইআণ্ডমাইটীপ্রিন্স অর্থাৎ মহৎ এবং

পরাক্রান্ত রাজা । ও সপ্তম হেন্‌রির উপাধি হাইনেস্ অর্থাৎ মহত্ত্ব ও অষ্টম হেন্‌রির উপাধি ম্যাজেষ্টী অর্থাৎ প্রতাপ এই রাজার অন্য এক উপাধি ড্রেড্‌সাবরেন্ অর্থাৎ ভয়ঙ্কর ভূপতি হইয়াছিল ভদ্ভিন্ন এই উপাধি অন্য কোন রাজার হয় নাই এবং প্রথম জেম্সের উপাধি সেক্রেড্ আর মোষ্টএক্সেলেণ্ট মাজেষ্টী অর্থাৎ সাধু বা উৎকৃষ্ট প্রতাপ ।

৩১০ বৃটেন্‌দেশীয় ব্যবস্থার এই তিন বিশেষ ক্রমদ্বারা লোকেরদিগের শরীর ও বিষয়াদির অতি উত্তমরূপে রক্ষা হয় যথা হেবিএস্‌কারপস্‌নামক লিপি ও জুরি অর্থাৎ বিচারকর্ত্তাকর্তৃক ধৃত ভদ্র লোকেরদিগের দ্বারা বিচার এবং লিবর্টী আব্ দি প্রেস্ অর্থাৎ মুদ্রাযন্ত্রের স্বাধীনতা ।

৩১১ যে ব্যবস্থাদ্বারা বন্দী ব্যক্তিকে কারাগার হইতে বিচারকর্ত্তার সম্মুখে আনয়ন করা যায় ও আপনার বন্দী হইবার কারণ তাঁহাকে ব্যক্ত করিতে হয় এবং তদনুসারে বিচারকর্ত্তাকে আজ্ঞা দিতে হয় তাহারই নাম হেবিএস্‌কারপস্ । এই ব্যবস্থা লঙ্ঘন করিলে গুরু দণ্ড হয় কিন্তু যে সময়ে দুষ্ট

লোকেরদিগের কুমন্ত্রণা প্রভৃতির দ্বারা রাজ্যবিষয়ক আপদ উপস্থিতা হয় তখন এই ব্যবস্থা স্থগিতা থাকে।

৩১২ ইংগ্লণ্ডে এবং আইয়ার্লাণ্ডে দ্বাদশ জন এবং স্কাটলাণ্ডে পঞ্চদশ জন জুরি অর্থাৎ বিচারকর্ত্তা কর্ত্তৃক ধৃত ভদ্র লোকদ্বারা সকল দুষ্কর্মের বিচার হয়। ব্যবস্থা বিবেচনা করা এবং দুষ্কর্মের বৃত্তান্ত অবগত হইয়া বিচার করিবার ক্ষমতা কেবল তাঁহারদিগেরই আছে এবং তদ্বিষয়ে বিচার কর্ত্তার মতের অপেক্ষা নাই।

৩১৩ মুদ্রাকর্ম্মে স্বাধীনতাদ্বারা রাজ্য রক্ষা হয় যেহেতুক তাহার দ্বারা রাজকীয় ব্যাপার ও তৎ সম্পাদকেরদিগের আচরণ বিষয়ে লোকেরদিগের মতামত প্রকাশ হয় ও রাজকর্ম্মসংক্রান্ত মন্ত্রণায় এবং রাজকীয় তাবৎ ব্যাপারে তর্কবিতর্ক হয়।

টিপ্পনী। ইংলণ্ডের মূল ব্যবস্থা আদি এবং তদ্দেশোৎপন্ন সম্বর বিশেষ বিবরণ বৃটেনদেশসম্বন্ধি স্কুলগ্রন্থে পাওয়া যায়।

স্কটলাণ্ডদেশের বিবরণ।

---

৩১৪ স্কাটেরা এবং পিক্‌টেরা পৃথক২ জাতি ছিল তাহারদের মধ্যে স্কাটেরা পর্ব্বতে বাস করিত এবং পিক্‌টেরা পর্ব্বতের নিকটবর্ত্তি নিম্ন ভূমিতে বাস করিত।

৩১৫ স্ক্লাতিতির ক খ্রিষ্টাব্দ ৮৫০ শকে দ্বিতীয় কেনেথরাজা ঐ উভয়জাতিরা যে২ দেশে বসতি করিত সে সকল দেশ একত্র করিয়া স্কট্‌লাণ্ড নামক প্রসিদ্ধ এক রাজ্য স্থাপনা করিয়াছিলেন।

৩২৬ স্কট্‌লাণ্ডের মধ্যে অনেক কলহ উপস্থিত হওয়াতে ইংগ্লণ্ডাধিপতি প্রথম এড্‌ওয়ার্ড ঐ রাজ্য আপন রাজ্যের সহিত একত্র করিতে চেষ্টা করিয়াছিলেন কিন্তু দেশের মঙ্গলাকাঙ্ক্ষী সর্‌উইলিয়াম্‌ ওয়ালেস্‌ এবং রাবর্ট ব্রুস যিনি খ্রিষ্টিয়ান ১৩০৭ শকে আপনি ঐ দেশের রাজা হইয়াছিলেন এই

দুই ব্যক্তিদ্বারা এডুওয়ার্ডের ঐ বিষয়ে মনোবাঞ্ছা পরিপূর্ণ হইতে পারিল না।

৩১৭ রাবর্ট ব্রুসের পুত্র ডেবিড্ ব্রুস্ যদ্যপি ও দুর্ব্বল তথাপি ধর্ম্মিষ্ঠ রাজা ছিলেন। তৃতীয় এড্‌ওয়ার্ড তাঁহাকে বন্দি করিয়া ইংলণ্ডে লইয়া গিয়াছিলেন।

৩১৮ ষ্টুয়ার্ট বংশীয় ঐ পূর্ব্বোক্ত প্রথম রাবর্ট [illegible] পৌত্র দ্বিতীয় রাবর্ট ডেবিড্ ব্রুসের পরে রাজা হইয়াছিলেন।

৩১৯ পরে তৃতীয় রাবর্ট স্কটদেশীয় সিংহাসন প্রাপ্ত হইলেন কিন্তু জরা ও দুর্ব্বলতাপ্রযুক্ত তাঁহাকে আপন ভ্রাতা আল্‌বিনিদেশীয় অধিপতির হস্তে রাজ্য সমর্পণ করিতে হইয়াছিল।

৩২০ প্রথম জেম্‌স যিনি ইংলণ্ডে বন্দি ছিলেন তিনি ১৪২৪ শকে স্কটলাণ্ডে আসিয়া পুনর্ব্বার রাজা হইয়াছিলেন তিনি বিচক্ষণতা ও রাজনীতি দ্বারা রাজ্যশাসন করিয়াছিলেন কিন্তু ঐ রাজ্যের

প্রধান২ লোকেরদিগের যে অসাধারণ পরাক্রম ছিল তাহা খর্ব্ব করণপ্রযুক্ত তাহারা তাঁহাকে বধ করিয়াছিল।

৩২১ দ্বিতীয় জেম্স অত্যন্ত রাগী ছিলেন তিনি পিতৃনিয়মানুসারে ঐ সকল প্রধান লোকেরদিগকে খর্ব্ব করিতে চেষ্টা পাইয়াছিলেন এবং ঐর্ল্‌ডগ্লসকে ধৃত করত স্বহস্তে খুন করিয়াছিলেন।

৩২২ তৃতীয় জেম্স দুর্ব্বল রাজা ছিলেন ও তাঁহার নীতিজ্ঞান ছিল না। তিনি প্রধান লোকেরদিগের সহিত বিরোধ করাতে এবং নীচ সংসর্গ করাতে এক উপপ্লবি দলদ্বারা হত হইয়াছিলেন।

৩২৩ চতুর্থ জেম্স সর্ব্বগুণান্বিত রাজা ছিলেন। তিনি প্রধান লোকেরদিগের নিকট মান্য ও প্রজার নিকট প্রিয় ছিলেন কিন্তু ফ্লোডেননামক স্থানে অবিবেচনাপূর্ব্বক যুদ্ধ করত পরাজিত হইয়া ক্রিষ্টিয়ান ১৫১৩ শকে হত হইয়াছিলেন।

৩২৪ পঞ্চম জেম্স অবিজ্ঞ হইয়াও অতি প্রধান রাজা ছিলেন তাঁহার রাজ্য দীর্ঘকালস্থায়ী ছিল এবং তৎকালে অনেক উৎপাত ঘটিয়াছিল

৩২৯ তদনন্তর রুমরাজ্য ধ্বংস হওয়াতে সুইবি ও বাণ্ডাল্ এবং আলেনি এই কএক জাতিরা ঐ দেশ আক্রমণ করিয়াছিল বটে কিন্তু গাথ জাতির দিগের রাজা আড়লফস্ যাঁহার নামান্তর আথিউ-লোফস্ ছিল তিনি স্পেনদেশীয় অসভ্য লোকের-দিগকে পরাভূত করিয়া খ্রিষ্টিয়ান্ ৪১১ শকে বিসিগাথস্ নামে বিখ্যাত গাথ্ জাতীয়েরদিগের রাজ্য ঐ দেশে সংস্থাপন করিয়াছিলেন।

৩৩০ পরে সারাসেন্ জাতিরা স্পেনদেশ আক্রমণ করিয়া খ্রিষ্টিয়ান্ ৭১২ শকে তত্রস্থ বিসিগাথেরদিগের রাজ্য নষ্ট করিয়াছিল কিন্তু ঐ দেশে গাথজাতির রাজারদিগের সন্তান পিলাজিয়স্ ৭১৮ শকে আষ্টিউরিয়াস্ অথবা অবিএডো নামক একক্ষুদ্র রাজ্য স্থাপন করিয়াছিলেন। এবং খ্রীষ্টিয়ান্ ৭৫৮ শকে গারশিয়াস্ সিমিনিস্ রাজা নাবেরনামক রাজ্য স্থাপন করিয়াছিলেন।

৩৩১ অপর সারাসেনেরা এইপ্রকারে স্পেনদেশ পরাভূত করিয়া কএক জন শাসনকর্ত্তার হস্তে ঐ রাজ্যের ভার অর্পণ করিয়াছিল কিন্তু ঐ শাসন কর্ত্তারা আফ্রিকার রাজপ্রতিনিধির অধীন ছিলেন

পরে ওমায়াদ্ বংশোদ্ভব আব্দুর রহ্মান্নামক এক রাজপুত্র যাঁহার নামান্তর আলমাক্রুর ছিল তিনি ঐ দেশে এক স্বাধীন রাজ্যস্থাপন করত কারডোবানামক স্থানে আপনি বাস করিয়াছিলেন ঐ রাজার সন্তানেরা ন্যুনাতিরিক্ত তিন শত বৎসর পর্য্যন্ত তথায় রাজত্ব করেন।

৩৩২ অপর আব্দুর রহ্মানের বংশলোপ হইলে পূর্ব্বোক্ত কারডোবা রাজ্য উচ্ছিন্ন হয় এবং ঐ দেশের প্রধান২ লোকেরা রাজউপাধি গ্রহণ করাতে ঐ মহারাজ্য বিভক্ত হইয়া অনেক ক্ষুদ্র২ রাজ্য হইয়াছিল।

৩৩৩ পরে পঞ্চদশ শত শকের মধ্যে কাষ্টাইল্ নামক স্থানের রাজার ভগিনী ইসাবেলার সহিত আরাগন্নামক স্থানের রাজা ফর্ডিনাণ্ডের বিবাহ হওয়াতে পোর্টুগাল্ দেশভিন্ন স্পেনদেশের তাবৎ রাজ্য একত্র হয়। ঐ রাজত্বসময়ে কৃষ্টোফর্ কলম্বস্নামক এক ব্যক্তি এই রাণীর সহায়তা দ্বারা ১৪৯২ শকে আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ করেন।

৩৩৪ তদনন্তর ফর্ডিনাণ্ডের পৌত্র প্রথম চার্ল্স

রাজা হয়েন তিনি পঞ্চম চার্ল্স উপাধি পাইয়া জর্মন্ দেশের সম্রাট পদাভিষিক্ত হইয়াছিলেন তাঁহার রাজত্বসময়ে রাজ্য মধ্যে অনেক উৎপাত হইয়াছিল এবং তিনি বহুকাল পর্য্যন্ত রাজ্য করিয়া যথাবিধি আপন পুত্র দ্বিতীয় ফিলিপকে স্পেনরাজ্য দিয়া আপনি এক মঠে বাস করত ১৫৫৮ শকে লোকান্তর গমন করেন।

৩৩৫ অপর দ্বিতীয় ফিলিপ্ অতিহিংসুক ও রাগী ও নির্দয় এবং দুর্দ্দান্ত রাজা ছিলেন। নেদর্লাণ্ড রাজ্যান্তর্গত সপ্তপ্রদেশের লোকেরা একত্র হইয়া রাজ্যসংক্রান্ত ও ধর্ম্মসংক্রান্ত বিষয়ে স্বীয়ং অধিকার রক্ষার্থে তাঁহার বিপক্ষে এক দল করিয়া ১৫৭৯ শকে আরেঞ্জ দেশের যুবরাজ প্রথম উইলিয়ামকে আপনারদিগের সেনাপতি ও ডিঙ্গা সমূহের অধ্যক্ষ ও বিচারকর্ত্তা করিয়া ষ্টাট্হোল্ডর অর্থাৎ ঐ কএক প্রদেশের বিচারকর্ত্তা এই উপাধি তাঁহাকে দিয়াছিলেন।

৩৩৬ তাঁহার পর তৃতীয় ফিলিপ্ রাজপদ প্রাপ্ত হয়েন তিনি ডচ্জাতিরদিগের সহিত ক্ষতি স্বীকার করিয়া সন্ধি করিয়াছিলেন এবং তাঁহার

রাজ্যমধ্যে অনেক উপপ্লবি দল ও প্রতারণা হইয়াছিল।

৩৩৭ পরে চতুর্থ ফিলিপের রাজত্বসময়ে স্পেনদেশের মধ্যে কলহবৃদ্ধি হইয়াছিল এবং পোর্টিউগালদেশস্থেরা উপপ্লব করিয়া স্বাধীন হইয়াছিল।

৩৩৮ অপর দ্বিতীয় চার্লস ইংলণ্ড ও ফ্রান্স এবং হলাণ্ড দেশীয় রাজগণের চেষ্টা নিষ্ফল করণাশয়ে আঁস্ট্রদেশস্থ ভগিনী ও লুইসের দ্বিতীয় পুত্র ও ফ্রান্সদেশের যুবরাজ যে ফিলিপ তাঁহাকে আপন রাজ্য প্রদান করিয়াছিলেন।

৩৩৯ এই রাজা অতিদুর্বল কিন্তু ধার্ম্মিক ছিলেন ও বোরবোঁন্‌ শাখেয়রদিগের মধ্যে ইনিই প্রথমে স্পেনদেশে রাজা হয়েন তাহাতে তাঁহার উপাধি পঞ্চম ফিলিপ্ হইয়াছিল কিন্তু জর্ম্মনিদেশের সম্রাট ও ইংলণ্ড রাজ্যের রাজা এবং নেদরলাণ্ড রাজ্যের অন্তর্গত তাবৎ প্রদেশের অধ্যক্ষেরা সকলে মিলিত হইয়া তাঁহার বিপক্ষে এক দল উপস্থিত করিয়াছিল তৎদ্বারা ইউরোপের মধ্যে অনর্থক ঘোরতর সংগ্রাম উপস্থিত হয় পরে ১৭১৩ শকে

ইউট্রেক্ট দেশের সন্ধি হওয়াতে ঐ যুদ্ধ নিবৃত্ত হইয়াছিল।

৩৪০ অপর তাঁহার পুত্র ষষ্ঠ ফর্ডিনাণ্ড অতিসুশীল ও সুধীর রাজা ছিলেন কিন্তু ইতিহাসের মধ্যে যে সকল বিবরণ লিখিতে হয় এমত কোন বিষয় তাঁহার রাজত্বকালে হয় নাই।

৩৪১ অনন্তর তাঁহার ভ্রাতা তৃতীয় চার্ল্স ফেমিলি কম্পাক্টনামক প্রসিদ্ধ লিপি লিখিয়া দিয়াছিলেন। তিনি ইংগ্লণ্ডীয়েরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন বটে কিন্তু জিব্রাল্টারনামক স্থান উদ্ধার করিয়া লইতে পারেন নাই।

৩৪২ পরে তাঁহার পুত্র চতুর্থ চার্ল্স পিতৃপদ প্রাপ্ত হয়েন। ফ্রেঞ্চ জাতীয়েরদিগের বিপক্ষে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে ১৭৯২ শকে তিনি মিলিত হইয়াছিলেন কিন্তু তাহাতে পরাভূত হইয়া গ্রেটব্রিটেনরাজ্যের প্রতিকূলে ফ্রেঞ্চেরদিগের সহিত মিলিয়াছিলেন।

৩৪৩ পরে আমিএন্স দেশে যে সন্ধি হইয়াছিল

তাহার নিয়মভঙ্গ হওয়াতে স্পেন্‌দেশীয়ের দিগের তিনখান ধনপূরিত ডিঙ্গা যে পর্য্যন্ত হরণ না হইয়াছিল ও তাহার মধ্যে একখান কাডিজ্‌ যাইতে পথমধ্যে বৃটনেরদিগের যুদ্ধ সম্বন্ধীয় ডিঙ্গাকর্ত্তৃক বিনষ্ট না হইয়াছিল সেই পর্য্যন্ত স্পেন্‌দেশীয়েরা কোন পক্ষেই ছিলেন না কিন্তু পরে রাজ্যের দুর্ব্বলতাপ্রযুক্ত এক উপপ্লব উপস্থিত হওয়াতে সপ্তম ফর্ডিনাণ্ড আপন পিতাকে পদচ্যুত করিয়াছিলেন।

৩৪৪. পরে পিতা এবং পুত্র উভয়ে ফ্রান্সদেশের রাজা নেপোলিয়ানের নিকট এই বিষয়ের বিচার প্রার্থনা করিয়া ঐ ফর্ডিনাণ্ড রাজ্যপ্রাপ্ত না হইতে পারেন এই অভিপ্রায়ে তাঁহার পিতা বেওন নামক স্থানে ধারামত স্বত্ব ত্যাগ পূর্ব্বক আপন রাজ্য নেপোলিয়ানকে দিয়াছিলেন এবং তাঁহার পুত্রকেও রাজ্যে আপন স্বত্ব পরিত্যাগসূচক লিপিতে স্বাক্ষর করিতে হইয়াছিল। তদনন্তর ফ্রান্সদেশমধ্যবর্ত্তি কাম্‌পেন্‌নামক স্থানে ছলক্রমে তাঁহাকে বন্দি করিয়া রাখিয়াছিল।

টিপ্পনী। চতুর্থ চার্ল্ ও তাঁহার রাণী এবং তাঁহারদিগের মন্ত্রী ও রাজার প্রিয়পাত্র পিসনামক স্থানের রাজকুমার এই কএক জন রূমদেশে যাইয়া খ্রীষ্টিয়ান ১৮১৫ শকে বসতি করিয়াছিলেন।

৩৪৫ অপর নেপোলিয়ানের ভ্রাতা জোসেফ্ যিনি ঐ সময়ে নেপল্‌সদেশের রাজা ছিলেন তাঁহাকে নেপোলিয়ান স্পেন্‌দেশের রাজা করিলেন কিন্তু বেওন্‌নামক স্থানে যেরূপ লিপি হইয়াছিল তাহাতে কতিপয়ের অপেক্ষা ক্রোধী হইয়া যুদ্ধোদ্যোগ করত ইংলণ্ডীয় ভূপতির নিকট সাহায্যপ্রার্থনা করিলাতাহাতেই তিনি তাহারদিগের সাহায্যার্থে অস্ত্রশস্ত্র ও যোদ্ধা প্রেরণ করিয়াছিলেন।

৩৪৬ অপর এইরূপে স্পেনদেশের মধ্যে ১৮০৮ শকে যুদ্ধ উপস্থিত হইয়া ক্রমাগত ১৮১৪ শক পর্য্যন্ত ছিল পরে ওএলিংটন্ নামক স্থানের অধিপতির অধ্যক্ষতায় স্পেন্ ও পোর্টুগাল ও ইংলণ্ডদেশীয় সৈন্যেরা একত্র হইয়া ফ্রেঞ্চেরদিগকে স্পেনদেশহইতে বহিষ্কৃত করিয়া দিলেক এবং বেওননামক স্থানের নিকট তাহারদিগের অর্থাৎ ফ্রেঞ্চ রাজ্য ও আক্রমণ

৩৪৭ পরে সপ্তম ফর্ডিনাণ্ড ১৮১৪ শকে পুনর্ব্বার আপন রাজ্য প্রাপ্ত হয়েন এবং যে সময়ে তিনি রাজ্যবহিষ্কৃত হইয়াছিলেন সেই সময়ের মধ্যে কমীয় মহাধর্ম্মাধ্যক্ষের কর্ত্তৃত্ব ঘুচাইয়া কোর্টিসা যেরূপ রাজশাসনের নিয়ম প্রচলিত করিয়াছিলেন তাহা রহিত করিয়া পুনর্ব্বার ইনকুইজিশন্ অর্থাৎ ঐ ধর্ম্মাধ্যক্ষের কর্ত্তৃত্ব রাজ্যমধ্যে সংস্থাপিত করিয়াছিলেন।

টিপ্পনী। স্পেনদেশীয়দের যে সকল লোকেরা আমেরিকা নামক মহাদ্বীপের দক্ষিণ খণ্ডে যাইয়া বসতি করিয়াছিল তাহারা ১৮১০ শকে স্পেনদেশীয়েরদিগের প্রতিকূলে উপদ্রব করিয়া অদ্যাবধিও তাহারদিগের সহিত বিরুদ্ধাচরণ করিতেছে এবং স্পেনদেশীয়েরা নানাপ্রকার চেষ্টা করিতেছে বটে কিন্তু বোধ হয় যে তাহারা স্বাধীন হইবেক।

পোর্টিউগালদেশের বৃত্তান্ত।

৩৪৮ পূর্ব্বকালে যে দেশের নাম লুসিটেনিয়া ছিল তাহাকে এইক্ষণে পোর্টিউগাল্ বলা যায় এবং ক্রমশ এইদেশে সুইবি ও গাথ এবং মূর এই কএক জাতিরদিগের অধিকার হইয়াছিল।

৩৪৯ অপর ফ্রেঞ্চ দেশীয় যে সম্রাট অর্গণ্ উপাধি বিশিষ্ট হইয়া পোর্টুগাল্ রাজ্য হস্তগত করিয়াছিলেন তাঁহার পৌত্র নামেন্ দেশস্থ হেন্রি মূর্জাতিরিক্ত ১১৫০ শকে স্বীয় পরাক্রমদ্বারা ঐ রাজ্য পুনর্ব্বার স্বাধীন করিয়াছিলেন।

৩৫০ পরে তাঁহার পুত্র আলফান্সো হেন্রি কোএজ্ মূরজাতিরদিগের পাঁচ জন রাজাকে সম্যক্ প্রকারে পরাজিত করাতে সৈন্যেরা তাঁহাকে রাজা করিয়া বিখ্যাত করিলেন।

৩৫১ অপর ফর্ডিনাণ্ডের মরণানন্তর তাঁহার জারজাত ভ্রাতা জান্ যাঁহার ডাকনাম বাষ্টার্ড অর্থাৎ জারজ ছিল তাঁহাকে প্রজারা রাজা করিল। ইনি আপন ভ্রাতার ন্যায় রাজকীয় বিষয়ে পরিণামদর্শী এবং পরাক্রমী ছিলেন ও ইঁহার রাজত্বসময়ে পোর্টুগাল্দেশের লোকেরা পশ্চিম সমুদ্র মধ্যবর্ত্তি নানাস্থান দর্শনের উদ্যোগ করিয়াছিল।

৩৫২ অপর তাঁহার পৌত্র দ্বিতীয় জান্ অতি সুবোধ ও ধর্ম্মাশয় রাজা ছিলেন তাঁহার রাজত্ব

সময়ে পোর্টুগাল্ দেশীয়েরা আফ্রিকানামক মহাদ্বীপের অন্তঃপাতি নানাদেশ জয় করে ও কেপ্ আফ্গুড্হোপনামক অন্তরীপ প্রকাশ করিয়াছিলেন ।

৩৫৩ পরে ইমানিউএলনামক রাজা তাঁহার পূর্ব্ব রাজগণের ন্যায় পারাগত দিগ্দর্শনার্থে কতকখান ডিঙ্গা একত্র প্রেরণ করিয়াছিলেন ঐ সকল ডিঙ্গা নানা অকূলেতে সমুদ্র ভ্রমণ করত মালাবারনামক সমুদ্রতীরস্থ কালিকট্ নগরে উত্তীর্ণ হইল ও ১৫০১ শকে তাঁহার অন্যান্য ডিঙ্গাদ্বারা ব্রেজিলনামক দেশ প্রকাশ হইয়াছিল ।

৩৫৪ পূর্ব্বোক্ত রাজারা নানাদিগ্দর্শনার্থে উৎসাহ জন্মাইয়াছিলেন তদ্দ্বারা নাবিকতা ও বাণিজ্য কর্ম্মের সুগম ক্রমে হইয়াছে আফ্রিকানামক মহাদ্বীপের সমুদ্রতীরস্থ নানাদেশ প্রকাশ হওয়াতে কলম্বস্নামক এক ব্যক্তি সমুদ্র পর্য্যটনে প্রবৃত্ত হইয়া আমেরিকানামক মহাদ্বীপ প্রকাশ করেন্ এবং ঐ রাজারা আপনার

দিগের দেশহইতে কতকগুলিন লোককে আফ্রিকা ও আমেরিকা দ্বীপের নানাস্থানে বসতি করাইয়াছিলেন ও ইণ্ডিয়াতে এক বৃহৎ রাজ্য স্থাপন করিয়াছিলেন।

৩৫৫ অপর ইমানিউএলের পুত্র তৃতীয় জান্ জেসুইটেরদিগের নূতন স্থাপিত দলকে আশ্রয় দেওয়াতে তদবধি নানাপ্রকার দৌরাত্ম্য ও অবৈধ ধর্ম্মাচরণ বৃদ্ধি হইতেছে।

৩৫৬ তদনন্তর তাঁহার পৌত্র সিবাষ্টিয়ান গোঁড়ামিযুক্ত মুরেরদিগের প্রতিকূলে এক দল সৈন্য লইয়া আফ্রিকাতে গমন করত তথায় যুদ্ধে হত হয়েন।

৩৫৭ সিবাষ্টিয়ানের সন্তান না থাকাতে তাঁহার পিতৃব্য হেনরি যিনি কাডিনাল্ অর্থাৎ যাজক ছিলেন তিনি রাজা হয়েন পরে তিনিও নিঃসন্তান হইয়া পঞ্চত্বপ্রাপ্ত হওয়াতে স্পেনদেশের রাজা ফিলিপ্ক্রিষ্টিয়ান্ ১৫৮০ শকে পোর্টিউগাল্ রাজ্য প্রাপ্ত হইয়াছিলেন।

৩৫৮ পরে ১৬৬৪ শকে পোর্টিউগাল-

দেশস্থেরা স্পেনরাজ্যের অধীনতাহইতে মুক্ত হয় এবং ব্রাগাঞ্জানামক স্থানের অগ্রণী চতুর্থ জান্ উপাধি প্রাপ্ত হইয়া রাজসিংহাসনারোহণ করেন।

৩৫৯ অপর তাঁহার পুত্র ষষ্ঠ আল্‌ফান্সো স্বীয় নির্দয়তাপ্রযুক্ত পদচ্যুত হওয়াতে তাঁহার ভ্রাতা ঐ রাজ্যপ্রাপ্ত হয়েন।

৩৬০ তদনন্তর দ্বিতীয় পিটরনামক রাজা স্বচ্ছন্দরূপে ত্রিশ বৎসর পর্য্যন্ত রাজত্ব করেন এবং তাঁহার পুত্র পঞ্চম জান্ যিনি পিতার পূর্ব্বক রাজ্য করিয়াছিলেন তাঁহার রাজত্বসময়ে শিল্পবিদ্যাদির বৃদ্ধি হইতে আরম্ভ হয়।

৩৬১ খ্রিষ্টিয়ান্ ১৭৫৫ শকে দ্বিতীয় জোসেফ্ রাজার রাজত্বসময়ে এক ভূমিকম্পদ্বারা লিজবন্ নগর উচ্ছিন্ন হয় ও দশ সহস্র মনুষ্যবিনাশ হইয়াছিল।

৩৬২ অপর ঐ রাজার কন্যা মেরি ফ্রান-সিস্ ইসাবেলা তাঁহার উত্তরাধিকারিণী হইলেন কিন্তু তিনি অনেক বৎসরাবধি শারীরিক পীড়িত ও মানসিক অপ্রকৃতিস্থ থাকাতে রাজ্যের ভারৎ

রাজকার্য্য তাঁহার পুত্র প্রতিনিধি হইয়া নির্ব্বাহ করিতে লাগিলেন ।

৩৬৩ তদনন্তর ইংগ্লণ্ডীয়েরদিগকে আপন রাজ্যে না আসিতে দেওয়া ব্যতিরিক্ত অন্য কোন প্রকারে বোনাপার্টির সন্তোষ হইবেক না ইহা বুঝিয়া ঐ যুবরাজ ১৮০৭ শকে আপন মাতা ও পরিবার সকলকে লইয়া আমেরিকানামক মহাদ্বীপের দক্ষিণ খণ্ডস্থ ব্রেজিলনামক স্থানে প্রস্থান করিতে মনস্থ করিয়াছিলেন ।

৩৬৪ অপর তদনুসারে ঐ রাজ পরিবারেরা ইংগ্লণ্ডীয়েরদিগের ডিঙ্গাসমূহ সমভিব্যাহারে আমেরিকা মহাদ্বীপের দক্ষিণ খণ্ডে গমন করিলেন তদবধি রাইওডিজিনিরিওনামক নগর পোর্টুগিস জাতিরদিগের রাজধানী হইয়াছে ।

৩৬৫ পরে ১৮০৮ শকে ইংগ্লণ্ডীয়েরা ফ্রেঞ্চরদিগের হস্তহইতে পোর্টুগাল রাজ্য উদ্ধার করে এবং এইক্ষণে ব্রেজিলের রাজা কর্তৃক নিযুক্ত প্রতিনিধিদ্বারা ঐ রাজ্য শাসন হয় ।

সুইডেন্‌দেশের বিবরণ।

৩৬৬ সুইডেন্‌ দেশীয় রাজগণের মধ্যে মাগনস্‌ লেডিস্‌লেয়স্‌নামক নৃপতি যিনি খ্রিষ্টিয়ান্‌ ১২৭৩ শকে রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন তিনি অত্যন্ত ক্ষমতাপন্ন ছিলেন। এই রাজাই প্রথমে ধারামত নিয়মানুসারে কার্য্য করণদ্বারা রাজপরাক্রম বৃদ্ধি করিয়াছিলেন।

৩৬৭ কিন্তু ইঁহার উত্তরাধিকারিরদিগের রাজত্বসময়ে ক্রমশঃ অনেক উপদ্রব উপস্থিত হইয়া অবশেষে ১৩৮৭ শকে মার্‌গেরেট্‌ ওয়াল্‌ডিমার্‌ রাণীর রাজত্ব কালীন কাল্‌মার্‌ নামক স্থানে যে সন্ধি হইয়াছিল তৎদ্বারা সুইডেন্‌ ও ডেন্‌মার্ক এবং নার্‌ওএ এই তিন রাজ্য একত্র হওয়াতে রাজ্য সুস্থির হয়।

৩৬৮ পরে মার্‌গেরেটের উত্তরাধিকারী ইরিক্‌ ও প্রথম ক্রিষ্টিয়ন্‌ এবং জান্‌ এই তিন জনের রাজত্বসময়ে সুইড জাতিরা রাজবিরোধী হইয়া-ছিল পরে দ্বিতীয় ক্রিষ্টিয়নের দ্বারা তাহারা সম্পূর্ণ

রূপে প্রাভূত হয়। ইনি নিরুদ্বেগে রাজ্য ভোগ করিবার মানসে ১৫২০ শকে ষ্টাক্‌হল্মনামক স্থানে সেনেট্‌নামক রাজকীয় মহামাত্যসমূহাকের দিগকে ও রাজ্যের প্রধানং লোকেরদিগকে বধ করিতে আজ্ঞা দিয়াছিলেন।

৩৬৯ পরে প্রাচীন রাজবংশোদ্ভব গষ্টেবস্‌ নামা যাঁহার পিতা ঐ প্রধানং লোকেরদিগের সহিত হত হইয়াছিলেন তাঁহার উদ্যোগ এবং সাহসদ্বারা সুইড্‌ জাতিরা দ্বিতীয় ক্রিষ্টিয়ানের দৌরাত্ম্যহইতে মুক্ত হইয়াছিলেন। পরে ক্রিষ্টি-য়ান ১৫৪৪ শকে ঐ দেশের অন্তর্গত রাজ্যের লোকেরা এই নিয়ম করিল যে রাজার যে সন্তান হইবে তাঁহার উত্তরাধিকারিরাই ক্রমেতে রাজা হইবেন।

৩৭০ অপর গষ্টেবস্‌রাজার পুত্র ও উত্তরাধিকারী ইরিক্‌ নামা নিষ্ঠুর ও লম্পট ছিলেন এই নিমিত্তে তিনি অবশেষে রাজ্যচ্যুত হইয়া কারাগারস্থ হইয়াছিলেন।

৩৭১ ইতিহাসের মধ্যে গষ্টেবস্‌ আডল্‌ফস্‌

রাজা অত্যন্ত খ্যাত্যাপন্ন ছিলেন তিনি ইংগ্রিয়া ও লিবোনিয়া এবং পোমরেনিয়া এই কয় দেশ জয় করিয়াছিলেন কিন্তু ১৬৩২ শকে লটজেন্ নামক স্থানের যুদ্ধে হত হয়েন।

৩৭২ অপর তাঁহার কন্যা ক্রিষ্টিয়ানা রাজ্য প্রাপ্তা হয়েন। তাঁহার বিদ্যার প্রতি যথেষ্ট অনুরাগ থাকাতে ও বিদ্বান ব্যক্তিরদিগের প্রতিপালন করাতে তিনি অতিখ্যাত্যাপন্না হইয়াছিলেন।

৩৭৩ পরে এই রাণী আপন পিতৃব্যপুত্র চার্ল্স গঠেবস যাঁহার নাম দশম চার্ল্স হইয়াছিল তাঁহাকে রাজত্ব প্রদান করিয়াছিলেন। এই রাজা ডেন্জাতিরদিগের অনেক প্রদেশ আপন রাজ্যান্তর্গত করিয়া লইয়াছিলেন।

৩৭৪ অপর একাদশ চার্ল্সের রাজত্বসময়ে সুইডেনদেশে একাধিপত্য রাজপরাক্রম স্থাপন হইয়াছিল।

৩৭৫ অপর দ্বাদশ চার্ল্স ভূমণ্ডলে অদ্ভুত পরাক্রমশালী রাজা ছিলেন। তিনি অষ্টাদশ বৎসর

বয়ঃক্রমের পূর্ব্বেতেই ডেনমার্ক দেশের রাজা চতুর্থ ফ্রেডরিক ও পোলাণ্ড দেশের রাজা আগস্টস্ এবং রুষের উপাধিবিশিষ্ট জারপিটর এই অনেক ভূপতিকে ক্রমে পরাজিত করিয়াছিলেন। তিনি বন্দা রাজধানীতে থাকিয়া ক্রমাগত তুর্কি ও পোলাণ্ডাধিপতির সহিত যুদ্ধ করিতেন কিন্তু ষট্ত্রিংশ বৎসর বয়স্ক হইয়া ফ্রেডরিকশাল্ নগর বেষ্টন কালীন ১৭১৮ শকে তিনি হত হয়েন।

৩৭৬ পরে সুইডেন রাজ্যের অধিপতির মৃত্যুর পর সে দেশের লোকেরা তাঁহার ভগিনী এলিয়ানোরা উলি-ওনোরাকে রাণী করিয়াছিলেন, রাণী ও তাঁহার স্বামীকে তাঁহার সহিত রাজত্ব করিতে অনুমতি করিয়া-ছিলেন বটে কিন্তু তাঁহারা রাজার পরাক্রম বহু সংক্ষেপ করিয়াছিলেন।

৩৭৭ ঐ পূর্ব্বোক্ত রাজার মরণানন্তর রাজ্যের লোকেরা আডল্ফস্ ফ্রেডরিককে রাজা করিয়া-ছিল কিন্তু তাঁহার রাজত্ব সময়ে সেনেটনামক মহাসভাসম্পাদকেরা বিরুদ্ধাচরণ করাতে তিনি অসুখী হইয়াছিলেন।

৩৭৮ পরে তাঁহার লোকান্তর হইলে তাঁহার পুত্র তৃতীয় গাষ্টবস্ রাজ্যপ্রাপ্ত হইলেন কিন্তু রাজ্যাভিষিক্ত হওনকালীন ইনি যে শপথ করিয়াছিলেন তাহার অতিক্রম করত যথেষ্টাচারী হওয়াতে ১৭৯২ শাকে আঙ্করষ্ট্রোএমনামক এক ব্যক্তিকর্তৃক নাচের নৃত্যসময়ে হত হইয়াছিলেন।

৩৭৯ অপর তাঁহার পুত্র চতুর্থ গাষ্টেবস রাজ্যপ্রাপ্ত হয়েন তিনি ইংগ্লণ্ডীয়েরদিগের সহিত একত্র হইয়া ফ্রেঞ্চ ও রুসিয়ান এবং ডেন্ এই কয়েক জাতিরদিগের সহিত যুদ্ধ করিয়াছিলেন কিন্তু তাহাতে কোন জয় দর্শায় নাই।

৩৮০ অপর এই রাজা নিষ্ফল যুদ্ধ হওন প্রযুক্ত ১৮০৯ শাকে ঐ রাজ্যে এক উপপ্লব উপস্থিত হয় তাহাতে চতুর্থ গাষ্টেবস্ রাজ্যচ্যুত হয়েন ও তাঁহার পিতৃব্য সিউডরম্যানিয়া দেশের অগুণী রাজা হয়েন। পরে বর্ণাডট্নামক ফ্রান্সদেশের সেনাপতিকে লোকেরা রাজা বলিয়া প্রকাশ করিলেক।

৩৮১ অপর সুইডেন্ দেশের রাজা দায়গ্রস্ত হইয়া রুশিয়ান্ জাতিরদিগকে ফিনলাণ্ডনামক দেশ দিয়াছিলেন পরে ১৮১৪ অব্দে নারওএ রাজ্য ডেনজাতিরদিগের হস্তহইতে চ্যুত হইয়া সুইডেন্ রাজ্যের অন্তর্গত হইয়াছিল অদ্যাবধি ঐ পূর্ব্বোক্ত বর্ণাডট্ সুইডেন দেশের রাজসিংহাসনে উপবিষ্ট হইয়াছেন।

ডেনমার্ক।

৩৮২ মার্গেরেট্ ওয়াল্ডিমার্ নাম্নীর রাজকন্যা সময়ের পূর্ব্বে ডেনমার্ক দেশের বিবরণ উপকারজনক ও প্রসিদ্ধ নহে। ঐ রাজ্ঞী সুইডেন্ ও ডেনমার্ক এবং নারওএ এই তিন দেশ একত্র করিয়া রাজত্ব করিয়াছিলেন।

৩৮৩ কিন্তু খ্রিষ্টিয়ান্ ষোল শত শকের আরম্ভ পর্য্যন্ত এই তিন রাজ্যের মিলন ছিল পরে দ্বিতীয় খ্রিষ্টিয়ন্ রাজাকে ডেনমার্ক এবং নারওএ দেশে আপন সত্ব পরিত্যাগ করিতে হইয়াছিল।

৩৮৪ অপর সপ্তম ক্রিষ্টিয়াননামক গত রাজা রাজকর্ম্মে অযোগ্য ছিলেন কিন্তু তাঁহার পুত্র অষ্টম ফ্রিড্রিক অতিশয় ক্ষমতাপন্ন ও ধার্ম্মিক হয়েন।

টিপ্পনী। গত যুদ্ধ সময়ে ইউরোপীয় জাতিরদিগের মধ্যে যে বিরোধ উপস্থিত হইয়াছিল তাহাতে এই রাজার দুর্ভাগ্য বশতঃ ইংলণ্ডীয়েরা তাঁহার অনেক জিলা অপহরণ করিয়াছিলেন এবং হেলিগোলাণ্ডনামক উপদ্বীপে ও নারওএ রাজ্যে তাঁহার অনধিকার হইয়াছিল।

পোলাণ্ড।

৩৮৫। ৫৫০ শকপর্য্যন্ত লেকস্ বংশীয়েরা ঐ দেশের অধিপতি ছিলেন পরে পালাটিন অথবা ওয়েওডনামক দ্বাদশ ব্যক্তি রাজপরাক্রমপ্রাপ্ত হইয়া পোলাণ্ড দেশ দ্বাদশ প্রদেশে বিভক্ত করিয়া লইয়াছিলেন।

৩৮৬ ইহারদিগের পর পিয়াস্টস্ বংশীয়েরা ঐ দেশ অধিকার করিয়াছিলেন তাঁহারদিগের

সময়ে এই দেশে অগুণীর অধিকার রহিত হইয়া রাজত্ব হইল। এই বংশের লোপ হইলে এাগেলো বংশীয়েরা রাজ্যাধিপ হইয়াছিলেন।

৩৮৭ অপর জ্যাগেলো বংশীয় শেষ রাজা সিজিস্‌মণ্ডের পঞ্চত্বপ্রাপ্তি হইলে আঞ্জু প্রদেশের অগুণী ও ফ্রান্সদেশের নবম চার্ল্‌স রাজার ভ্রাতা হেন্‌রি পোলাণ্ড দেশের রাজসিংহাসনারোহণ করিয়াছিলেন। কিন্তু ফ্রান্সদেশের রাজার মৃত্যু হইলে তিনি পোলাণ্ড দেশ পরিত্যাগ করাতে ষ্টিবেন্‌ বাটোরি তাঁহার পদপ্রাপ্ত হইলেন। এই রাজাকর্ত্তৃক অসভ্য কসাক্‌ জাতিরা পরাজিত হইয়াছিল।

৩৮৮ অপর ষষ্ঠ ইউলেডিস্‌লাস্‌ রাজার পরলোক হইলে তাঁহার ভ্রাতা জানকাসিমর্‌ যিনি এক জন যাজক ছিলেন তিনি রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন কিন্তু আত্মবিরোধ ও বিদেশীয়েরদিগের সহিত যুদ্ধদ্বারা রাজ্য উচ্ছিন্ন হইতেছিল ইহা দর্শনে শোকান্বিত হইয়া রাজ্য পরিত্যাগ করিয়াছিলেন।

হইয়াছিল তদ্দ্বারা পোলাণ্ডদেশের কিয়দংশ রুশিয়া রাজ্যের সহিত সংযুক্ত হইল কিন্তু তত্তৎ স্থানে পূর্ব্বে যেং রাজকীয় ব্যবস্থা ছিল তাহার অন্যথা হয় নাই এইরূপ হওয়াতে আলেক্জাণ্ডর নামক রুশিয়ার সম্রাট্ পোলাণ্ডদেশের রাজা এই উপাধি গ্রহণ করিলেন।

প্রুশিয়া রাজ্যের বিবরণ।

৩৯৬ এই দেশে বরুসি নামে এক জাতি বসতি করিত তাহারা ইহার নাম বরুশিয়া রাখিয়াছিল কিন্তু ঐ নামের বৈলক্ষণ্য হইয়া এক্ষণে ঐ দেশ প্রুশিয়া নামে খ্যাত হইয়াছে।

৩৯৭ কিন্তু টিউটোনিক্ শ্রেণীর নাইটের দিগের দ্বারা ঐ জাতিরা পরাজিত হইলে পোলাণ্ডদেশের চতুর্থ কাসিমর্ রাজা ঐ নাইটের দিগকে আপন অধীনত্ব স্বীকার করাইয়া পোলাণ্ডের অন্তর্গত প্রুশিয়াদেশ পোলাণ্ড রাজ্যের অধীনে রাখিয়াছিলেন।

৩৯৮ পরে আলবর্ট যিনি ব্রান্‌ডেন্‌বর্গনামক স্থানের রাজা এবং পূর্ব্বোক্ত শ্রেণীর প্রধান ছিলেন তাঁহাকে পোলাণ্ড দেশাধিপতি প্রথম সিজিস্মণ্ড ১৫২৫ শকে প্রুশিয়া দেশের অগ্রণী করিয়া ছিলেন।

৩৯৯ অপর ব্রান্‌ডেন্‌বর্গের ইলেক্টর শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট ফ্রেডরিক্‌ উইলিয়াম্‌ পোলাণ্ডের রাজার অধীনত্ব হইতে মুক্ত হইয়াছিলেন।

৪০০ তদনন্তর তাঁহার পুত্র ফ্রেডরিক্‌দ্বারা ১৭০১ শকে প্রুশিয়া দেশে অগ্রণীর অধিকার দূর হইয়া রাজাধিকার হইয়াছিল।

৪০১ অপর তাঁহার পুত্র ফ্রেডরিক্‌ উইলিয়াম্‌ রাজ্যাভিষিক্ত হইলেন। তিনি জ্ঞানী ও রাজনীতিজ্ঞ ছিলেন এবং ষষ্টি সহস্রসংখ্যক সৈন্যের পালন করিয়া বহুধন সঞ্চয় করিয়াছিলেন।

৪০২ তৎপরে তাঁহার পুত্র দ্বিতীয় ফ্রেডরিক্‌ রাজা হইলেন। যেং যোদ্ধা ও রাজনীতিজ্ঞ ও বিদ্বান্‌ রাজারা সিংহাসনারোহণ করিয়াছিলেন তাঁহারদিগের মধ্যে ইনিই প্রধান কিন্তু তিনি আপন রাজ্যশাসনে অত্যন্ত স্বেচ্ছাচারী ছিলেন

৪০৩ অপর তাঁহার রাজত্ব সময়ে বহুতর মহাঘটনা হইয়াছিল। ১৭৪৪ শকে তিনি সিলিশিয়া দেশ নিজরাজ্যের সহিত সংলগ্ন করিয়াছিলেন কিন্তু ১৭৫৬ শকে রুশিয়া ও আষ্ট্রিয়া এবং ফ্রান্স দেশীয়েরা একত্র হইয়া তাঁহার সহিত যুদ্ধারম্ভ করাতে তিনি তাঁহারদের সহিত সপ্তবার্ষিক প্রসিদ্ধ যুদ্ধ করিয়াছিলেন তাহাতে তিনি কখন বা জয়ী কখন বা পরাজিত হইয়াছিলেন।

৪০৪ অপর তাঁহার ভ্রাতৃপুত্র তৃতীয় ফ্রেডরিক্ উইলিয়াম্ রাজা হইলেন। তিনি অতিশয় দুর্ব্বল ও রাজনীতির অনভিজ্ঞ ছিলেন ও ফ্রেঞ্চ আরিষ্টক্রেটদিগের বিপরীত দলে প্রবিষ্ট হইয়া পরে তিনি ঐ দল পরিত্যাগ করিয়াছিলেন।

৪০৫ পরে ক্রিষ্টিয়ান্ ১৭৮৭ শকে তাঁহার মৃত্যু হওয়াতে চতুর্থ ফ্রেডরিক্ উইলিয়াম্ রাজা হইয়াছিলেন। তিনি দুর্ভাগ্যক্রমে হানোবর দেশ হস্তগত করিবার মানসে ১৮০৫ শকে প্রাচীন আপত্তি উত্থাপন করিয়াছিলেন এবং ১৮০৬ শকে নেপোলিয়ান্ রাজা ঐ দেশে রাজা নিযুক্ত করিবার

ভার ইংলণ্ডাধিপতিকে পুনর্ব্বার অর্পণ করিবার প্রস্তাব করাতে ফ্রেডরিক্ তাঁহার সহিত সংগ্রামে প্রবৃত্ত হইয়া জেনানামক স্থানে সম্পূর্ণরূপে পরাজিত হওয়াতে তাঁহার রাজ্য ঐ নেপোলিয়ানের হস্তগত হইল।

৪০৬ অপর তাঁহার সাহায্য করণার্থে তাঁহার স্বপক্ষ রুশিয়াদেশের সম্রাটের আগমন নিষ্ফল হওয়াতে এবং ফ্রিদলাণ্ডনামক স্থানে ফ্রেডরিকের পরাজয় হওয়াতে ১৮০৭ শকে টিল্‌সিট্‌নামক স্থানে তাঁহাকে সন্ধি করিতে হইয়াছিল যদ্দ্বারা এই নিষ্কারিত হইয়াছিল যে যাবৎ কালপর্য্যন্ত ইংলণ্ডীয়রদিগের সহিত সন্ধি না হইবে তাবৎ প্রুশিয়া দেশের দুর্গ সকল ফ্রেঞ্চেরদের অধীনে থাকিবেক কিন্তু পরে ফ্রান্সদেশীয়েরা প্রুশিয়াহইতে বহিষ্কৃত হইয়াছে এবং প্রুশিয়া দেশীয়েরা ইউরোপীয় অন্যং রাজগণের সহিত একবাক্য হইয়া নেপোলিয়ানকে দুইবার পদচ্যুত করণে সাহায্য করত তিনি তাহারদিগের যেং প্রদেশ অধিকার করিয়াছিলেন তাহা পুনর্ব্বার লইয়াছে।

মস্কবি কিম্বা রুশিয়াদেশের বিবরণ।

৪০৭ এই দেশের রাজারা টারটার্ জাতির-দিগের অধীন ছিলেন এবং প্রথম জান্ বাসি-লোউইট্জের রাজত্ব সময়ের পূর্ব্বে তাঁহারদিগের ইতিহাস অত্যল্প প্রকাশ ছিল। এই রাজা ১৪৮৬ শকে টারটারদিগকে দূর করিয়া জার্ কিম্বা সিজার্ উপাধি গ্রহণ করিয়াছিলেন।

৪০৮ পরে তাঁহার পৌত্র দ্বিতীয় জান্ বাসিলোউইটজ্ আষ্ট্রাকান্ দেশ এবং সাইবিরিয়া নামক বৃহৎ দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়াছিলেন।

৪০৯ তাঁহার পর কএক জন দুর্ব্বল এবং দুরাচারি রাজারা ঐ দেশে রাজত্ব করিয়াছিলেন এবং আত্ম কলহদ্বারা ঐ রাজ্য ছিন্নভিন্ন হইয়া-ছিল পরে রোমানফের পুত্র মাইকেয়েল্ থিয়ো-ডোরোউইটজ্ ১৬১৮ শকে ঐ সকল কলহ নিবারণ করিয়াছিলেন।

৪১০ অপর তাঁহার পুত্র আলক্সস্ থিয়ো-ডোরোউইটজ্ রাজা হইলেন তিনি রুশিয়া

দেশের প্রথম রাজনীতিগ্রন্থ প্রকাশ করিয়া-ছিলেন।

৪১১ অপর পূর্ব্বোক্ত রাজার জ্যেষ্ঠ পুত্র থিয়ো-ডোরের মৃত্যু হইলেপর তাঁহার দুই ভ্রাতা আইবন এবং পিটর্ যুগপৎ রাজা হইয়াছিলেন এবং তাঁহারদিগের ভগিনী সোফিয়াও তাঁহার-দিগের সহিত একত্র রাজত্ব করিতে লাগিলেন।

৪১২ অপর আইবন পরলোকপ্রাপ্ত হওনান্তর সোফিয়ার বিদ্রোহপ্রকাশপ্রযুক্ত তিনি এক মঠে বন্দী হইয়াছিলেন এবং পরে অসাধারণ ক্ষমতা-গুণবিশিষ্ট পিটর্ একাকী রাজ্য করিতে লাগিলেন। তৎপ্রদেশে বিবিধ রাজা হইয়াছিলেন তাঁহারদিগের মধ্যে ইনি এক জন অতিপ্রধান রাজা ছিলেন।

৪১৩ পরে পিটরের লোকান্তর হইলে তাঁহার মহিষী কাথেরিন রাজপ্রাপ্তা হইলেন তাঁহার পর প্রথম পিটরের পৌত্র দ্বিতীয় পিটর্ রাজা হইলেন তাঁহার অল্পকালস্থায়ি রাজত্বের মধ্যে নানা উপদ্রব হইয়াছিল।

৪১৪ অপর তাঁহার পঞ্চত্বপ্রাপ্তি হইলে রুশিয়ান্ মাত্রিয়া আনর্নাম্নী কোর্লাণ্ড প্রদেশের অধিপতির পত্নীকে রাজপ্রতিনিধিকা করিল তাঁহার রাজ্যশাসনে সুখ্যাতি হইয়াছিল এবং প্রজারাও সুখী ছিল।

৪১৫ ইঁহা নিঃসন্তানা ছিলেন এইপ্রযুক্ত তাঁহার পরলোক গমনে কাথেরিননাম্নিকা তাঁহার ভ্রাতৃকন্যা যিনি মেক্লেনবর্গ দেশের রাজকুমারী ছিলেন তাঁহার পুত্র জান রুশিয়া দেশে রাজা হইলেন কিন্তু অত্যল্পদিন পরেই তিনি রাজ্যচ্যুত হইয়া ১৭৪০ শকে হত হইয়াছিলেন।

৪১৬ পরে এইরূপ উপদ্রব হওয়াতে শ্রেষ্ঠ-রূপবিশিষ্ট পিটরের দ্বিতীয় কন্যা এলিজেবেথ রাজ্যাধিপতিকা হইয়াছিলেন তাঁহার রাজশাসনে অত্যন্ত সুখ্যাতি হইয়াছিল।

৪১৭ তৎপরে তাঁহার ভ্রাতুষ্পুত্র হলষ্টিন প্রদেশের অধিপতি তৃতীয় পিটর উপাধি গ্রহণ করত ঐ দেশে রাজা হইলেন তাঁহার রাজত্বকালে প্রজারা অত্যন্ত দুর্দ্দশাপন্ন হইয়াছিল

তাঁহার পত্নী কাথেরিন্ তাঁহাকে ষড়যন্ত্রে করিয়া হত করাইয়াছিলেন।

৪১৮ অপর দ্বিতীয় কাথেরিণের রাজশাসন অতিপ্রসিদ্ধ ও ইউরোপের মধ্যে চমৎকার ও ভয়জনক হইয়াছিল। রাজ্ঞীর ন্যায় বিবেচনা করিলে তাঁহাকে শ্রেষ্ঠ কহিতে হয় কিন্তু লোকের ন্যায় তাঁহার চরিত্র বিবেচনা করিলে তাঁহাকে নরাধম কহিতে হয়।

৪১৯ তৎপরে তাঁহার পুত্র পাল্ পিট্রোউইচ্ রাজা হইলেন তাঁহার মাতার যেরূপ রাজশাসনের ধারা ছিল তাঁহার বৈপরীত্যে ইনি রাজ্য করিয়াছিলেন এবং ক্ষুদ্র বিষয়ে সর্ব্বদা ব্যাপৃত থাকিতেন।

৪২০ পরে ১৮০১ শকে পালকে নষ্ট করিয়া তাঁহার ঘাতকেরা তাঁহার পুত্র আলেক্জাণ্ডরকে রাজা করিলেন। তিনি টর্ক এবং পর্শিয়ান জাতিরদিগের সহিত বহুঘোরতর সংগ্রাম করিয়াছিলেন এবং ১৮০৫ শকে আষ্ট্রিয়া দেশীয়েরদিগের সহিত একত্র হইয়া তিনি ফ্রেঞ্চ জাতির—

দিগের বিরুদ্ধে যুদ্ধ করাতে আষ্টর্লিট্জনামক
স্থানে পরাজিত হইয়াছিলেন ও ১৮০৬ শকে
প্রুশিয়ান্ জাতিরদিগের সহিত মিলিত হইয়া
ফ্রেঞ্চেরদিগের প্রতিকূলে পুনঃ সংগ্রাম করিয়া-
ছিলেন কিন্তু ফ্রীড্লাণ্ডনামক স্থানে পরাজয়
হওয়াতে টিল্‌সিট্‌নামক স্থানে যে সন্ধিপত্র হয়
তাহাতে তাঁহাকে স্বাক্ষর করিতে হইয়াছিল ।

৪২। অপর ইউরোপনামক মহাদ্বীপের
কোন স্থানেই বৃটেনীয়েরা বাণিজ্য করিতে না পারে
এইমত যে বোনাপার্ট মনস্থ করিয়াছিলেন তাহাতে
১৮১২ শকে আলেক্সাণ্ডর সম্মত হওয়াতে
ফ্রান্সদেশের অধিপতি আপন অধিকারস্থ তাবৎ
দেশের সৈন্য ও যে২ জাতিরা যাঁহার স্নেহাধীন
ছিল তাহারদিগেরও তাবৎ সৈন্য একত্র করিয়া
মহাসমারোহপূর্ব্বক রূশিয়া দেশে যুদ্ধার্থে গমন
করিয়া মাস্কোনগর জয় করিয়াছিলেন কিন্তু
রূশিয়াদেশীয়েরা পরে ঐ নগর দগ্ধ করিলেক
ইহাতে একে শীতকাল তাহে রূশিয়া দেশ এমত
দুঃসময়ে ফ্রেঞ্চ সৈন্যেরদিগকে প্রত্যাগমন

বৃদ্ধিপ্রাপ্ত রুশিয়ান্ রাজ্যের অন্তর্গত হইল। সুইডেন দেশীয়েরা ফিন্লাণ্ড দেশ ছাড়িয়া দিবাতে ঐ রাজ্য পূর্ব্বেতেই বিস্তারিত হইয়াছিল এবং পরে পোলাণ্ড দেশের সহিত মিলিত হওয়াতে আরো বৃদ্ধি হইয়াছে।

সুইট্জর্লাণ্ড দেশের বিবরণ।

---

৪২৪ অপর এই দেশকে পূর্ব্বকালে রোমানেরা হেল্বেশিয়া বলিত এবং জুলিয়স্ সিসার তাহা জয় করিয়াছিল এই দেশের স্বাভাবিক বল অর্থাৎ পর্ব্বতাদির দ্বারা দুর্গমতাপ্রযুক্ত তত্রত্য লোকেরা রুমরাজাধিপতিরদিগের নামমাত্রে অধীন ছিল।

৪২৫ অপর জর্ম্মনি দেশীয় সম্রাট আলবর্টের যেং প্রতিনিধিরা ঐ দেশ শাসন করিতেন তাঁহারদিগের কোনং অত্যাচারের বিষয় সুইস্ জাতিরা ন্যুনাতিরিক্ত ১৩০০ শকে ঐ সম্রাটকে জানাইবাতে ঐ শাসনকর্ত্তারা ক্রুদ্ধ হইয়া অধিক দৌরাত্ম্য করিতে লাগিলেন তাহাতে রাজ্যমধ্যে

এক উপদ্রব উপস্থিত হইবাতে অবশেষে অষ্ট্রিয়ান্ জাতিরা ঐ রাজ্য বহিস্কৃত হইল।

টিপ্পনী। এই সময়ে গ্রীস্লরের টোপীকে উইলিয়ম্‌টেল্‌নামক এক ব্যক্তি প্রণাম করিতে অস্বীকার করাতে তাঁহার প্রতি এই রাজাজ্ঞা হইয়াছিল যে যদ্যপি তাঁহার পুত্রের মস্তকোপরিস্থিত এক সেও ফল এক বাণদ্বারা বিদ্ধ করিতে না পারেন তবে তৎক্ষণাৎ গলদেশে রজ্জু দিয়া তাঁহার প্রাণদণ্ড হইবেক কিন্তু এই দুঃসাধ্য কর্ম্ম তিনি অনায়াসে সম্পন্ন করিয়াছিলেন।

৪২.৬ পরে ঐ রাজ্যের নানা প্রদেশীয়লোকেরা সুইস্‌কান্‌ফিডরেসিনামক ত্রয়োদশটি অধিকার স্থাপন করত এক দলে মিলিত হইয়া বহুকাল পর্য্যন্ত সুখী এবং স্বাধীন ছিল কিন্তু ১৭৯৭ শাকে ফ্রান্স রাজ্যের বিপক্ষ দলের সম্পর্ক হওয়াতে ১৭৯৮ শাকে ফ্রেঞ্চ জাতিরা সুইট্জরলণ্ড দেশ উচ্ছিন্ন করিয়া তদ্দেশীয় রাজকীয় ব্যবস্থা সকল পরিবর্ত্ত করত ঐ রাজ্যের নাম হেল্‌বেটিক রিপব্লিক্ রাখিয়াছিলেন।

৪২.৭ পরে ১৮০২ শাকে বোনাপার্টি এক দল সৈন্য ঐ দেশে প্রেরণ করিয়াছিলেন তাহাতে ঐ দেশ ফ্রেঞ্চ জাতিরদিগের হস্তগত হয় পরে

[illegible] শকের আরম্ভে আষ্ট্রিয়া ও রুশিয়া [illegible] দেশীয়েরা একত্র হইয়া সুইট্জর্লাণ্ড [illegible] যাহাতে ঐ দেশে ফ্রেঞ্চেরদিগের [illegible] রাজশাসনের ধারা [illegible] স্থাপিত হইল।

ইটালি দেশের [illegible] ইতিহাস।

---

৪২৮ ইটালি দেশ শারলমেন্ রাজার অধিকারের একাংশ ছিল। খ্রিষ্টিয়ান্ ১৮১৪ শকে ঐ রাজার পঞ্চত্বপ্রাপ্তি হইলে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেক্জাণ্ডর্ ভূপতির রাজ্যের ন্যায় তাঁহার রাজ্য খণ্ডং হইয়াছিল। তাঁহার পৌত্র বর্ণাড ইটালি দেশ ও তৎসংক্রান্ত উপদ্বীপ সকল প্রাপ্ত হইয়াছিলেন কিন্তু তাঁহার পিতৃব্য লুইস্ তাঁহাকে সিংহাসনচ্যুত করিয়া ১৮৪০ শকে কালপ্রাপ্ত হইলে তাঁহার পুত্র লোথেরিওর অংশে ইটালি রাজ্য পড়িল।

৪২৯ পরে উপর্য্যুপরি ব্যক্তিরদিগের পরস্পর

বিরোধে ইটালি উচ্ছিন্ন হইয়াছিল কিন্তু ৯৬৪ শকে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট ওথোনামক রাজা জর্মনি রাজ্যের সহিত ঐ দেশ পুনর্ব্বার একত্র করেন পরে অনেক কালাবধি ক্রমাগত যুদ্ধ হইলে ১৪০০ শকে ইটালি রাজ্য এই কএক খণ্ডে বিভক্ত হয়। যথা নেপল্স রাজ্য ও ধর্ম্মমণ্ডলীর অধিকার ও টস্কানি ও পার্মা ও লাম্বার্ডি ও জিনোয়া এবং বিনিশিয়ান প্রদেশ।

৪৩০ অপর দুই শত বৎসরপর্য্যন্ত বিনিস্ ও জিনোয়া দেশীয়েরা ইউরোপীয় তাবৎ জাতির-দিগের অপেক্ষায় অত্যন্ত বাণিজ্যব্যবসায়ী ছিল বিশেষতঃ বিনিস্ দেশহইতে অনেকে বাণিজ্যার্থে নানাদেশে যাইয়া বসতি করিয়াছিল। ১১৯৪ শকে ঐ দুই জাতিরা কান্ষ্টাণ্টিনোপল্ নগর স্বায়ত্তে আনিয়া যেং প্রদেশ এইক্ষণে ইউরোপীয় টর্কী রাজ্যের অন্তর্গত আছে তাহাতে রাজত্ব করিয়াছিল।

৪৩১ অপর ১০৮০ শকে মাটিল্ডানাম্নী টস্কানি দেশের কৌন্টেস্ কর্তৃক রুমীয় মহাং ধর্ম্মা

অনন্তর দ্বিতীয় সর্জিয়স্ যিনি ৮৪৪ শকে তৎপদাভিষিক্ত হইয়াছিলেন তিনিই প্রথমে আপন নাম পরিবর্ত্ত করিয়াছিলেন অপর ১০২৪ শকে উনবিংশতি জন্‌নামক এক ব্যক্তি যাজক না হইয়াও অর্থবলদ্বারা ঐ ধর্ম্মাধ্যক্ষের পদপ্রাপ্ত হইয়াছিলেন। রুমীয় ধর্ম্মাধ্যক্ষেরদিগের মধ্যে প্রথমে ১০৩৪ শকে নবম লিও সৈন্য রাখিয়াছিলেন। অপর ১০৭৩ শকে রুমীয় ধর্ম্মাধ্যক্ষের প্রভুত্ব ইংগ্লণ্ডদেশে প্রথম প্রবর্ত্ত হয় কিন্তু ১৫৩৪ শকে পার্লিমেণ্ট নামক সভাসদকর্ত্তৃক তাহা অন্যথা হইয়াছিল পরে ১১৭৬ শকে ক্রিস্তিয়ানেরদিগের রাজ্যমধ্যে যে সাকল্য মঠ ও ধর্ম্মালয় ছিল তাহার প্রত্যেক হইতে নির্দ্দিষ্ট বার্ষিক কর ঐ ধর্ম্মাধ্যক্ষ আদায় করিতে সকলে অঙ্গীকার করিয়াছিল। এক্ষণে ইংগ্লণ্ড দেশে যাজকেরদিগের যে সকল বৃত্তি ছিল তাহার কর ৫ম ক্লেমেণ্ট লইয়াছিলেন পরন্তু ১৩০৮ শকে ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের বাসস্থান আবিগ্নন্‌নামক প্রদেশে নির্দ্দিষ্ট হইয়া ৭০ বৎসর পর্য্যন্ত তথায় ছিল ও ১৩৬৩ শকে তাঁহারদিগের প্রার্থনা পার্লিমেণ্টনামক মহাসভাতে অগ্রাহ্য হয়। অপর চতুর্দ্দশ বৎসর বয়সে দশম লিও কার্ডিনাল্‌নামক যাজকত্ব পদে নিযুক্ত হয়েন ও ১৫১৩ শকে মার্চ মাসের ১১ দিবসে মহাধর্ম্মাধ্যক্ষ পদাভিষিক্ত হইয়াছিলেন এবং ৩৭ বৎসরবয়স্ক হইয়া ১৫২১ শকে তিনি পঞ্চত্বপ্রাপ্ত হন। পরে ১৫২৩ শকে সপ্তম ক্লেমেণ্ট শাসন করিতে আরম্ভ করিলেন তিনি জীবের পরিত্রাণের নানা উপায় করিয়াছিলেন ও ১৫২৭ শকে রুমদেশে লুট হওয়াতে ক্লেমেণ্ট কারাগারে বদ্ধ হইয়াছিলেন ও ১৫৪১ শকে ইংগ্লণ্ডীয়েরদিগের তাবৎ গুরু হইতে

রুমীয় মহাধর্ম্মাধ্যক্ষের নাম উচ্ছেদ হইয়াছিল এবং ন্যুনাতিরিক্ত ১৬০০ শকাবধি ঐ ধর্ম্মাধ্যক্ষেরদিগের পরাক্রম হ্রাস হইতে আরম্ভ হইল।

৪৩২ পরে ১৭৮৯ শকে ফ্রেঞ্চ জাতিরা ঐ রাজ্য অধিকার করিয়াছিল কিন্তু ১৭৯৯ শকে ঐ রাজ্যস্থেরা আপনারদিগের দেশ পুনঃ প্রাপ্ত হয়। অপর ১৮০৫ শকে নেপল্স দেশের রাজা ইংগ্লণ্ডীয়েরদিগের কতকগুলিন সৈন্য আপন রাজ্য মধ্যে আসিতে দিবাতে বোনাপোর্টি তাঁহাকে রাজ্যচ্যুত করিয়া প্রথমে আপন ভ্রাতা জোসেফ্কে ঐ নেপল্স-রাজ্য দিয়াছিলেন কিন্তু পরে তাঁহার শ্যালক মুরাট্কে ঐ রাজ্য অর্পণ করিলেন পরে ১৮১৪ শকে মিলিত রাজগণেরা ইহা স্থির করিলেন যে ঐ মুরাটের সন্তানেরা ঐ দেশে রাজত্ব করিবেন কিন্তু ১৮১৫ শকে তাহার অন্যথা হইয়া পূর্ব্ব রাজবংশীয়েরা পুনর্ব্বার তদ্রাজ্যপ্রাপ্ত হয়েন।

৪৩৩ অপর ১৮১৫ শকে বিয়েনা নগরস্থ রাজকীয় সভা সম্পাদকেরদিগের আজ্ঞানুসারে আষ্ট্রিয়াবংশীয় রাজারা ও সার্ডিনিয়ার রাজা ও

রুসীয় মহারাজ, ধর্ম্মাধ্যক্ষ এবং নেপল্স দেশের রাজা এই কএক জনে ইটালীরাজ্য বিভাগ করিয়া লইয়াছিলেন ইহাতে বিনিস্ ও জিনোয়া এবং লক্কা এই তিন দেশে যে পুজাপুঞ্জস্থ রাজ্য ছিল তাহাতে ঐকাধিপত্য রাজ্য হইল এবং ইটালি দেশের মধ্যে আষ্ট্রিয়া দেশীয়েরাই প্রবল হইয়াছে।

অটোমান্ অথবা টর্কি রাজ্যের বিবরণ।

৪৩৪ সাইথিয়ান্ অথবা টার্টার্ জাতুদ্ভব হুনেরা ও টর্কেরা ন্যূনাতিরিক্ত ক্রিষ্টিয়ান্ ১৬০০ শকে আশিয়ানামক মহাদ্বীপস্থ জিয়ার্জিয়া দেশ যাহার নামান্তর টর্কোমানিয়া ছিল তাহাতে আসিয়া বসতি করিয়াছিল।

৪৩৫ অপর ঐ জাতিরা মহম্মদের ধর্ম্মাবলম্বী হইয়াছিল এবং ১০৩৭ শকে পার্শিয়া দেশ আক্রমণ করত তাহার নিকটবর্ত্তি দেশে নানা উৎপাত

করিয়া প্যালেষ্টিন্‌নামক স্থান আপনারদিগের হস্তগত করিয়াছিল। জিরুসালেম্‌নামক তীর্থ স্থানে যে সকল ক্রিষ্টিয়ানেরা তীর্থ করিতে যাইত তাহারদিগকে উহারা অপমান করাতে ক্রুসেড্‌ নামক ধর্ম্মরক্ষার্থে সংগ্রাম উপস্থিত হইয়া অধিক এক শত বৎসরপর্য্যন্ত যুদ্ধ হয় তাহাতে কোটিং প্রাণির বিনাশ হইয়াছিল।

৬৩৬ অথ্মান্‌নামক টর্কেরদিগের এক রাজা যাঁহার নামানুসারে এই রাজ্যের নাম অটোমান্‌ হয় ও যিনি ঐ রাজ্যসংস্থাপন করেন তিনি ক্রিষ্টিয়ান্‌ ১৩০০ শকে বাইথিনিয়া দেশ আক্রমণ করত প্রুসানামক স্থানে আপন রাজধানী স্থাপন করিয়া সুলতান্‌ উপাধি গ্রহণ করিয়াছিলেন।

৪৩৭ পরে ন্যূনাতিরিক্ত ১৩৫৭ শকে আমুরাথের অধীন হইয়া টর্কেরা হেলেস্পণ্টনামক সমুদ্রের সুঁতী পার হইয়া ১৩৬০ শকে আড্রি- য়ানোপল্‌ নগর আপনারদিগের বশীভূত করিয়া ছিল। আমুরাথ্‌ ঐ স্থানে আপন রাজধানী করিয়া জানিসারিস্‌নামক নূতন সৈন্যের দল সংস্থাপনে

করিলেন তাহারা রাজধানীরক্ষকপদে নিযুক্ত হইবাতে আটোমান রাজ্য এমত পরাক্রমশালী হইয়াছে ।"

৪৩৮ অপর আমুরাথ হত হইলেপর তাঁহার পুত্র বাজাজেত্ যাঁহার ইল্‌ডরীম অর্থাৎ বজ্র এই উপাধি ছিল তিনি রাজা হইলেন। তিনি অনেক২ মহাযুদ্ধে জয়ী হইয়াছিলেন কিন্তু টিমুর্‌লেন্ অথবা টাইমরলেননামক টার্টার্‌দেশীয় এক রাজা তাঁহাকে পরাজয় করত বন্দি করিয়া এক লৌহ পিঞ্জরে রাখাতে তিনি তথায় আত্মঘাতী হইয়া প্রাণত্যাগ করিয়াছিলেন।

৪৩৯ অপর ১৪৫৩ শকে দ্বিতীয় মহম্মদ যিনি ন্যায়তঃ শ্রেষ্ঠ উপাধিপ্রাপ্ত হইয়াছিলেন তিনি কান্‌ষ্টান্টিনোপলনগর বেষ্টন করিয়া ঐ দেশ আপনার হস্তগত করিয়াছিলেন। এবং উক্ত রুম্ রাজ্যে যেরূপ টর্কী রাজ্য সংস্থাপন করেন সেইরূপ অদ্যাবধি আছে।

৪৪০ অপর ১৪৮১ শকে মহম্মদের মৃত্যু হওয়াতে তাঁহার পুত্র দ্বিতীয় বাজাজেট্ রাজা

হইয়া হঙ্গেরিয়ান্ ও বিনিশিয়ান্ ও পর্শিয়ান্ এবং সারাসেন্ এই সকল জাতিরদিগের প্রতিকূলে অনেক যুদ্ধ করিয়াছিলেন কিন্তু তাঁহার পুত্রের আজ্ঞাতে জিউ জাতীয় এক জন বৈদ্য তাঁহাকে বিষপান করাইয়া বিনাশ করিয়াছিল।

৪৪১ অপর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারী সলিম রাজা সৌভাগ্যবান্ হইয়াও অত্যন্ত দুরাচারী ছিলেন। তিনি ১৫১৭ শাকে ইজিপ্ত ও আলেপো ও আন্টিয়ক্ ও ট্রিপোলি ও ডামাস্কস্ এবং গাজা এই সকল দেশ জয় করিয়াছিলেন।

৪৪২ তদনন্তর ঐশ্বর্য্যশালি উপাধিবিশিষ্ট দ্বিতীয় সোলিমান্ ১৫২০ শাকে সলিম রাজার পদাভিষিক্ত হইয়াছিলেন। টর্কী দেশীয় রাজগণের মধ্যে ইনি সর্ব্বগুণান্বিত ও অত্যন্ত সাহসী ও সৌভাগ্যবান এবং যোদ্ধা ছিলেন এবং বুডাদেশ হস্তগত করিয়া বিএনা নগর বেষ্টন করিয়াছিলেন।

৪৪৩ অপর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারী দ্বিতীয় সলিম্ রাজা সাইপ্রস্ এবং টিউনিস্ এই দুই স্থান বেষ্টন করিয়া হস্তগত করিয়াছিলেন।

কিন্তু জিপাল্টোনামক স্থানে তাঁহার ডিঙ্কানমুহ্ যুদ্ধে পরাজিত হইয়াছিল। পরে তৃতীয় আমুরাথ্ হঙ্গারি দেশান্তর্গত রাবাব এবং পার্শিয়া দেশান্তঃ পাতী টিবুস্ এই দুই দেশ আপন রাজ্যের সহিত একত্র করিয়া নিজ অধিকার বিস্তার করিয়াছিলেন।

৪৪৪ পরে তাঁহার পুত্র তৃতীয় মহম্মদ অত্যন্ত নিষ্ঠুর ছিলেন তিনি সপরিবারে আপন ভ্রাতৃগণকে হত করিয়া ১৬০৪ শকে পঞ্চত্ব প্রাপ্ত হইয়াছিলেন অনন্তর তাঁহার পুত্র এবং উত্তরাধিকারি আথ্মেট্ রাজত্বকালীন বড় দুর্দশাগ্রস্ত ছিলেন।

৪৪৫ অপর জানিসারিনামক সৈন্যেরা এবং মন্ত্রিবর্গেরা আথ্মেটের ভ্রাতা মস্তাফাকে তাঁহার উত্তরাধিকারিত্বে বরণ করিয়াছিলেন কিন্তু দুই মাসের মধ্যেই রাজপদের অনুপযুক্ত বলিয়া তাঁহাকে কারাগারস্থ করিলেক এবং তাঁহার ভ্রাতৃপুত্র অর্থাৎ ঐ পূর্ব্বোক্ত রাজা আথ্মেটের পুত্র ওস্মান্কে সম্রাট পদাভিষিক্ত করিয়া-

ছিলেন কিন্তু জানিসারিরদিগের পরাক্রম খর্ব্ব করিবার চেষ্টা পাইবাতে তিনি হত হয়েন। অপর মস্তাফা পুনর্ব্বার সিংহাসনোপবিষ্ট হইয়াছিলেন বটে কিন্তু কিছুকাল পরেই নিশ্বাস রোধদ্বারা তিনি হত হইলেন।

৪৪৬ তদনন্তর চতুর্থ আমুরাথ্ সৌভাগ্যবান্ রাজা ছিলেন এবং পার্শিয়ান্ জাতিরদ্দিগের নিকট হইতে বাগদাদ্ দেশ লইয়াছিলেন পরে তাঁহার ভ্রাতা এব্রাহীম্ যিনি তাঁহার উত্তরাধিকারী এবং দুর্ব্বল রাজা ছিলেন তিনি ১৬৪৮ শকে মিউট্ অর্থাৎ বোবারদিগের কর্ত্তৃক নিশ্বাস রোধ দ্বারা হত হইয়াছিলেন।

৪৪৭ পরে তাঁহার পত্র চতুর্থ মহম্মদ্ রাজার অধীন হইয়া টর্ক জাতিরা ইউরোপের মধ্যে পুনর্ব্বার মহাবল পরাক্রান্ত হইয়াছিল এবং ত্রিংশৎ বৎসর পর্য্যন্ত কান্‌ষ্টান্টিনোপল নগর বেষ্টন করত হস্তগত করিয়াছিলেন ইহাতে ৮০০০০ ক্রিষ্টিয়ান্ ও ১৮০০০০ টর্ক বিনাশ হয়। এই রাজা বিএনা নগরও বেষ্টন করিয়াছিলেন

কিন্তু তাঁহার ভ্রাতা সোলিমানকে আপন রাজ্য ছাড়িয়া দিতে তাঁহার অত্যাবশ্যক হইয়াছিল।

৪৪৮ অপর তৃতীয় সোলিমান যুদ্ধে পরাজিত হইতেন কিন্তু তাঁহার প্রধান মন্ত্রী কাইওপ্রলি কর্তৃক তাঁহার রাজ্য পুনর্ব্বার পূর্ব্বমত সংস্থাপিত হইয়াছিল। পরে তাঁহার ভ্রাতা দ্বিতীয় আথমেট ও দুর্ভাগ্যশালী ছিলেন।

৪৪৯ অপর তৃতীয় সোলিমানের ভ্রাতৃপুত্র দ্বিতীয় মস্তাফা রাজা হওয়াতে রাজকীয় ব্যাপার সকল প্রকারান্তর হইল কিন্তু অবশেষে ইউজিন নামক রাজা কর্তৃক তিনি যুদ্ধে পরাজিত হইয়া খ্রীষ্টিয়ান ১৭০০ শকে রাজচ্যুত হইয়াছিলেন।

৪৫০ তদনন্তর তাঁহার ভ্রাতা এবং উত্তরাধিকারী তৃতীয় আথমেট পলটোয়ানামক স্থানের যুদ্ধ হওনানন্তর সুইডেন দেশীয় দ্বাদশ চার্লস নামক রাজাকে আশ্রয় দিয়াছিলেন পরে কৌলিধীয় এবং পর্শিয়ান জাতিরদিগের বিপক্ষে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জয়ী হইতে না পারাতে তিনি রাজ্যভ্রষ্ট হইয়াছিলেন।

৪৫১ অপর তাঁহার ভ্রাতৃপুত্র এবং উত্তরাধিকারী পঞ্চম মহম্মদ ও রুশিয়ানদিগের সহিত এবং কৌলিখাঁর সহিত যে যুদ্ধ হইয়াছিল তাহাতে জয়ী হইতে পারেন নাই এবং ঐ কৌলিখাঁকে পার্শিয়ার সোফি অর্থাৎ রাজার স্বরূপ করিয়া তাঁহাকে মান্য করিতে হইয়াছিল।

৪৫২ অপর ১৭৫৪ শকে তাঁহার ভ্রাতা ওসমান তৎপদাভিষিক্ত হয়েন এই রাজা বিজ্ঞ ও অমায়িক এবং নির্বিরোধী ছিলেন কিন্তু ইহার রাজত্ব অল্পকালস্থায়ী ছিল পরে ১৭৫৭ শকে তাঁহার মৃত্যু হওয়াতে তৃতীয় মস্তাফা রাজা হইয়াছিলেন। এই রাজার রাজত্ব কালীন রুশিয়ান জাতিরদিগের কর্তৃক রাজ্যে অনেক উৎপাত উপস্থিত হইয়াছিল।

৪৫৩ অপর পঞ্চম মহম্মদের অন্য এক ভ্রাতা চতুর্থ আথমেট রাজা হয়েন পরে ১৭৮৯ শকে তাঁহার মৃত্যু হইলে তৃতীয় সলিম সিংহাসনারোহণ করিয়াছিলেন কিন্তু ১৮০১ শকে জানিসারিস্‌নামক সৈন্যেরা এক উপপ্লব উপস্থিত

করিয়া তৃতীয় সলিমকে সিংহাসনচ্যুত করত চতুর্থ মস্তাফাকে রাজ্যাভিষিক্ত করিয়াছিল। ঐ রাজাকে এবং তাঁহার পূর্ব্ব রাজগণেরদিগকেও সন্ধির নিমিত্তে বৃহৎ২ প্রদেশ লোভি ক্রশিয়ান্ জাতিরদিগকে দিতে হইয়াছিল।

আরেবিয়া দেশের বৃত্তান্ত।

২২৪ আরব্ জাতিরা সর্ব্বকালেই নির্দ্দিষ্ট বাসস্থানবর্জিত ও স্বাধীন অবস্থায় ভ্রমণ করিয়া কালযাপন করে তাহারা প্রায় সর্ব্বদাই আপনারদিগের নিকটস্থ জাতিরদের সহিত যুদ্ধ করে কিন্তু কখন কোন দিগ্বিজয়ীকর্ত্তৃক পরাভূত হয় নাই।

২২৫ ক্রিষ্টিয়ান্ ৫৬৯ শকে রেড্সিনামক সমুদ্রতীরস্থ মেক্কা নগরে তাক্ত সিদ্ধপুরুষ মহম্মদের জন্ম হয় তিনি নীচ কুলোদ্ভব এবং উত্তম শিক্ষা পান নাই কিন্তু বড় বুদ্ধিমান্ ও দিগ্দর্শন দ্বারা এবং গৌরবাকাঙ্ক্ষাপ্রযুক্ত তাঁহার বুদ্ধির অত্যন্ত প্রাখর্য্য হইয়াছিল।

৪৫৬ অপর তাঁহার দেশস্থ লোকেরা তাঁহার প্রতারণায় মুগ্ধ না হওয়াতে ৬২২ শকে তাঁহার ৫৪ বৎসর বয়সে এবং তাঁহার সিদ্ধপুরুষ রূপে বিখ্যাত হওনাবধি দশম বৎসরে তিনি মেডিনা নগরে পলায়ন করিয়াছিলেন তাঁহার মতাবলম্বি লোকেরা তাঁহার পলাইবার শককে হিজ্‌রী অর্থাৎ পলায়ন কহে।

৪৫৭ অপর মেডিনা নগরে তিনি আপন শিষ্য-গণের সাহায্যে জয়ী হইয়া মেক্কা নগরে শীঘ্র পুনরা গমন করিয়া অনেক লোককে আপন মতাবলম্বী করেন কিন্তু অতিত্বরাতেই আরেবিয়া ও সাইরিয়া দেশ অধিকার করত ৬২৭ শকে রাজা হইয়া ছিলেন এবং ৬৩২ শকে তাঁহার পঞ্চত্ব হইলে তাঁহার উভয় পক্ষীয় সন্তানেরা পর্শিয়া এবং ইজিপ্তদেশে পরাক্রমশালী রাজা হইয়া ছিলেন।

৪৫৮ অপর ঐ বংশীয় পর্শিয়াদেশের রাজারা আপনারদিগের রাজধানী বাগ্‌দাদ্ নগর অবধি

পূর্ব্বদিগস্থ নানা দেশে মহম্মদের ধর্ম্ম বিস্তার করিয়াছিলেন ঐ সকল স্থানে অদ্যাবধি ঐ ধর্ম্মের প্রাদুর্ভাব আছে এবং ঐ বংশীয় ইজিপ্ত দেশের রাজা যাঁহারা সারাসেন অথবা মূর নামে বিখ্যাত তাঁহারা আফ্রিকার উত্তর খণ্ড ও ইউরোপের দক্ষিণ খণ্ড ও মিডিটিরেনিয়ান্নামক বিখ্যাত সমুদ্রস্থ তাবৎ উপদ্বীপ এই সকল এবং ইত্যাদি স্থানে ঐ ধর্ম্ম বিস্তার করিয়াছিলেন মোরাকো দেশীয় বর্ত্তমান সম্রাট ঐ পূর্ব্বোক্ত সারাসেন্ কুলোদ্ভব হয়েন।

টিপ্পনী। আফ্রিকার উত্তর খণ্ডস্থ বার্কানামক প্রদেশ এবং তত্রস্থ মরুভূমি ইজিপ্ত দেশের রাজপ্রতিনিধিদ্বারা শাসিত হয় ও সাইরেনেকা দেশে এক জন পৃথক্ শাসনকর্ত্তা আছেন ট্রিপলিদেশে একপ্রকার সাধারণ কর্ত্তৃত্ব রাজশাসন হয় তাহাতে সেনেরা ডিউপাধি দিয়া এক জনকে কর্ত্তৃত্বে নিযুক্ত করে ও টর্ক দেশীয় সম্রাটের অনুমতিতে টিউনিস্ দেশে ও ট্রিপলির রাজশাসনের রীত্যনুসারে ডিনামক এক জন প্রধান লোককে কর্ত্তৃত্ব পদে নিযুক্ত করেন। আফ্রিকার মধ্যে টর্কজাতির দিগের যেপর্য্যন্ত প্রভুত্ব আছে তাহার সীমা যে আল্জিয়ার্স দেশ তাহাতেও ট্রিপলি ও টিউনিস্ দেশের ন্যায় রাজশাসনের ধারা স্থাপিত হইয়াছে এবং তদ্দেশে জলদস্যুরদিগের বাসস্থান হইয়াছে। পূর্ব্বোক্ত দেশীয় লোকেরা কান্টাটিং

রোমান্‌দেশীয় সম্রাটের আশ্রিত কিন্তু তাঁহার অধিকারস্থ নহে এবং ফেজ্‌ ও মোরাক্কো রাজ্য যেখানে মহম্মদ বংশীয়েরা রাজত্ব করেন তত্রস্থ লোকেরা ঐ সম্রাটের আশ্রিত নহেন।

৪৫৯ অপর কএক বৎসর হইল ওহাবিনামক মতাবলম্বিরা আরেবিয়া দেশে উৎপাত উপস্থিত করিয়াছে ঐ মতের প্রচারকর্ত্তা আপনাকে ঈশ্বরের প্রেরিত বলিয়া আরেবিয়ার অনেক অংশে এবং পর্শিয়ার কোনং প্রদেশে আপনার প্রভুত্ব ও ঐ ধর্ম্ম প্রচার করিয়াছিলেন কিন্তু সংপ্রতি এমত সংবাদ পাওয়া গিয়াছে যে ঐ মতাবলম্বি লোকেরা পরাভূত হইয়াছে।

ইজিপ্তদেশের বৃত্তান্ত।

৪৬০ সাত শত বৎসর পর্য্যন্ত ইজিপ্ত দেশ রোমান্‌ রাজ্যের এক প্রদেশ ছিল তাহার পর দ্বিতীয় ওমার্‌নামক মহম্মদ্‌ বংশীয় এক রাজা কানষ্টান্টিনোপলের অধিরাজকে পরাজয় করিয়া ঐ দেশ লইয়াছিলেন এই রাজাই আলেক্‌সান্দ্রিয়া নগরের প্রসিদ্ধ পুস্তকাগার গোঁড়ামিপ্রযুক্ত দগ্ধ

করিয়াছিলেন।

৪৬১ পরে ফাটেমাইট বংশীয় মোয়েজনামক এক রাজা খ্রিষ্টিয়ান ৯৮২ শকে ইজিপ্ত দেশ জয় করত তথায় আপন রাজধানী করিয়াছিলেন এবং সালাডিনকর্তৃক টর্কজাতিরদিগের রাজ্য আফ্রিকায় স্থাপিত হওনপর্য্যন্ত তাঁহার সন্তানেরা ইজিপ্ত দেশে রাজ্য ভোগ করিয়াছিলেন।

৪৬২ সালাডিন রাজার জন্মস্থান ইজিপ্ত দেশ তিনি ক্রুসেডনামক যুদ্ধ সময়ে খ্রিষ্টিয়ানেরদিগের প্রবল শত্রু ছিলেন তিনি মামিলিউকনামক সৈন্যের দল স্থাপন করেন ও ঐ সৈন্যেরা ৩০০ বৎসর পর্য্যন্ত আপনারদিগের মধ্যহইতেই একং জনকে মনোনীত করিয়া ইজিপ্ত দেশের রাজা করিত কিন্তু ১৫১৭ শকে তাহারা সলিম রাজাকর্তৃক পরাভূত হওয়াতে ইজিপ্ত দেশ টর্কজাতিরদিগের রাজ্যান্তর্গত হইয়াছিল।

৪৬৩ অপর ১২৫০ শকে বাহারাইট মামিলিউকনামক সৈন্যেরা সালাডিনবংশীয় শেষ

রাজার বধকরণপূর্ব্বক রাজ্যশাসনের রীতি পরীবর্ত্ত করিয়া প্রজাপ্রভুত্ব রাজত্ব স্থাপন করিয়াছিল।

৪৬৩ পরে ১৭২৪ শকে বোনাপার্টী ফ্রান্স দেশীয় সৈন্যসমূহ সমভিব্যাহারে ইজিপ্ট দেশে আগমন করত মামিলিউক্নামক সৈন্যেরদিগকে পরাজয় করিয়া ঐ দেশ সম্যকরূপে স্বায়ত্ত করিয়াছিলেন কিন্তু নেলসন্ ফ্রেঞ্চেরদিগের জাহাজসমূহ জয়করাতে এবং তাঁহারদিগের অনেক সৈন্য ক্ষয় হওয়াতে বোনাপার্টী ফ্রান্সদেশে প্রত্যাগমন করিলেন এবং অবশেষে তাঁহার সৈন্যেরা ইংগ্লণ্ডীয় এবং টর্কী দেশীয় সৈন্যেরদিগের নিকট পরাজয় স্বীকার করাতে পোর্ট অর্থাৎ টর্কজাতীয় রাজা ইজিপ্ট দেশ পুনর্ব্বার হস্তগত করিলেন।

পর্শিয়াদেশের বিবরণ।

৪৬৫ আলেক্সাণ্ডর রাজার সেনাপতি গণের উত্তরাধিকারিরদিগকে রোমানেরা বারম্বার পরাজয় করিবার চেষ্টা করাতেও এই বিখ্যাত দেশ

তাহারদিগেরই অধীন ছিল পরে ক্রিষ্টিয়ান্ ১৩৯০ শকে টারটারী দেশীয় দিগ্বিজয়ী টামরলেন কর্তৃক তাঁহারা পরাভূত হইলে তাঁহার অর্থাৎ ঐ দিগ্বিজয়ীর সন্তানেরা ঐ দেশে আসিয়া বাস করিলেন।

৪৬৬ তদনন্তর টামরলেনের সন্তানেরা সোফিয়া বংশীয়েরদিগেরকর্তৃক পরাজিত হইলেন পরে ১৭৩৫ শকে ঐ বংশের শেষ রাজার সেনাপতি কৌলিখাঁ তাঁহার নামান্তর নাদরশাহ ছিল তিনি রাজপদাভিলাষী হইয়া আপন নৃপতিকে সিংহাসনচ্যুত করিয়াছিলেন পরে ১৭৩৯ শকে তিনি ইণ্ডিয়া আক্রমণ করিয়া মোগল রাজ্য জয় করিয়াছিলেন ও দিল্লি নগর হস্তগত করত প্রচুর ধনপ্রাপ্ত হইয়াছিলেন এবং বহু প্রাণি হত্যা করিয়াছিলেন।

৪৬৭ পরে এই দুরাত্মা ইণ্ডিয়ার সম্রাট এই উপাধি গ্রহণ করিয়া পার্শিয়া দেশে প্রত্যাগমন করত তদ্দেশীয়েরদের ধর্ম্ম পরিবর্ত্তন করিবার

চেষ্টাতে নিশ্বাস রোধদ্বারা সকল যাজকেরদিগকে বধ করিয়াছিলেন পরে ১৭৪৭ শকে তাঁহার আত্মীয় লোকেরাই আত্মরক্ষার নিমিত্ত শিবির মধ্যে তাঁহাকে বধ করিয়াছিল।

৪৬৮ অপর তিনি পঞ্চত্বপ্রাপ্ত হইলে অনেকে পার্শিয়া রাজ্য লওনেচ্ছুক হইবাতে আত্মবিরোধে ঐ দেশ উদ্বিগ্ন হইল কিন্তু পূর্ব্বোক্ত উৎপাত সকলের দ্বারা রাজ্য নষ্ট হইলে পর করিম্ খাঁর রাজত্ব সময়ে রাজ্য পুনর্ব্বার সুস্থির হইল ইনি এক উপযুক্ত রাজা ছিলেন কিন্তু নীচকুলোদ্ভব এবং বিংশতিবৎসর রাজত্ব করিয়া ১৭৭৬ শকে শিরাজ্ নগরে পরলোকপ্রাপ্ত হইয়াছিলেন।

৪৬৯ অপর তাঁহার মৃত্যুহওনাবধি তাঁহার বংশোদ্ভব শেষ রাজা রাজ্যচ্যুত হইলে ১৭৯৪ শকে আগামহম্মদ খাঁর পুনর্ব্বার রাজ্যপ্রাপ্তি হওন পর্য্যন্ত পার্শিয়া রাজ্যে নানা গোল উপস্থিত হইয়াছিল। আমরা শুনিয়াছি যে ঐ আগামহম্মদখাঁ আপন পুত্রেরদিগকে রাজ্য ভার দিয়াছেন

ও আব্বাস মিরজা তাঁহার জ্যেষ্ঠ পুত্র অসাধারণ লক্ষণাক্রান্ত হয়েন।

ইণ্ডিয়ার বৃত্তান্ত।

৪৭০ গ্রীক্জাতিরদিগের গ্রন্থেই ইণ্ডিয়ার সর্ব্বাপেক্ষার প্রাচীনত্বসূচক বিবরণ পাওয়া যায় তাহাতে শ্রেষ্ঠ উপাধিবিশিষ্ট আলেক্সাণ্ডরের ভদ্দেশে যুদ্ধযাত্রার বর্ণন আছে তিনি তথায় আ-সিয়া দেখিয়াছিলেন যে ঐ দেশ ধনপূরিত এবং লো-কেরা সভ্য এবং রাজারদিগের প্রতি তাহারদিগের অনুরাগ ছিল এই রাজারা অনেক গ্রীক্জাতীয়ের দিগকে যুদ্ধে বধ করিয়াছিলেন।

৪৭১ পরে খ্রিষ্টিয়ান্ ৭০৮ শকে কালিফ্ ওয়ালিদ ইণ্ডিয়ার মধ্যে নানা দেশ জয় করিয়া-ছিলেন ও ১০০২ শকে মাম্মুদ্নামক এক রাজা হিন্দুস্থানের অনেক দেশ উচ্ছিন্ন করিয়াছিলেন এবং ১২২১ শকে তাইমুরলঙ্গ এই দেশ আক্রমণ করিয়াছিলেন। যে২ মনুষ্যহন্তার নাম ইতিহাসে লিখিত আছে তাহার মধ্যে ইনিই প্রধান।

৪৭২ অপর তদবধি তাইমুরলঙ্গের উত্তরাধিকারিরা মোগল্ রাজ্য ভোগ করিয়াছেন এবং শ্রেষ্ঠ মোগলেন্দ্রদিগের মধ্যে আওরঙ্গজেব অত্যন্ত বিখ্যাত ছিলেন ইনি তাবৎ ইণ্ডিয়া হস্তগত করিয়া ৪০ বৎসরেরও অধিক কাল রাজ্য করত ১৭০৭ শাকে পঞ্চত্ব পাইলেন।

৪৭৩ তৎপরে ১৭৩৯ শাকে নাদের্শাহ্ এই রাজ্য বেষ্টন করত এমত উদ্বিগ্ন করিয়াছিলেন যে তৎকালাবধি মোগলেন্দ্রদিগের রাজপ্রতিনিধিরা রাজাকে অমান্য করিতে লাগিল এবং ইংলণ্ডীয় ইষ্ট ইণ্ডিয়া কম্পানিনামক বাবুগণেরা ইণ্ডিয়া দেশ অনায়াসে জয় করিয়া এই ক্ষণে তদংশগত কতক গুলিন উত্তমোত্তম প্রদেশ এবং অনেক সমুদ্রতীরস্থ দেশ অধিকার করিয়াছেন।

৪৭৪ অপর ১৭৫৬ শাকে মোগল রাজার এক জন প্রতিনিধি সিরাজদ্দৌলা ইংলণ্ডীয় ইষ্ট ইণ্ডিয়া কম্পানিরদিগের কলিকাতার যে এক বাণিজ্যালয় ছিল তাহার কর্ম্মকর্ত্তারদিগের সহিত বিরোধ করত

তাহারদিগের উপরে হঠাৎ আক্রমণ করিয়াছিলেন তাহাতে তাঁহারদিগকে সন্ধি করিতে আবশ্যক হইয়াছিল কিন্তু যেই নিয়মে সন্ধি হইয়াছিল তাহা তিনি অমান্য করিয়া তাহারদিগের ১৪৬ জনকে এক ক্ষুদ্র কারাগারে বদ্ধ করিয়া রাখিয়াছিলেন ঐ কারাগারের নাম তদবধি অন্ধকারকূপ হইয়াছে ঐ স্থানের মধ্যে তাঁহারদিগের ১২৩ জন অল্পক্ষণের মধ্যেই নিশ্বাসবদ্ধ ও তৃষ্ণাযুক্ত এবং উন্মত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছিলেন।

৪৭৫ কিন্তু ইহার অত্যল্প কালপরেই কর্ণেল্ ক্লৈব্ যিনি পরে লার্ড উপাধি পাইয়াছিলেন তিনি কতকগুলিন ব্রিটেন্‌দেশীয় সৈন্য লইয়া গঙ্গা নদীর মধ্যদিয়া আসিয়া উত্তীর্ণ হইলেন ও কলিকাতা পুনর্ব্বার হস্তগত করত পলাশীনামক স্থানের যুদ্ধে সম্যক প্রকার জয়ী হইয়াছিলেন এই যুদ্ধে সিরাজদ্দৌলা হত হয়েন এবং বঙ্গ দেশ ইঙ্গ্‌লণ্ডরাজ্যের এক প্রদেশ হইল।

৪৭৬ অপর ব্রিটেন্‌দেশীয়েরা তাঁহারদিগের

সপক্ষ কোনং রাজগণের সহায়তাতে ইণ্ডিয়ার মধ্যবর্ত্তি প্রায় তাবৎ বৃহৎ২ নগর হস্তগত করিয়াছেন এবং আপনারদিগের স্বেচ্ছানুসারে কাহাকেও বা রাজা করিয়াছেন ও কোনং রাজাকেও বা পদচ্যুত করিয়াছেন তদনন্তর তাঁহারদিগের অনিষ্টকারি শত্রু টিপুসুলতানকে সিরিঙ্গাপাটাম দেশস্থ রাজধানী বেষ্টন করিয়া লইবার সময়ে বধ করিয়াছিলেন পরে ইণ্ডিয়ার মধ্যে তাঁহারা অন্য এক যুদ্ধে মহারাষ্ট্র জাতীয় রাজা হুলকর্ নামক বীরকে জয় করিয়াছিলেন এবং ইদানীন্তন এতদ্দেশীয় অন্যান্য রাজগণের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়া তাঁহারদিগকে বশীভূত করিয়াছেন।

চাইনা দেশের বিবরণ।

৪৭৭ পৃথিবীর মধ্যে এই রাজ্য সর্ব্বাপেক্ষায় বৃহৎ ও তাহাতে অনেক লোকের বসতি আছে এবং অতিপ্রাচীন কালে ঐ রাজ্য আরম্ভ হইয়াছে বলিয়া তদ্দেশীয়েরা যে গর্ব্ব করে তাহাতে বিশ্বাস হয় না কিন্তু একপ্রকার এই নিশ্চয় বোধ হয় যে

তাঁহারদিগের আদি সম্রাট্ ফোহি তিনি ক্রাইষ্ট জন্মিবার ২০৫৭ বৎসর পূর্ব্বে অর্থাৎ নূ্যনাতিরিক্ত জলপ্লাবনের ৩০০ বৎসর পরে রাজত্ব করিয়াছিলেন।

৪৭৮ এই প্রাচীন শকাবধি ক্রমাগত রাজগণের রাজত্ব সময়ে ঐ বিচক্ষণ লোকেরা আপনারদিগের রাজকীয় নিয়মাদি অত্যল্প পরিবর্ত্তন ব্যতিরিক্ত পূর্ব্বমত রক্ষা করিয়াছেন এবং এই রাজগণের প্রত্যেকের এই চেষ্টা যে তাঁহারা পূর্ব্ব২ রাজগণের অপেক্ষায় নিকটস্থ রাজারদিগের সহিত সন্ধি রাখেন ও প্রজারদিকে সুখী করেন।

৪৭৯ তাঁহারদিগের জাতির গুরু কানফিউশিয়স যাঁহার নামান্তর কাং–ফু–ক্সি তিনি ক্রাইষ্ট জন্মিবার ৪৭৯ বৎসর পূর্ব্বে ছিলেন তিনি যে২ নীতিশাস্ত্র করিয়াছিলেন তাহাই তদবধি তাঁহারদিগের রাজনীতি এবং লৌকিক ব্যবহারের মূল হইয়াছে। ক্রাইষ্ট জন্মিবার ২১৩ বৎসর পূর্ব্বে টারটার জাতিরদিগের আক্রমণ নিবারণার্থে তাঁহারদিগের বৃহৎ প্রাচীর নির্ম্মিত হইয়াছিল।

৪৮০ পরে ১৬৪০ শকে মাঞ্চিউনামক টার্‌টারি দেশের পূর্ব্ব খণ্ডস্থ লোকেরদিগের সহিত যুদ্ধ সময়ে কোন এক উপপ্লবীব্যক্তি সম্রাটকে সিংহাসনচ্যুত করিয়াছিল ইহাতে চাইনাদেশীয় সেনাপতি টার্‌টারদিগের রাজা সন্‌-গেটের সহিত সন্ধি করিয়া ঐ উপপ্লবকারির দণ্ড করণে সাহায্য করিবার নিমিত্ত তাহাকে আহ্বান করিয়াছিলেন কিন্তু সন্‌-গেট্ রাজা চাইনা রাজ্য আপনি অধিকার করিয়া লইলেন এবং তদবধি ঐ রাজ্য তাঁহার সন্তানেরদিগেরই আছে।

৪৮১ চাইনাদেশের গত রাজা কাইয়েন-লাং যিনি অমায়িক এবং বিজ্ঞ ছিলেন তিনি ৬৩ বৎসর রাজত্ব করত ১৭৯৯ শকে পঞ্চত্বপ্রাপ্ত হইলেন অপর বর্ত্তমান রাজা কা—হিং তাঁহার পদ প্রাপ্ত হইলেন ইনি নির্ব্বিরোধী হইয়া রাজত্ব করিতেছেন এবং লোভপ্রযুক্ত কিম্বা অন্যের বিষয়ে সংস্পৃহ করিয়া নিকটস্থ রাজগণকে উত্ত্যক্ত করেন না।

৪৮২ চাইনাদেশীয়েরা ভিন্ন দেশ জয় করণা-

স্বয়ে কদাচ যুদ্ধ করেন না ও অন্য২ রাজারদিগের নিকটে আপনারদিগের দূত রাখেন না এবং ভিন্ন জাতীয়েরদিগের রাজনীতি আপনারদিগের রাজনীতির সহিত মিশ্রিত করেন না এইপ্রযুক্ত প্রতিবাসিরদিগের সহিত তাঁহারদিগের কদাচ যুদ্ধ হয় না এবং তাঁহারদিগের স্বকীয় রাজনীতি ও ধর্ম্ম ও ব্যবহারাদি তাঁহারা অবৈলক্ষণ্যরূপে রক্ষা করিতেছেন ।

৫৮৩ যে উত্তমোত্তম উপদ্বীপকে জাপান রাজ্য বলা যায় তাহা চাইনার নিকটস্থ সমুদ্রের মধ্যে আছে এই রাজ্য চাইনার তুল্য প্রাচীন এবং তত্রস্থ লোকেরাও গর্ব্ব করিয়া কহিয়া থাকে যে মোশিসকর্তৃক নিরূপিত সৃষ্টির আদিকালের বহু সহস্র বৎসর পূর্ব্বাবধি তাহারদিগের দেশে ক্রমবর্ত্তি অনেক রাজারা রাজত্ব করিয়াছেন ।

৫৮৪ পৃথিবীর পূর্ব্বখণ্ডস্থ অনেক জাতিরাই ঐরূপ আপনারদিগের বংশ অতিপ্রাচীন বলিয়া গর্ব্ব করে কিন্তু তাহারদিগের ইতিহাস ইউ-

রোপীয় জাতিরা প্রামাণ্য করেন না যেহেতুক হিব্রু এবং গ্রীকেরদিগেরহইতে প্রাপ্ত পূর্ব্বকালীন ইতিহাস যাহাতে কহে যে খ্রীষ্ট জন্মিবার ১২০০ কিম্বা ১৫০০ বৎসর পূর্ব্বে লোকেরদিগের সমাজ হইতে আরম্ভ হয় তাহাই ইউরোপীয় জাতিরা অতিপ্রাচীন বলিয়া মান্য করেন ।

আমেরিকা অথবা কলম্বিয়ানামক মহাদ্বীপের ·

---

৪৮৫ খ্রিষ্টিয়ান ১৪৯২ শকের পূর্ব্বে ইউরোপ ও আশিয়া এবং আফ্রিকার লোকেরা পৃথিবীর এই মহাদ্বীপ অজ্ঞাত ছিলেন ঐ শকে কলম্বস নামে এক ব্যক্তি স্পেনদেশহইতে ঐ পথ দিয়া ইণ্ডিয়ায় যাইবার মানসে ডিঙ্গা আরোহণ করিয়া গমন করত আমেরিকা প্রকাশ করিলেন ।

৪৮৬ অপর তিনি প্রথমে বাহামানামক উপদ্বীপ সকলে উত্তীর্ণ হইয়া পরে তথাহইতে দক্ষিণ

সংশে গমন হইয়া কিস্পানিওলানামক উপদ্বীপে গমন করিলেন দ্বিতীয় যাত্রায় তিনি কিউবা ও জামেকা নামক উপদ্বীপ প্রকাশ করিয়াছিলেন তৃতীয়বারে ট্রিনিডাড্‌নামক উপদ্বীপ ও অরুনোকানামক নদী প্রকাশ করিয়াছিলেন ।

৪৮৭ এই সকল নানাস্থান প্রকাশ করণদ্বারা তিনি অতিশয় যশঃপ্রাপ্ত হওয়াতে ইউরোপের সকল জাতীয় লোকেরাই তৎকর্মে প্রবৃত্ত হইল তাহারদিগের মধ্যে ফ্লোরেন্স নগরস্থ আমেরিকস্ বেস্পিউশিয়স্‌নামক এক ব্যক্তি এই নূতন প্রকাশিত মহাদ্বীপকে আপন নামদ্বারা প্রসিদ্ধ করিয়াছিলেন ইহার কিছুকাল পরেই কাবটনামক ইংগ্লণ্ডীয় এক ব্যক্তি উত্তর আমেরিকার সমুদ্র তট প্রকাশ করিলেন ।

৪৮৮ অপর স্পেনদেশীয়েরা অত্যন্ত ধনলোভ সংযুক্ত আপনারদিগের সৈন্যাধ্যক্ষ কোরটেজ্ ও পিজারো ও আলমাগ্রোর আজ্ঞানুবর্ত্তী হইয়া কিউবা ও হিস্পানিওলা ও মেক্সিকো এবং পিরু

শ

দেশে অতিশয় নিষ্ঠুর ব্যবহার ও অনেক প্রাণ হত্যা করত ঐ সকল দেশ উচ্ছিন্ন করিয়া তথায় আপনারদিগের অধিকার সংস্থাপন করিল।

১৫১৯ শকে মেক্সিকোদেশে এক ইণ্ডিয়ান্ মহারাজা দর্শন করিয়া কোর্টেজ তথাকার মহারাজ মণ্টেজুমা যিনি পুজারিদিগের কর্তা ও পিতা স্বরূপ ছিলেন তিনি আপন ধন কোথায় লুকাইয়া রাখিয়াছিলেন তাহা প্রকাশ না করাতে তাঁহাকে দগ্ধ করিয়া বধ করিয়াছিল এবং তাঁহার বহু লক্ষ পুজারিদিগকে আগ্নেয়াস্ত্র অর্থাৎ বন্দুকাদি দ্বারা বিনাশ করিয়াছিল ঐ বজ্রকে সেই অজ্ঞানি লোকেরা দেবাস্ত্র জ্ঞান করিত।

১৫৩০ ঐরূপ পিজারো পিরুদেশে এক রাজ্য দেখিয়াছিলেন যাহা মাঙ্কোকাপাকদ্বারা তিন শত বৎসর পূর্ব্বে সংস্থাপিত হইয়াছিল তথাকার লোকেরা সভ্য ছিল এবং আপনারদিগের রাজা কর্ত্তৃক সুন্দর ন্যায় পালিত হইত। এই দেশের রাজা আটিবালিপাকে মোচন করণার্থে পিজারো

তাহাতে সম্মত হইয়া পোর্টুগীরা ১৮০৭ শকের নোবেম্বরমাসে ব্রেজিল্ দেশে আপনারদিগের রাজ্য স্থাপন করিল।

৪৯৩ অপর যখন স্পানিয়ার্ডেরা ও পোর্টুগীয়ো দক্ষিণ আমেরিকা জয় করিয়া তথায় বসতি করিতে আরম্ভ করিল তখন ইংগ্লণ্ডীয়েরাও উত্তর আমেরিকার সমুদ্রতটে বসতি করিতে লাগিল এবং সপ্তদশ শত শকের মধ্যেই নোবাস্কোশিয়া অবধি চার্লস্টৌন্ পর্য্যন্ত তাবৎ সমুদ্র তটই আপনারদিগের অধিকারস্থ করিয়াছিল। তাহার মধ্যে নূতন ইংগ্লণ্ড ও নূতন ইয়ার্ক ও বর্জিনিয়া ও নূতন জর্সী ও পেন্‌সিলবেনিয়া ও কারোলিনাস্ প্রভৃতি স্বতন্ত্রং প্রদেশ ও অধিকার করেন।

৪৯৪ পরে এই সকল নূতন স্থাপিত প্রদেশ যে স্থানহইতে বসতি হইয়াছিল তথাকার লোকেরা তাহারদিগকে বহুমূল্য ও ইষ্টবোধ করিয়াছিল পরে ১৭৬৫ শকে ব্রিটিশপার্লিমেণ্টনামক

রাজকীয় সভা যাহাতে তত্তৎ দেশীয়েরদিগের প্রতিনিধি ছিল না তাহার আজ্ঞানুসারে তাহার-দিগের স্থানে কর লইবার প্রস্তাব হইবাতে তাহারা তদ্বিষয় নিবারণকরণার্থে ঐ সভাস্থেরদের নিকটে প্রার্থনা করিয়াছিল পরে ভয় প্রদর্শন করিতে লাগিল তদনন্তর বিরোধ উপস্থিত করিলেক এবং অবশেষে ১৭৭৫ শকে স্পষ্ট হইয়া যুদ্ধে প্রবৃত্ত হইল।

৪৯৫ পরে ঐ নূতন বসতিকারি প্রজারদিগের ও ব্রিটেনেরদিগের মধ্যে অধিক সাত বৎসর পর্যন্ত ঘোরতর সংগ্রাম হইয়াছিল পরে তাহারদিগের উপর ব্রিটেনেরদিগের প্রভুত্ব পুনর্বার সংস্থাপন করা অসাধ্য হওয়াতে তাহারদের স্বাধীনত্ব স্বাতন্ত্র্য হইয়া ঐ সকল প্রদেশ ইউনাইটেড্‌ষ্টেটস্‌ আব্‌নার্থ আমেরিকা নামে প্রসিদ্ধ হইল অর্থাৎ আমেরিকার উত্তর খণ্ডস্থ তত্তৎ প্রদেশ একত্র একরাজ্য হইল।

৪৯৬ অপর ঐ যুদ্ধের সময়ে ঐ সকল প্র-দেশস্থ লোকেরদিগের প্রতিনিধিরা একত্র ঐ দি-

নিত রাজ্য শাসন করিত কিন্তু বৃটিনেরদিগের সহিত সন্ধি হইবার পর অবধি প্রজাপ্রভুত্ব রাজ্য সংস্থাপন হইল জার্জ ওয়াশিংটন্ যিনি ঐ পূর্ব্বোক্ত যুদ্ধকালীন আমেরিকাস্থ সৈন্যাধ্যক্ষ ছিলেন তিনি প্রথমে ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যের প্রধান অধ্যক্ষ হইয়াছিলেন ।

৪৯৭ তদনন্তর ওয়াশিংটনের পর জেফরসন্ ও আডেম্স্ ও মাডিসন্ এবং মনরো ক্রমে তৎ পদাভিষিক্ত হইয়াছেন গত ত্রিংশৎ বৎসরের মধ্যে এই প্রজাপ্রভুত্ব রাজ্যের সম্পত্তি তিনগুণ অধিক হইয়াছে এবং তত্রস্থ লোকেরা পৃথিবীর তাবৎ দেশেই বাণিজ্য করিতে আরম্ভ করিয়াছে ।

৪৯৮ অপর ১৮১২ শকে ইউরোপীয় রাজগণেরদিগের পরস্পর যুদ্ধসময়ে বৃটিনেরদিগের সহিত ঐ প্রজাপ্রভুত্ব রাজ্যস্থেরদিগের পুনর্ব্বার যুদ্ধ আরম্ভ হইয়াছিল তাহার কারণ এই যে বৃটিনেরা তাহারদিগের ডিঙ্গা সকল অনুসন্ধান করিতে চাহিবাতে এবং ডিঙ্গাস্থ লোকেরদিগকে

আবশ্যক মতে যুদ্ধকরণার্থে বলক্রমে লইয়া যাইতে চাহিবাতে আমেরিকানেরা অতিশয় কোপযুক্ত হইয়া যুদ্ধারম্ভ করিল এই উপলক্ষে ওয়াশিংটন ও অন্যান্য আমেরিকান লোকেরা হত হইয়াছিল বটে কিন্তু আমেরিকানেরা তাহাতে বারম্বার জয়ী হইয়াছিল পরে সেই বিষয়ের নিমিত্ত যুদ্ধ উপস্থিত হইয়াছিল তাহা নিবৃত্তি না হইয়াও ১৮১৫ শাকে পুনর্ব্বার সন্ধি হইয়াছিল।

[illegible] ২. ঘটনাসম্বন্ধীয় কালের সংক্ষেপবিবরণ।

খ্রীষ্টের জন্মশাকের পূর্ব্বে।

৪০০৪ পৃথিবীর সৃষ্টি ও আদোম ও ইবের জন্ম হয়।

৪০০২ স্ত্রীলোকের গর্ভে পুত্রোৎপন্ন যে কেন তাঁহার জন্ম হয়।

২৩৪৮ সর্ব্বসাধারণ জলপ্লাবন হয় এবং নোহ ও তাঁহার পরিবারেরা কিস্তী আরোহণপূর্ব্বক রক্ষা পান।

২২৪৭ বেবল্ দেশ নির্ম্মাণ তদনন্তর মনুষ্যের নানাদেশে বাস হয় ।

১৫৫৬ সিক্রাপস্কর্ত্তৃক আথেন্স রাজ্য সংস্থাপন হয় ।

১৩৫৯ আর্গোনাট্ জাতীয়েরা কোল্কিস্‌নামক স্থানে যুদ্ধার্থে গমন করে ।

১২৫৩ অনুমান হয় যে ডাইডো কার্থেজ রাজ্য সংস্থাপন করেন ।

১২০৯ ট্রোয় দেশ পরহস্তগত হইয়া ধ্বংস হয় ।

১০২৫ স্বদেশের উপকারার্থে অথেন্স দেশের শেষ রাজা কোডরস্ আত্ম প্রাণ দেন ।

৮৮৫ লাইকরগস্ আপন প্রসিদ্ধ রাজকীয় ব্যবস্থা প্রকাশ করেন ।

৭৭১ রুম্ রাজ্য সংস্থাপনকর্ত্তা রমিউলস এবং রিমসের জন্ম হয় ।

৭৫৩ রুম রাজ্য সংস্থাপন হয় ।

৭১৬ রমিউলসের মৃত্যু হয় ।

৬৭০ হোরেশিয়াই ও কিউরিএশিয়াইয়েদ-
দিগের যুদ্ধ হয়।

৬২৪ আথেন্স দেশে ড্রেকোকর্ত্তৃক উৎকট রাজ-
কীয় নিয়ম প্রকাশ হয়।

৬০২ অশাইরিয়া রাজ্যের রাজধানী নাইনি-
ভানামক নগর বিনাশ হয়।

৫৯৪ আথিনিয়ান জাতিরদিগকে সোলন্ স-
দ্ব্যবস্থা দেন।

৫৩৮ বাবিলনদেশ সাইরস্ রাজার হস্তগত
হয়।

৫০৯ টার্‌কুইন্ রুমনগরহইতে বহিষ্কৃত হয়েন
ও ঐকাধিপত্য রাজশাসনের লোপ হয়।

৪৯০ মারাথন্‌নামক স্থানে যুদ্ধ হয় এবং ঐ
যুদ্ধে মিল্‌টাইয়াডিস্ পর্শিয়ান্ জাতির-
দিগকে পরাভূত করেন।

৪৭৯ প্লাটিয়ানামক স্থানের নিকটে পার্শিয়ান্-
জাতির সেনাপতি মার্ডোনিয়সের পরা-
ভব ও বিনাশ হয়।

৪৬৫ জরাক্সেসের বিনাশ হয়।

৪৪৬ পেরিক্লিজ্‌ আথেন্সদেশের রাজকীয় ব্যাপারের পুনর্ব্বার সুধারা করেন।

৪৩১ পিলোপনিসস্‌ দেশে যুদ্ধ আরম্ভ হইয়া সপ্তবিংশতিবৎসর পর্য্যন্ত ক্রমাগত হয়।

৪২৬ আথেন্স নগরে মারীভয় হয়।

৪১৫ আথিনিয়ানেরা সাইরাকিউস্‌নামক নগর বেষ্টন করে।

৪০৪ লাইসাণ্ডর্‌ আথেন্স রাজ্য হস্তগত করিয়া তথাকার বাণিজ্যের ঘাট নষ্ট করেন।

৪০১ জিনোফনের কর্ত্তৃত্বাধীন হইয়া দশসহস্র গ্রীকেরা আশ্চর্য্যরূপে প্রস্থান করেন।

৪০০ দেবতারেদিগকে অমান্য করণহেতুক দোষী হইয়া সক্রেটিস্‌নামক মহাপণ্ডিতের মৃত্যু হয়।

৩৩১ শ্রেষ্ঠোপাধিবিশিষ্ট আলেকসাণ্ডর্‌ রাজা পার্শিয়ান্‌ ও অন্যান্য জাতিরদিগকে পরাভূত করেন।

৩২৪ বাবিলন্ দেশে আলেকজাণ্ডর্ রাজার মৃত্যু হয়।

২৬৪ পিউনিকনামক প্রথম সংগ্রাম অর্থাৎ কার্থেজদেশস্থেরদিগের সহিত রোমানেরদিগের যুদ্ধ আরম্ভ হইয়া চতুর্বিংশতি বৎসর পর্য্যন্ত ক্রমাগত হয়।

২৬১ রোমানেরা কতকগুলিন ডিঙ্গা যুদ্ধ সজ্জায় প্রস্তুত করেন।

২৫০ রোমানেরা জলযুদ্ধে কার্থেজ দেশস্থের-দিগের প্রথম পরাজয় করিয়া জয়ী হয়েন।

২৩৭ হামিলকারনামক কার্থেজদেশস্থ সেনা-পতি আপন পুত্র হানিবালকে রোমা-নেরদিগের প্রতি চিরকাল শত্রুতাচরণ করিতে শপথ করান।

২১১ দ্বিতীয় পিউনিকনামক সংগ্রাম আরম্ভ হইয়া সপ্তদশবৎসর পর্য্যন্ত ক্রমিক হয়।

১৯০ আশিয়ানামক মহাদ্বীপে রোমানের-দিগের সৈন্যের প্রথমাগমন হয়।

১৬৮ রোমানেরদিগেরকর্ত্তৃক পর্শিয়স রাজার পরাভব হওয়াতে মাকিডোনিয়াণ রাজ্য ধ্বংস হয়।

১৪৯ তৃতীয় পিউনিকনামক যুদ্ধ হয়।

১৪৬ কমন্‌রাজ্যের প্রাতিযোগি কার্থেজ্ নগর রোমানেরদিগেরকর্ত্তৃক সমভূমি হয়।

১৩৫ প্রাচীন টেষ্টমেণ্ট অর্থাৎ ধর্ম্মপুস্তকের ইতিহাসসূচক খণ্ড ও মাকাবিস্‌নামক খণ্ডের বিবরণ এই শকে সমাপ্ত হয়।

৮৮ পাণ্টস দেশের মিথ্রিডেটিস্‌নামক রাজার সহিত রোমানেরা যুদ্ধারম্ভ করেন।

৫৫ ব্রিটেন্‌নামক উপদ্বীপে সিসার্ নামে ভূপতি যুদ্ধার্থে গমন করেন।

৪৮ মাসিডন দেশান্তর্গত ফার্সেলিয়ানামক স্থানে পম্পির সহিত সিসারের যুদ্ধ হয়।

৪২ ফিলিপিনামক স্থানের নিকটে ব্রুটস্ ও কাশিয়সের পরাভব হয়।

৩৬ পম্পি আগস্টসকর্তৃক জলযুদ্ধে পরাজিত হয়েন।

৩১ আক্টিয়মের যুদ্ধে আগস্টস্ সম্যক অধি-কারের স্বামী হয়েন।

৮ [illegible] মাসের প্রথমাকে আগস্টস রাজা আপন নাম দেন অর্থাৎ ঐ মাসের নাম আগষ্ট রাখেন।

১ আগস্টস জেনস্নামক দেবতার মন্দির দ্বার বন্ধ করেন এবং অনুমান হয় এ শকে জিজস্ ক্রাইষ্টের জন্ম হয়।

ক্রাইষ্টের জন্ম শকের পর।

১২ জিজস্ ক্রাইষ্ট মন্দিরস্থ পণ্ডিতেরদিগের বাক্য শ্রবণ করিয়া তাঁহারদিগকে প্রশ্ন করেন।

১৪ আগস্টসের মৃত্যুর পর টাইবিরিয়স্ রাজা হয়েন।

৩৩ জিজস্ ক্রাইষ্টের মৃত্যু ও তাঁহার পুনর্জীবন ও স্বর্গারোহণ হয়।

৪৩ ক্লাডিঅস্ ব্রিটেন্ দেশে যুদ্ধার্থে গমন করিয়া জয়ী হয়েন।

৬১ ব্রিটেন্ দেশে রোমানেরদিগের পরাভব হয়।

৬৮ নিরো রাজা আত্মঘাতী হইয়া প্রাণ পরিত্যাগ করেন।

৭০ টাইটসকর্তৃক জিরুসালেম্ নগরের বেষ্টন ও বিনাশ হয়।

৭৮ রুম্ নগরে মারীভয় হওয়াতে এক দিবসের মধ্যে দশ সহস্র লোকের মৃত্যু হয়।

৯৮ নর্বা রাজার মৃত্যু হয় ও ট্রেজান্ রাজ সিংহাসনারোহণ করেন।

১২১ গ্রেটব্রিটেন্ দেশে আড্রিয়ানের প্রাচীর নির্ম্মাণ হয়।

১৬১ মারকস্ আরিলিয়স্ আন্টোনিয়স্ ও লিউসিয়স্ বিরস এই দুই সম্রাট হয়েন।

১৮০ কমোডস সম্রাট হয়েন।

১৯৩ পর্টিনাকস্ রাজা হয়েন এবং ডাইডিয়স্ জুলিয়ানস্ রাজ্যক্রয় করেন।

২০৮ সবেরস্ আপন দুই পুত্র কারাকালা ও জিটার সহিত ব্রিটেন্ দেশে আগমন করেন।

২০৯ কালিডোনিয়ান্ জাতিরা পরাভূত হয়েন এবং ফোর্থ ও ক্লাইড্ নদীর মধ্যে এক প্রাচীর নির্ম্মাণ হয়।

২১২ [illegible]েরা পথযাত্রীয়েরদিগকে কর দেন।

২৩৫ মাক্সিমিনস্ আলেক্জণ্ডর্ সিবিরসকে বধ করিয়া সম্রাট্ হয়েন।

২৬১ গথ ও হিরিউলাই জাতীয়ের ৩২০০০০ লোককে কাডিয়স্ রাজা পরাভূত করেন।

২৯২ দুই রাজা ও দুই যুবরাজের মধ্যে রাজ্য বিভাগ হয়।

৩০৬ কান্ষ্টান্টাইন্ রাজা ক্রিষ্টিয়ানেরদিগের উপর দৌরাত্ম্য করা নিবারণ করেন।

৩৩১ কান্ষ্টান্টাইন্ রাজার তিন পুত্রের মধ্যে রাজ্য বিভাগ হয়।

৩৬১ জুলিয়ান্ রাজা ক্রিষ্টিয়ান্ ধর্ম্মত্যাগ করাতে দেবতারদিগের পণ্টিফেক্স মাক্সিমস্

অর্থাৎ প্রধানযাজকরূপে বিখ্যাত হয়েন।

৩৭৮ গথ জাতিরা যুদ্ধার্থে কান্ষ্টাণ্টিনোপল্‌-নগরের দ্বার পর্য্যন্ত আইসে।

৩৮৩ হূনেরা মিসোপোটেমিয়া দেশ উৎসন্ন করে এবং গথেরদিগের কর্ত্তৃক তাহারা পরাভূত হয়।

৩৯৫ হূনেরা পূর্ব্বদিকস্থ দেশ আক্রমণ করে।

৪০০ আলারিক্‌ নামে গথ্‌ জাতীয় রাজা ইটালি রাজ্যস্থ দ্রব্যাদি হরণ করেন।

৪১০ আলারিক রাজা রুমদেশস্থ দ্রব্যাদি অপহরণ করত ঐ নগর দগ্ধ করেন।

৪২৬ রোমানেরা ব্রিটেন্‌ দেশহইতে আপন সৈন্য উঠাইয়া লইয়া যান।

৪৫০ ঈশ্বরের ক্রোধ নামে খ্যাত যে আটিলা তিনি জর্মনি ও ফ্রান্সদেশের দ্রব্যাদি অপহরণ করেন।

৪৫৫ জেন্‌সিরিক্‌ নামে বাণ্ডালেরদের রাজা রুম্‌ নগর জয় করত তত্রস্থ দ্রব্যাদি হরণ করেন।

৪৬৬ ইউরিক্ নামে বিসিগথ্ জাতীয়ের রাজা রোমানেরদিগকে স্পেন্ দেশহইতে বহিষ্কৃত করিয়া দেন।

৪৭৬ ওডোয়াসর নামে হিরিউলাই জাতীয়ের রাজা রুম রাজ্য জয় করেন এবং পশ্চিম রাজ্য ধ্বংস হয়।

৪৮৮ থিওডোরিক্ নামে আষ্ট্রোগথ্ জাতীয়ের ভূপতি ওডোয়াসর্কে পরাজিত করেন এবং জিনোনামক নৃপতি তাঁহাকে ইটালি দেশের রাজা বলিয়া স্বীকার করেন।

৫২৯ বিলিসেরিয়স নামক জষ্টিনিয়ান রাজার সেনাপতি পার্সিয়ান্ জাতিরদিগকে পরাজিত করেন।

৫৩৪ আফ্রিকানামক মহাদ্বীপে বিলিসেরিয়স্ জিলিমর্কে এবং বাণ্ডালেরদিগকে পরাভূত করেন।

৫৩৭ বিলিসেরিয়স্ ইটালিদেশে আষ্ট্রোগথের-দিগকে পরাজয় করিয়া রুমরাজ্য জয় করেন।

৫৪০ বিলিসেরিয়স ইটালিদেশের রাজা হইতে অঙ্গীকৃত হয়েন।

৫৪৩ টোটিলা নামে গথ্‌জাতীয়ের রাজা রোমানেরদিগের হস্তহইতে ইটালিদেশ উদ্ধার করেন।

৫৪৯ বিলিসেরিয়স রোম রাজ্য পুনর্জয় করেন কিন্তু তৎপর বৎসর টোটিলা ঐ দেশ পুনঃ স্বায়ত্ত করেন।

৫৬৮ লাম্বার্ড জাতিরা ইটালি রাজ্য জয় করে।

৫৯৭ আগষ্টিন্ নামে যোগী ঈঙ্গলণ্ড লোকদিগকে খ্রিষ্টিয়ান ধর্ম্মাবলম্বি করেন।

৬০২ ফোকাস্‌নামক সম্রাট্ রোম দেশীয় মহান্ ধর্ম্মাধ্যক্ষেরদিগের প্রাধান্য স্বীকার করেন।

৬৩২ মহম্মদের মৃত্যু হয় এবং আবুবকর তাঁহার উত্তরাধিকারী হইয়া সারাসেন জাতীয়ের রাজা হয়েন।

৬৩৬ ওমার এবং সারাসেনেরা শ্রিকসান্দ্রিয়া নগর জয় করেন।

৬৪০ যেহ বিষয় জানা আবশ্যক সে সকলি কোরানে অর্থাৎ মহম্মদীয় ধর্ম্ম পুস্তকে আছে ইহা অনুমান করিয়া সারাসেনেরা আলেক্সাণ্ড্রিয়ানামক নগরে টলেমি ফিলে– ডেল্‌ফিয়স রাজা যে পুস্তকালয় স্থাপন করিয়াছিলেন তাহা অনাবশ্যক বোধ করিয়া দগ্ধ করে।

৬৭৩ সারাসেনেরা স্পেনদেশে প্রবেশ করিবার চেষ্টা করাতে বিশিগথেরা তাহারদিগকে পরাঙ্মুখ করিয়া দেয়।

৬৮৫ স্যাক্সন জাতিরা ব্রিটনেরদিগকে সম্যক্‌ প্রকারে পরাজয় করাতে তাঁহারা ওএল্স্ নামক স্থানে প্রস্থান করেন।

৬৯০ রাজবাটীর অধ্যক্ষ যে পেপিন ছিলেন্ তিনি ফ্রান্স দেশে প্রধান পরাক্রমশালী হয়েন।

৭১৩ কালিফ ওয়ালিদের সেনাপতি মিউজার কর্তৃত্বাধীন হইয়া সারাসেনেরা স্পেনদেশ জয় করে।

৭৫১ কার্লোবিঞ্জিয়ান্ কুলপতি ব্রেফ্ অর্থাৎ খর্ব্বোপাধিবিশিষ্ট পেপিন্নামক ফ্রান্সদেশীয় রাজার জন্ম হয়।

৭৭২ চার্ল যাঁহার নামান্তর শারল্মেন্ ছিল তাঁহার ফ্রান্স রাজ্যে ঐকাধিপত্য হয়।

৭৭৩ শারল্মেন্ রাজা ডিসিডেরিকে পরাজয় করিয়া লম্বার্ড জাতীয়ের রাজ্য ধ্বংস করেন।

৭৭৮ শারল্মেন্ রাজা নাবের্ ও স্পানিয়াগণকে স্থান পরাস্ত করেন।

৭৮৫ শারল্মেন্ রাজা স্যাক্সনেরদিগকে সম্যক্ প্রকারে পরাভূত করেন।

৭৯৪ শারল্মেন্ হনেরদিগকে পরাজয় করিয়া ঐ জাতিরদিগকে উচ্ছিন্ন করেন।

৮০০ শারল্মেন্ রূম্ নগরে সম্রাট পদাভিষিক্ত হয়েন।

৮৪২ ফ্রাঙ্কেরদিগের রাজ্যহইতে জর্মানিদেশ স্বতন্ত্র হওয়াতে বাবেরিয়াদেশীয় লুইস্

তাহার সম্রাট হয়েন।

৮৬৭ ডেন জাতিরা ইংলণ্ডে রাজ্য উচ্ছিন্ন করিতে আরম্ভ করে।

৮৮২ শ্রেষ্ঠোপাধিবিশিষ্ট আল্‌ফ্রেড রাজা রাজকীয় ব্যবস্থা রচনা করেন এবং ইংলণ্ড রাজ্য এই কএক প্রকারে বিভাগ করেন যথা শৈরৌ অর্থাৎ প্রদেশ ও হণ্ড্রেড অর্থাৎ শত ঘর গৃহস্থ এবং টাইদিং অর্থাৎ দশ ঘর গৃহস্থ।

৯১২ তৃতীয় লুইসের মৃত্যু হওয়াতে কার্লো-বিঞ্জিয়ান রাজবংশলোপ হয়।

৯৮৭ ফ্রান্সদেশীয় তৃতীয় রাজকুলের পতি হিউকাপট্ রাজা হয়েন।

১০০২ এথেল্‌রেড্‌নামক ইংলণ্ডীয় রাজা অনেক ডেনেরদিগকে বধ করেন তাহাতে কেবল ত্রিংশৎজন ডেন্ পলায়ন করত রক্ষা পান।

১০৪১ কান্ফেসর্ উপাধিবিশিষ্ট এডুওয়ার্ড রাজা

আর রাজ্যপ্রাপ্ত হওয়াতে স্যাক্সন্ জা-
ত্যুৎপন্ন রাজারদিগের ইংলণ্ড দেশে রাজ-
ত্বের পুনঃসংস্থাপন হয়।

১০৫৫ টর্কজাতিরা বাগ্দাদ্ নগর জয় করিয়া
কালিফ উপাধেয় তদ্দেশস্থ রাজারদি-
গের রাজত্ব লোপ করে।

১০৬৬ উইলিয়ামনোর্মন্ক নামক ফ্রান্সদেশের অধিপতি
ইংলণ্ড রাজ্য জয় করেন।

১০৯৫ পিটর্নামক যোগী ইউরোপীয় নানা
দেশ ভ্রমণ করত তীর্থস্থান অর্থাৎ জিরু-
সালেম্ নগরোদ্ধারার্থ প্রথম যুদ্ধ উপ-
স্থিত করান।

১০৯৯ বোইলনদেশীয় গাড্ফ্রে জিরুসালেম্
নগর জয় করেন।

১১১৮ নাইটস্ টেম্প্লার্স সংজ্ঞক কুলীনেরদিগের
শ্রেণীর সংস্থাপন হয়।

১১৩৯ আল্ফান্সোনামক পোর্টুগাল্ রাজ্যের
প্রথমাধিপতি সারাসেন্ জাতিরদের

সেন্ জাতীয় রাজা সালাদিনকে পরাভূত করেন।

১২০২ বিনিস দেশস্থেরা জিরুসালেমনামক তীর্থস্থান উদ্ধারার্থ চতুর্থ সংগ্রামে প্রবৃত্ত হয়েন এবং টর্ক ও বিনিশিয়ান জাতিরা কান্ষ্টান্টিনোপাল নগর জয় করে।

১২২৭ জাঙ্গিস্খাঁর কর্তৃত্বাধীন হইয়া টারটার জাতিরা সারাসেনেরদিগের রাজ্য উচ্ছিন্ন করে।

১২৪৮ নবম লুইস রাজা জিরুসালেম নগর উদ্ধারার্থ পঞ্চম সমরে উদ্যত হয়েন।

১২৫৮ টারটারজাতিরদিগের কর্তৃক বাগদাদ নগর জয় হওয়াতে সারাসেনেরদিগের রাজ্যধ্বংস হয়।

১২৬০ গ্রীকেরা কান্ষ্টান্টিনোপল্ নগর পুনঃ স্বায়ত্ত করে।

১২৮৩ প্রথম এডওয়ার্ড রাজা ওএল্স রাজ্য জয় করেন।

১৩৯৫ প্রথম বাজাজেট্ রাজা হঙ্গারিদেশীয় ভূপতি নিজিস্মণ্ডকে পরাভূত করেন।

১৪০২ আঙ্গোরিয়ান নামক স্থানের যুদ্ধে তাই-মরলেন্ বাজাজেট্ রাজাকে বন্দি করেন। ঐ সংগ্রামে দশ লক্ষ লোক যুদ্ধ করে এবং তিন লক্ষ লোক বিনাশ হয়।

১৪১৫ আজিনকোর্টনামক স্থানে পঞ্চম হেনরি ফ্রেঞ্চেরদিগকে পরাজয় করেন এবং জান্হস্নামক এক ব্যক্তি নাস্তিক হওন অপরাধে দোষী হইয়া দগ্ধ হয়।

১৪৫৩ টর্কজাতিরা কান্ষ্টাণ্টিনোপল্ নগরা-ধিকার করে।

১৪৮৫ অনেক লোক ক্ষয়কর আত্মবিরোধা-নন্তর ইয়াক ও লাঙ্কাষ্টর্ বংশীয়ের-দিগের সংমিলন হয়।

১৪৯২ কৃষ্টফর্ কোলম্বস্নামক এক ব্যক্তি হিস্পা-নিওলা ও কিউবা ঐ দুই উপদ্বীপ প্রকাশ করেন।

১৪৯৭ বাস্কোডিগামার কর্তৃত্বাধীন হইয়া পোর্-
টিউগিজ জাতিরা গুড্‌হোপনামক অন্তরীপ্
পরিবেষ্টন করিয়া পূর্ব্ব ইণ্ডিয়ায় আগমন
করে।

১৪৯৯ সিবাষ্টিয়ান্ ক্যাবট্‌নামক এক ব্যক্তি
উত্তর আমেরিকা প্রকাশ করেন।

১৫০০ মাক্সিমিলিয়ান্‌নামক সম্রাট জর্ম্মনি দেশকে
নানা সর্কেলে অর্থাৎ নানাপ্রদেশে বিভক্ত
করেন।

১৫১৭ লিউথর্‌সংজ্ঞক এক ব্যক্তি জর্ম্মনিদেশে
সদ্ধর্ম্ম সংস্থাপনারম্ভ করেন।

১৫২২ মাগেলনের ডিঙ্গাসমূহের মধ্যে এক
ডিঙ্গা প্রথমে পৃথিবী পরিবেষ্টন করে।

১৫৩৪ ইংলণ্ড দেশে সদ্ধর্ম্ম সংস্থাপন হয়।

১৫৭২ বার্থোলোমিউনামক সিদ্ধপুরুষের উৎ-
সবের দিবস রাত্রিযোগে পারিসনগরস্থ
অনেক কথীয় মহাধর্ম্মাধ্যক্ষের বিরুদ্ধ
মতাবলম্বিরদিগের বিনাশ হয়।

১৫৮৮ স্পানিশ আর্মেডা অর্থাৎ স্পেন্‌দেশীয় ডিঙ্গানসমূহের বিনাশ হয়।

১৬০৩ ইংগ্লণ্ড ও স্কাটলণ্ড রাজ্যের সংমিলন হয়।

১৬২৫ পশ্চিম ইণ্ডিয়ার ইংগ্লণ্ডীয় লোকের-দিগের প্রথম বসতি হয়।

১৬৪৯ ইংগ্লণ্ড রাজ্যে সাধারণ কর্ত্তৃত্ব রাজ-শাসনের সংস্থাপন হয়।

১৬৬০ ইংগ্লণ্ডদেশে একাধিপত্য রাজশাসনের পুনঃ সংস্থাপন হয়।

১৬৮৮ ব্রিটেন্ রাজ্যে উপদ্রব হয়।

১৬৯০ বোয়েন্‌নামক স্থানের যুদ্ধ হয়।

১৭০৪ মারল্‌বরো প্রদেশাধিপতি অন্যান্য মি-লিত রাজগণের সহিত একত্র ব্লেন্‌হেম্ নামক স্থানের যুদ্ধে জয়ী হয়েন।

১৭০৯ মালপ্লাকেট্‌নামক স্থানের সংগ্রাম হয়।

১৭১৪ ষ্টুয়ার্ট বংশীয় রাজগণের পর গুএল্ফ বং-শীয়েরা গ্রেট্‌ব্রিটেন্‌নামক রাজ্যে রাজা হয়েন।

১৭৩২ কৌলিখাঁ পর্শিয়া রাজ্যাপহরণ এবং মোগল্ রাজ্য জয় করেন।

১৭৪৩ ডেটিঙ্গেননামক স্থানের যুদ্ধ হয়।

১৭৪৫ ফণ্টেনয়নামক স্থানের সংগ্রাম হয়।

১৭৫৫ লিজবন নগর ভূমিকম্পদ্বারা বিনষ্ট হয়।

১৭৫৯ মিণ্ডেননামক স্থানের যুদ্ধ হয়।

১৭৬৩ পারিস নগরে গ্রেটবৃটেন্ ও ফ্রান্স এবং স্পেন দেশস্থেরদিগের সন্ধি হয়।

১৭৭২ রুশিয়া ও প্রুশিয়া এবং আষ্ট্রিয়া দেশীয় রাজগণেরা পোলাণ্ড রাজ্য আপনারা বিভাগ করিয়া লয়েন।

১৭৮০ আড্মিরল অর্থাৎ জাহাজাধিপতি রোড্নি স্পেন্ দেশস্থ জাহাজসমূহ জয় করত দ্বাবিংশতি জাহাজ হস্তগত করেন।

১৭৮২ রোড্নি ডিগ্রেসের কর্ত্তৃত্বাধীন ফ্রান্স দেশীয় জাহাজসমূহ জয় করেন।

১৭৮৩ গ্রেটব্রিটেন্ ও ফ্রান্স এবং স্পেন্ দেশীয় রাজগণেরদিগের সন্ধি হয়।

১৭৮৯ ফ্রান্স দেশে উপপ্লবারম্ভ হয়।

১৭৯৩ ফ্রান্স দেশীয় রাজার ও রাণীর মস্তক ছেদন হয়।

১৭৯৪ লার্ডউপাধিবিশিষ্ট হো ফ্রান্স দেশীয় ডিঙ্গাসমূহ জয় করেন।

১৭৯৭ ডিঙ্গাধিপতি ডন্কান্ ডচ্ জাতীয়েরদিগের পঞ্চ দশখান ডিঙ্গা হস্তগত ও বিনাশ করেন এবং সেণ্ট বিন্‌সেণ্টনামক অন্তরীপের নিকট ডিঙ্গাধিপতি সর অর্থাৎ মহান উপাধেয় জান্ জরবিস্ স্পেনদেশস্থ প্রবলতর ডিঙ্গাসমূহ সম্যক প্রকারে জয় করেন।

১৭৯৮ নাইল্ নদীর মহনায় ডিঙ্গাধিপতি নেল্সন ফ্রান্স দেশীয় ডিঙ্গাসমূহ সম্যক্প্রকারে পরাজয় করেন।

১৮০০ মারেঙ্গোনামক স্থানে আষ্ট্রিয়ান্ জাতিরদিগের সম্যক প্রকারে পরাজয় হয়।

১৮০১ গ্রেটবৃটেন্ এবং য়াইয়ার্লণ্ড রাজ্যের সং-

মিলন হয়।

১৮০২ লণ্ডন্ নগরে সন্ধির প্রচার হয় এবং নেপোলিয়ান বোনাপার্টি যাবজ্জীবন ফ্রান্স রাজ্যের কানসল্ অর্থাৎ প্রধান রাজ্যাধ্যক্ষ হয়েন।

১৮০৩ মাল্টানামক উপদ্বীপের নিমিত্তে ফ্রেঞ্চজাতীয়েরদিগের সহিত ইংলণ্ডীয়েরদিগরে পুনর্ব্বার সমরারম্ভ হয়।

১৮০৪ রুমীয় মহা২ ধর্ম্মাধ্যক্ষ নেপোলিয়ানকে ফ্রান্স দেশের সাম্রাজ্যাভিষিক্ত করেন এবং আষ্টরলিটজ্নামক স্থানের যুদ্ধ হয়।

১৮০৫ নেপোলিয়ান ইটালিদেশে রাজা হয়েন এবং ডিঙ্গাধিপতি লার্ড উপাধেয় নেল্সন্ট্রাফালগারনামক স্থানের নিকট ফ্রেঞ্চ এবং স্পানিশ্ জাতীয়েরদিগের ডিঙ্গাসমূহ পরাজয় করত বিংশতি ডিঙ্গা হস্তগত ও বিনষ্ট করেন।

১৮০৬ নেপোলিয়ান্ রাজা জর্মনি রাজ্য বিনাশ করেন এবং জেনানামক স্থানে প্রুশিয়ান্ জাতিরা সম্যক প্রকারে পরাভূত হয়।

১৮০৭ টিল্সিট্নামক স্থানে রুশিয়া ও প্রুশিয়া এবং ফ্রান্স দেশীয়েরদিগের সন্ধি হয়।

১৮০৯ নেপোলিয়ান্ রাজা ওয়াগ্রাম্নামকস্থানে আষ্ট্রিয়ান্ জাতিরদিগকে সম্যক্ প্রকারে পরাজয় করেন এবং তদনন্তরে বিয়েনা নগরে আষ্ট্রিয়া এবং ফ্রান্স দেশীয়েরদিগের সন্ধি হয়।

১৮১২ নেপোলিয়ান রাজা মাস্কোনগর জয় করেন এবং রুশিয়ান জাতিরা তৎস্থান দগ্ধ করে পরে ফ্রেঞ্চেরা বিস্তর ক্ষতি স্বীকার করিয়া তথাহইতে প্রস্থান করে।

১৮১৩ লট্জেন্ ও বাট্জেন্ ও ড্রেস্ডেন্ এবং লিপ্সিক্নামক স্থানে ফ্রান্স দেশীয়েরদিগের সহিত রুশিয়ান্ ও আষ্ট্রিয়ান্ ও প্রুশিয়ান্ ও সুইড এবং সাক—

সন্‌জাতিরদিগের সংগ্রাম হয় এবং নে-
পোলিয়ান্ রাজা ফ্রান্স দেশের রাজত্ব
পরিত্যাগ করেন।

১৮১৪ রুশিয়ান্ ও প্রুশিয়ান্ ও আষ্ট্রিয়ান্ ও
বাবেরিয়ান্ এবং ইংলিশ্‌জাতিরদিগের
কর্ত্তৃক ফ্রান্সদেশাক্রমণ হওয়াতে নেপো-
লিয়ান্ রাজা রাজত্ব পরিত্যাগ করত
এল্বানামক উপদ্বীপে প্রস্থান করিলে
বোর্বোঁ বংশীয়েরা ফ্রান্স দেশে পুনর্ব্বার
রাজা হয়েন।

১৮১৫ এল্বা উপদ্বীপহইতে ফ্রান্সদেশে নেপো-
লিয়ান্ রাজার প্রত্যাগমন করাতে
বোর্বোঁ বংশীয় রাজা পলায়ন করেন কিন্তু
ইহার তিন মাস পরে ওয়াটর্লুনামক
স্থানের যুদ্ধে ওএলিংটন্ ও ব্লুচরের
জয়ী হওয়াতে তাঁহাকে আমেরিকানামক
মহাদ্বীপে গমনার্থ ডিঙ্গারোহণ করিতে
হইয়াছিল পরন্তু ইংলণ্ডীয় ডিঙ্গায়

সৈন্যেরদিগের সহিত যুদ্ধে তিনি পরাস্ত হইয়া আপনাকে তাহারদিগের হস্তে সমর্পণ করিলে তাহারা তাঁহাকে বন্দি করিয়া সেণ্টহেলিনানামক উপদ্বীপে প্রেরণ করে।

১৮১৬ ফোর্টএরি ও লেকচাম্প্লেন্ এবং নিউ অর্থাৎ নব্য আরিলিয়াম্সনামক স্থানে অনেক ঘোরতর সংগ্রামের পর ইংগ্লণ্ডী-য়েরদিগের ইউনাইটেড্ ষ্টেটস্ অর্থাৎ আমেরিকার উত্তরখণ্ডস্থ সম্মিলিত রা-জ্যেরদিগের সহিত সন্ধি হয়।

১৮১৭ বিউনস্আরিস্ ও চিলি এবং বিনিজিউলা নামক স্থানে সাধারণ কর্তৃক রাজশাসন সংস্থাপন হয়।

সমাপ্ত।

কলিকাতা ইণ্ডিজিনস্‌লিটেররি ক্লবের অধ্যক্ষের দিগের নাম।

শ্রী শিবচরণ ঠাকুর।

শ্রী অমলচন্দ্র গঙ্গোপাধ্যায়।

শ্রী অতুলচন্দ্র গঙ্গোপাধ্যায়।

শ্রী হেরম্বনাথ ঠাকুর।

শ্রী ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়।

শ্রী অবিনাশচন্দ্র গঙ্গোপাধ্যায়।

শ্রী শম্ভুচরণ ঠাকুর।

শ্রী জয়কৃষ্ণ শেঠ।

শ্রী জগচ্চন্দ্র রায়।

শ্রী রাধাকান্ত সেট।

শ্রী নসিরাম মিত্র।

শ্রী সুখময় রায়।